ত্রিপুরার প্রথম দৈনিক

# জাগরণ

THE FIRST DAILY OF TRIPURA

গৌরবের ৬৯ তম বছর

অনলাইন সংস্করণ ঃ www.jagarandaily.com

JAGARAN ■31 March, 2023 ■আগরতলা ৩১ মার্চ, ২০২৩ ইং ■ ১৬ চৈত্র ১৪২৯ বঙ্গাব্দ, শুক্রবার ■ RNI Regn. No. RN 731/57 ■ Founder : J.C.Paul ■ মূল্য ৩.৫০ টাকা ■ আট পাতা







## জি-২০ বিজ্ঞান সম্মেলনের প্রস্তুতি পর্যালোচনা মুখ্যমন্ত্রীর



জি২০ সম্মেলনের প্রস্তুতি পর্যালোচনা করলেন মুখ্যমন্ত্রী প্রফেসার ডাঃ মানিক সাহা।

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ৩০ মার্চ।।** আগামী ৩-৪ এপ্রিল আগরতলায় অনুষ্ঠিতব্য জি-২০ বিজ্ঞান সম্মেলনের প্রস্তুতি নিয়ে মুখ্যমন্ত্রী প্রফেসর (ডাঃ) মানিক সাহার সভাপতিত্বে আজ সচিবালয়ের ২নং সভাকক্ষে এক পর্যালোচনা সভা অনুষ্ঠিত হয়।সভায় মুখ্যমন্ত্রী আসন্ন জি-২০ বিজ্ঞান সম্মেলনকে সফল করে তোলার লক্ষ্যে যে সমস্ত প্রস্তুতি নেওয়া হয়েছে তা পর্যালোচনা করেন।

জি-২০ বিজ্ঞান সম্মেলনকে সার্বিক দিক দিয়ে সফল করে রাজ্যের সুনাম অক্ষুন্ন রাখতে সংশ্লিষ্ট দপ্তরগুলোকে আরও আন্তরিকতার সঙ্গে ও সম্মিলিতভাবে কাজ করার জন্য মুখ্যমন্ত্রী আহ্বান জানান। যে সমস্ত স্থানগুলি জি-২০- দেশের প্রতিনিধিগণ পরিদর্শন করবেন সেগুলিকে সুন্দর ও আকর্ষনীয় করে তোলার জন্য সংশ্লিষ্ট দপ্তরকে নির্দেশ দেন মুখ্যমন্ত্রী। পাশাপাশি আগরতলা শহরকে সৌন্দর্যায়ন ও পরিস্কার-পরিচ্ছন্ন রাখার উপরও মুখ্যমন্ত্রী গুরুত্ব আরোপ করেন।

সভায় শিল্প ও বাণিজ্য দপ্তরের সচিব অভিষেক চন্দ্রা জি-২০ সম্মেলনের প্রস্তুতি বিষয়ে জানান, হাঁপানীয়াস্থিত আন্তর্জাতিক মেলা প্রাঙ্গণের ইণ্ডোর প্রদর্শনী হলে জি-২০ বি'ান সম্মেলনের মূল অনুষ্ঠানটি আয়োজিত হবে।সেই লক্ষ্যে ইণ্ডোর প্রদর্শনী হলটিকে সাজিয়ে তোলা হচ্ছে।এই সম্মেলনের থিম হচ্ছে 'ক্লিন এনার্জি ফর এ গ্রীনার ফিউচার'। তিনি জানান,জি-২০-র প্রতিনিধিগণ ২ এপ্রিল, ☞ ৬ এর পাতায় দেখুন

## বেতাগায় দুই গাড়ীর মুখোমুখি সংঘর্ষে আহত ৪

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ৩০ মার্চ।।** আগরতলা-সাব্রুম জাতীয় সড়কে দুইটি গাড়ির মুখোমুখি সংঘর্ষে চারজন আহত হয়েছেন। তাঁরা বর্তমানে হাসপাতালে চিকিতাধীন রয়েছেন।

জানা গেছে, দক্ষিণ ত্রিপুরা জেলায় শান্তিরবাজার মহকুমায় বেতাগা সাইনবোর্ড এলাকায় টিআর০৮১৯৪৭ নম্বরের পণ্যবাহী ট্রাক এবং বুলেরু গাড়ির মুখোমুখি সংঘর্ষ হয়েছে। তাতে, বুলেরু গাড়ি জাতীয় সড়ক থেকে ছিটকে পার্শবর্তী বাড়িতে গিয়ে পড়েছে। ওই দুর্ঘটনায় বুলেরু গাড়ির চারজন যাত্রী গুরুতর আহত হয়েছেন। খবর পেয়ে দমকল কর্মীরা ছুটে এসে বিশ্বজিত দত্ত, তপন দশ, কমল সরকার এবং শঙ্কর দাসকে উদ্ধার করে ☞ ৬ এর পাতায় দেখুন

## বিধানসভায় নীল ছবি, বিধায়ক যাদবকে শোকজ বিজেপির বরখাস্তের দাবী মথার

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ৩০ মার্চ।।** পবিত্র বিধানসভার বিধায়ক যাদব লাল নাথ অধিবেশন চলাকালীন সময়ে নীল ছবির ক্লিপিং দেখছিলেন। এই ধরনের ঘটনা তীব্র নিন্দা জানায় তিপ্রা মথা দল।বৃহস্পতিবার সাংবাদিক সম্মেলন করে এই বিষয়গুলি উত্থাপন করেন বিরোধী দলনেতা অনিমেষ দেববর্মা।

তিনি আরো বলেন পবিত্র বিধানসভায় সভ্য জগতে মানুষের স্বার্থে কথা না বলে একজন বিধায়ক এভাবে নীল ছবির ক্লিপিংস দেখবেন তা অত্যন্ত নিন্দনীয় ☞ ৬ এর পাতায় দেখুন

### বড়মুড়ার অনশন আন্দোলন সম্পর্কে জানেন না দলীয় নেতৃত্বরা

## হিমন্তবিশ্ব শর্মার সাথে বৈঠকে সন্তুষ্ট মথা, জানালেন অনিমেষ

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ৩০ মার্চ।।** কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহের প্রতিনিধি হিসেবে আসামের মুখ্যমন্ত্রী হিমন্ত বিশ্ব শর্মা ও তিপ্রা মথার সুপ্রিমো প্রদ্যোত কিশোর দেববর্মণ, সভাপতি বিজয় রাঙ্খল, বিধায়ক বৃষকেতু দেববর্মার সাথে আলোচনা করেছেন। আসমের মুখ্যমন্ত্রীর বিশদ আলোচনা শুনে বৃহস্পতিবার বিধানসভায় আয়োজিত সাংবাদিক সম্মেলনে বিরোধী দলনেতা অনিমেষ দেববর্মা জানান হিমন্ত বিশ্ব শর্মার সাথে বৈঠকে সন্তুষ্ট তিপ্রা মথা।



আগরতলায় সাংবাদিক সম্মেলনে বক্তব্য রাখেন তিপ্রা মথা নেতা তথা বিরোধী দলনেতা অনিমেষ দেববর্মা।

বিরোধী দলনেতা অনিমেষ দেববর্মা বলেন ত্রিপুরারকে প্রগতিশীল করতে এবং চির শান্তির জন্য প্রতিটি অংশের মানুষ যেন তার নিজস্ব অধিকার নিয়ে থাকতে পারে তার জন্য ভারত সরকার কি কি উদ্যোগ নিচ্ছে সেই বিষয়ে উল্লেখ করেছেন আসামের মুখ্যমন্ত্রী। পাশাপাশি জাতি জনজাতিদের মধ্যে যাতে কোন ধরনের বিভেদ এবং সংঘাত তৈরি না হয় তার জন্য কেন্দ্রীয় সরকার একটি রোড ম্যাপ তৈরি করছে। পাশাপাশি ধৈর্য ধরার জন্য বলেছেন।

এদিকে, বড়মুড়া পাহাড়ে দলের কর্মী সমর্থকরা যে জেসিবি দিয়ে পাহাড় কেটে অনশন মঞ্চ তৈরীর উদ্যোগ গ্রহণ করেছিল বুধবার এই অনশন কি চলবে, এই ব্যাপারে অনিমেষ দেববর্মা জানিয়েছেন অনশন করা হবে এই সব ব্যাপারে দলের নেতৃত্ব কিছুই জানেন না।

প্রসঙ্গত, গতকাল তিপ্রা মথার কিছু কর্মী বড়মুড়া পাহাড়ে রাস্তার পাশে পাহাড়ের মাটি কেটে সমান করে অনশন মঞ্চ তৈরীর উদ্যোগ নেয়।এই ব্যাপারে ছবি সহা সংবাদ এই পত্রিকায় প্রকাশিত হয়েছে। শুধু তাই নয়, জেসিবি দিয়ে মাটি কাটার ☞ ৬ এর পাতায় দেখুন

## ১০৩২৩ শিক্ষকদের চাকুরীর ব্যবস্থা করার সুপারিশ সরকার গঠিত উপদেষ্টা কমিটির

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ৩০ মার্চ।।** গত জানুয়ারি মাসে ১০৩২৩ ইস্যুতে রাজ্য সরকার একটি তিন সদস্যক অ্যাডভাইজারি কমিটি গঠন করে। ৩১ মার্চের মধ্যে রিপোর্ট পেশ করার নির্দেশ দেয়।ইতিমধ্যেই প্রাক্তন বিচারপতি এ বি পাল কমিটি গঠন নিয়ে আপত্তি জানিয়ে তার নিজস্ব মতামত তুলে ধরেছিলেন। বাদবাকি কমিটির ২ সদস্য অবসরপ্রাপ্ত আইএফএস আধিকারিক প্রসেনজিৎ বিশ্বাস এবং আইনজীবী চন্দ্রশেখর সিনহা অবশেষে নির্দিষ্ট সময়ের আগেই রিপোর্টটি মুখ্যমন্ত্রীকে জমা দেন।

বুধবার দুপুরে দুই সদস্যক অ্যাডভাইজারি কমিটির সদস্যরা ১০৩২৩ ইস্যুতে সরকারের কাছে ইতিবাচক রিপোর্ট জমা দেয়। আইনজীবী চন্দ্রশেখর সিনহা বলেন ১০৩২৩ এর সমস্যা একটি জ্বলন্ত সমস্যা। হাইকোর্ট থেকে এই মামলা গড়ায় সুপ্রিম কোর্ট পর্যন্ত। শেষ পর্যন্ত সুপ্রিম কোর্ট ২০২০ সালের ৫ আগস্ট সমস্ত মামলাগুলিকে একত্রিত ☞ ৬ এর পাতায় দেখুন

## সালেমা বাজারের গোডাউনে আগুন প্রচুর ক্ষয়ক্ষতি

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ৩০ মার্চ।।** : বিধ্বংসী অগ্নিকান্ডে সর্বস্বান্ত ব্যবসায়ী। বৃহস্পতিবার দুপুরে আচমকা আগুন লাগে সালেমা বাজারের প্রতিষ্ঠিত ব্যবসায়ী তথা অভিনন্দন স্টোর্স-র মালিক বিষ্ণু দেবনাথের গোডাউনে। প্রাথমিক অনুমান, আগুনে ক্ষতির পরিমাণ প্রায় ১ কোটি টাকা।

এদিন দুপুর একটা নাগাদ সালেমা বাজারে স্থানীয় মানুষ লক্ষ্য করেন অভিনন্দন স্টোর্সের পেছনে তিনটি গোডাউন থেকে ধোঁয়া বের হচ্ছে। সাথে সাথে খবর দেওয়া হয় সালেমা দমকল বাহিনীকে। কিন্তু তাদের প্রচেষ্টায় আগুন নিয়ন্ত্রণে আনা সম্ভব হয়নি। তখন কমলপুর এবং আমবাসা থেকেও ছুটে আসে দমকলের ইঞ্জিন। কিন্তু আগুণ পুরো নিয়ন্ত্রণে আনার আগেই তিনটি ইঞ্জিনের জল ফুরিয়ে যায়। তখন পার্শবর্তী জলাশয় থেকে জল নিয়ে আগুন নেভাতে চেষ্টা করে দমকল। প্রায় দেড় ঘন্টা প্রচেষ্টার পর আগুণ নিয়ন্ত্রণে আনা সম্ভব হয়েছে।

তবে, অগ্নিকান্ডের সূত্রপাত কেউ বলতে পারেননি। প্রাথমিকভাবে অনুমান, অগ্নিকান্ডে ওই ব্যবসায়ীর ১ কোটি টাকারহয়েছে। ঘটনাকে কেন্দ্র করে ধলাই জেলার সালেমা বাজারের ব্যবসায়ীদের মধ্যে আতঙ্ক ছড়িয়েছে। প্রসঙ্গত, চলতি বছরের প্রথম দিক থেকেই প্রচুর অগ্নিকান্ডের ঘটনা ঘটছে। দমকল বিভিাগ থেকে এবছরে অগ্নিকান্ডের ঘটনা বিগত বছরের তুলনায় বেশী বলে জানানো হয়েছে।

### মানসিক ভারসাম্যহীন ব্যক্তির আক্রমণে গুরুতর এক

## নামাজ চলাকালে ছেলের দায়ের কোপে রক্তাক্ত বাবা

**নিজস্ব প্রতিনিধি, উদয়পুর/ বিশালগড়, ৩০ মার্চ।।** নামাজ চলাকালে ছেলের দায়ের কোপে রক্তাক্ত বাবা।ছেলের হাতে বাবা আক্রান্ত। বর্তমানে বাবা চিকিৎসাধীন গোমতী জেলা হাসপাতালে। আবারও অবক্ষয়ের এই চিএ ফুটে উঠল উদয়পুর রাধাকিশোরপুর থানাধীন টাউন সোনামুড়া এলাকায়। দুপুরের কিছুটা সময়ের পর টাউন সোনামুড়া এলাকায় বাসিন্দা রসিদ মিয়া স্নান সেরে নামাজ পড়ছিলেন।এমন সময় হঠাৎ উনার ছেলে মহরম আলী হাতে বিশাল এক লাঠি নিয়ে এসে বাবা রসিদ মিয়াকে মাথায় আঘাত করে।



হাসপাতালে চিকিৎসাধীন আহত রসিদ মিয়া। ছবি নিজস্ব।

কিছু বুঝে ওঠার আগেই মাটিতে লুটিয়ে পড়েন তিনি। বাড়ির লোকজন এসে দেখেন রসিদ মিয়া মাটিতে পড়ে রয়েছেন। সারা শরীরে রক্তে ভিজে গেছে। সঙ্গে সঙ্গে খবর দেওয়া হয় রাধাকিশোর পুর থানায়। পুলিশ ঘটনাস্থলে আসার আগেই রসিদ মিয়াকে গোমতী জেলা হাসপাতালে নিয়ে যাওয়া হয়। বর্তমানে ☞ ৬ এর পাতায় দেখুন

## বিএমএসের দুই গোষ্ঠীর মতবিরোধ চন্দ্রপুরে জাতীয় সড়ক অবরোধ

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ৩০ মার্চ।।** রাতের আঁধারে চন্দ্রপুর স্থিত বিএমএস'র প্রধান কার্যালয় লুটপাট করে জবর দখল করে নিয়েছে বিপ্লব কর গোষ্ঠী। এমটাই অভিযোগ তুলেছেন অসীম দত্ত গোষ্ঠী। এরই প্রতিবাদে বৃহস্পতিবার সকালে অসম-আগরতলা জাতীয় সড়ক অবরোধ করেন শ্রমিকরা। তাঁদের দাবি, শ্রমিকদের কার্যালয়ে স্বাধীন ভাবে কাজ করার সুযোগ দেওয়া এবং বিপ্লব কর গোষ্ঠীর বিরুদ্ধে অতিসত্বর ব্যবস্থা গ্রহণ করা হোক। ওই অবরোধের জেরে রাস্তার দুই পাশে বহু যানচলাচল স্তব্ধ হয়ে পড়ে। অবশেষে প্রশাসনের হস্তক্ষেপে অবরোধ প্রত্যাহার করেন কর্মীরা।



চন্দ্রপুরে জাতীয় সড়ক অবরোধ বিএমএসের একটি গোষ্ঠীর। ছবি নিজস্ব।

বিএমএস''র ত্রিপুরা প্রদেশের সহ সভাপতি অসীম দত্ত জানিয়েছেন, আগামী তিন বছরের জন্য চন্দ্রপুর আইএসবিটির লিজ পেয়েছে নতুন কমিটি। নতুন এই কমিটির সভাপতি হিসেবে নির্বাচিত হয়েছনে বিপ্লব কর ও সহ সম্পাদক হিসেবে মনোনীত হয়েছেন বিশ্বজিৎ রায়। তাঁর অভিযোগ, মঙ্গলবার রাতে বিপ্লব কর ও বিশ্বজিৎ রায়ের নেতৃত্বে কর্মীরা চন্দ্রপুর স্থিত বিএমএস'র প্রধান কার্যালয়ের তালা ভেঙে লুটপাট করে জবর দখল করে নিয়েছে। তিনি আরো জানিয়েছেন, এ বিষয়ে পূর্ব থানায় মামলা ☞ ৬ এর পাতায় দেখুন

## রামনগরে ফ্ল্যাট থেকে একসাথে তিনটি বাইক চুরি, অন্ধকারে হাতরাচ্ছে পুলিশ

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ৩০ মার্চ।।** রাজধানী আগরতলা শহরের নিরাপত্তা বলয়ের মধ্যেই গতকাল রাতে একটি ফ্ল্যাট থেকে তিনটি বাইক চুরি করে নিয়ে গেছে চোরেরা। ঘটনাকে কেন্দ্র করে জনগণের তীব্র আতঙ্কের সৃষ্টি হয়েছে।।

রাজধানী আগরতলা শহরের রামনগর এক নং রোডের রবীন্দ্র রেসিডেন্সি ফ্ল্যাট থেকে গতকাল রাতে তিনটি বাইক চুরি করে নিয়ে গেছে চোরের দল। ঘটনার খবর ছড়িয়ে পড়তেই রামনগর এলাকায় তীব্র আতঙ্কে সৃষ্টি হয়। নিরাপত্তা নিয়ে সংশয়ে পড়েছেন এলাকার জনগণ। উল্লেখ্য গত কয়েকদিন আগে পুলিশ আগরতলা শহর এলাকায় চুরির ছিনতাই এর ঘটনায় জড়িত বেশ কয়েকজনকে আটক করেছিল। এমনকি তাদের কাছ থেকে প্রচুর পরিমাণ চুরি যাওয়া



বাইক চুরির তদন্তে রামনগরের ফ্ল্যাটে গেল পুলিশ। ছবি নিজস্ব।

জিনিসপত্র উদ্ধার হয়েছিল। বর্তমানে তারা জেল হাজতে। পুলিশ দাবি করেছিল এই চোর চক্রকে ধরার ফলে আগরতলা শহর এলাকায় চুরির ঘটনা হ্রাস পাবে।

পুলিশের এই আত্মবিশ্বাসকে চ্যালেঞ্জ জানিয়ে গতকাল রাতে রামনগর এক নম্বর রোডে একটি ফ্ল্যাট থেকে একই সাথে তিনটি বাইক চুরি করে নিয়ে গেছে চোরেরা। রাজধানী আগরতলা শহর ☞ ৬ এর পাতায় দেখুন

## জ্বালানির ট্যাঙ্কারে উদ্ধার ৬ কোটি টাকার গাঁজা, গ্রেফতার দুই

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ৩০ মার্চ।।** নেশা বিরোধী অভিযানে বড়সড় সাফল্য পেয়েছে পেঁচারথল থানার পুলিশ। গোপন সংবাদের ভিত্তিতে তেলের ট্যাঙ্কারে তল্লাশি চালিয়ে প্রায় তিন হাজার কেজি গাঁজা বাজেয়াপ্ত করেছে আরক্ষা বাহিনী। সাথে গাড়ির চালক ও সহ চালককে আটক করা হয়েছে বলে জানিয়েছেন ঊনকোটি জেলা পুলিশ সুপার কান্তা জাহাঙ্গীর। উদ্ধারকৃত গাঁজার আনুমানিক বাজার মূল্য ছয় কোটি টাকা হবে বলে জানিয়েছেন তিনি।

ঊনকোটি জেলা পুলিশ সুপার কান্তা জাহাঙ্গীর জানিয়েছেন, গোপন সংবাদের ভিত্তিতে পেচারঁথল থানায় খবর আসে গাড়ি করে প্রচুর পরিমান গাঁজা গুয়াহাটির উদ্দেশ্য রওনা হবে। সেই মোতাবেক কুমারঘাট মহকুমা পুলিশ আধিকারিক কমল দেববর্মার নেতৃত্ব পেচারঁথল থানার পুলিশ বৃহস্পতিবার সকালে ৮ নং অসম-আগরতলা জাতীয় সড়কে নাকা চেকিংয়ে বসেছিল।

আগরতলা থেকে ট্যাঙ্কারটি পেঁচারথলের নাকা চেকিংয়ে আসা মাত্রই আটক করে তল্লাশি চালিয়েছে। তাতে তল্লাশি চালিয়ে প্রায় তিন হাজার কেজি গাঁজা উদ্ধার করা সম্ভব হয়েছে বলে জানিয়েছেন তিনি। যার বাজারমুল্য আনুমানিক ছয় কোটি টাকা হবে। সাথে তিনি আরও জানিয়েছেন, গাড়ির চালক মধ্য কল্যাণপুর এলাকার বাসিন্দা প্রিয়লাল দেববর্মা (২৬) ও সহ চালক মান্দাই এলাকার বাসিন্দা পরেশ দের্ববমাকে আটক করা হয়েছে। পেচারঁথল থানার পুলিশ তাদের বিরুদ্ধে এনডিপিএস ধারায় মামলা হাতে নিয়ে তদন্ত শুরু করছে বলে জানিয়েছেন তিনি।



জাগরণ আগরতলা ◘ বর্ষ-৬৮ ◘ সংখ্যা ১৬৯ ◘ ৩১ মার্চ ২০২৩ ইং ◘ ১৬ চৈত্র ◘ শুক্রবার ◘ ১৪২৯ বঙ্গাব্দ

# ধর্মের রাজনীতি বন্ধ হইলেই থামিবে ঘৃণাভাষণ

রাজনৈতিক দলগুলোর নির্দিষ্ট কিছু নেতার ঘৃণাভাষণ রাজনীতির সার্বিক মানকে টানিয়া নামাইতেছে বলিয়া গভীর উদ্বেগ প্রকাশ করিল সুপ্রিম কোর্ট। এই প্রসঙ্গে ভারতের প্রথম প্রধানমন্ত্রী জওহরলাল নেহরু এবং দশম প্রধানমন্ত্রী অটলবিহারী বাজপেয়ীর প্রসঙ্গ টানিয়া শীর্ষ আদালতের বক্তব্য, তাহাদের মতো সুবক্তাদের ভাষণ শুনিতে গ্রাম থেকেও লোক আসিতেন।

আর এখন নেহরু-বাজপেয়ীদের জায়গা নিয়াছেন ঘৃণাভাষণকারীরা! শীর্ষ আদালতের মতে, যে মুহূর্তে রাজনীতি এবং ধর্মকে আলাদা করা হইবে এবং রাজনীতিকরা ধর্মের রাজনীতি করা বন্ধ করিবেন, তখন ঘৃণা ভাষণ আপনিই থামিয়া যাইবে। ঘৃণাভাষণের বিরুদ্ধে একাধিক রাজ্য ব্যবস্থা নেয়নি, এই অভিযোগে দায়ের হইয়াছে একাধিক মামলা। তাহার শুনানি চলিতেছে বিচারপতি কে এম জোসেফ এবং বিচারপতি বি ভি নাগরত্নের বেঞ্চে।

বিচারপতিদের বক্তব্য, ”ঘৃণাভাষণ সব দলে, সব ক্যাম্পেই দেখা যাইতেছে। এটা একটা দুষ্টচক্রের মতো, যাহা ক্রিয়া-প্রতিক্রিয়ার মতো চলিতেই থাকে। আর তাহার ফলে কোথায় পৌঁছয়াছি আমরা? আগে পণ্ডিত জওহরলাল নেহরু, অটল বিহারী বাজপেয়ীর মতো সুবক্তারা ছিলেন। তাঁহারা মাঝরাতে বক্তৃতা দিলেও গ্রাম থেকে মানুষ শুনিতে আসিতেন।

আর এখন সব দলের কিছু নেতা এ ধরনের বিদ্বেষমূলক মন্তব্য করিতেছেন। এই অসহিষ্ণুতা জ্ঞান এবং শিক্ষার অভাব থেকেই আসে।” বিচারপতিদের মতে, যে মুহূর্তে রাজনীতি ও ধর্মকে পৃথক করা হইবে এবং রাজনীতিকরা ধর্মের নামে রাজনীতি বন্ধ করিবেন, ঘৃণাভাষণ পুরোপুরি থামিয়া যাইবে।মতভেদ, বিভিন্নতা মানিয়া নেওয়াই সহিষ্ণুতা।” এর মধ্যে, ”হিন্দু ফ্রন্ট ফর জাস্টিস”-এর তরফে আইনজীবী বিষ্ণু জৈন মন্তব্য করেন, ধর্মীয় মিছিল করিবার অধিকার তাঁহাদের আছে। বিচারপতি নাগরত্নের বক্তব্য, ”মিছিল করিবার অধিকার থাকিতেই পারে, কিন্তু মিছিলের নামে আপনারা যেটা করেন, সেটা গ্রহণযোগ্য নয়।”

বিদ্বেষ মূলক বক্তৃতা নিয়া রাজ্য সরকারগুলিকে নিশানা করিল সুপ্রিম কোর্ট। এব্যাপারে রাজ্য সরকারগুলি ব্যর্থ বলিয়াও মন্তব্য করিয়াছে দেশের সর্বোচ্চ আদালত। বিচারপতি কেএম জোসেফ বিদেমূলক বক্তৃতা নিয়া রাজনীতিবিদদের নিশানা করিয়া বলিয়াছেন, তাঁহারা এইধরনে কথা বলেন বলিয়াই এইসব ঘটিতেছে। তিনি বলিয়াছেন, রাজনীতিতে ধর্মকে ব্যবহার করিবেন না। রাজনীতি থেকে ধর্মকে আলাদা করিলেই বিদ্বেষমূলক বক্তৃতা শেষ হয়ে যাইবে। অপর বিচারপতি বিভি নাগারথনাও আদালতের সামনে আনা বিদ্বেষপূর্ণ বক্তৃতা নিয়া দুঃখপ্রকাশ করিয়াছেন।বিচারপতি নাগারথনা বলিয়াছেন, মিছিল করিবার অধিকার রহিয়াছে বলিয়া মিছিল থেকে যাহা খুশি করাটা আলাদা। তিনি আরও বলিয়াছেন, হিন্দু সংগঠনের পক্ষে এক আইনজীবী যুক্তি দিয়াছেন বেঞ্চের সামনে করা আবেদনে তাহাদের ধর্মীয় অনুশীলন রোধ করিবার চেষ্টা করা হইতেছে। বিচারপতি আরও বলিয়াছেন দেশের নাগরিকরা কেন অন্যকে গালাগালি না দেওয়ার শপথ নিতে পারে না। বিচারপতি জোসেফ বলিয়াছেন, একজন মানুষের কাছে সব থেকে গুরুত্বপূর্ণ বিষয় হইল তাঁর মর্যাদা। সেখানে যদি প্রতিদিন মর্যাদা নষ্ট করা হয় কিংবা বলা হয় পাকিস্তান চলিয়া যাও, সেটা যাঁহারা এদেশে রহিঢয়াছেন, তাঁহাদের কাছে মর্যাদা হানিকর। সব লোকেরাই আমাদের ভাই-বোন। এখানে রাষ্ট্র কিছুই করিতেছে না বলিয়াও মন্তব্য করেন বিচারপতি। বিচারপতি জোসেফ বলিয়াছেন, ভারত এমন একটি দেশ, যেখানে বহু-সংস্কৃতি সমগ্র বিশ্বকে আলোকিত করে। এটা আমাদের সাংস্কৃতির উত্তরাধিকার । এই অধিকার ও মর্যাদা রক্ষা করিতে হইবে।

## রামনবমী উপলক্ষ্যে শোভাযাত্রা খড়িবাড়িতে

খড়িবাড়ি, ৩০ মার্চ (হি. স.) : রামনবমী উপলক্ষ্যে বৃহস্পতিবার খড়িবাড়িতে একটি বর্ণাঢ্য ধর্মীয় শোভাযাত্রা ও বাইক র‍্যালির আয়োজন করা হয়। শোভাযাত্রায় অপ্রীতিকর ঘটনা এড়াতে র‍্যাফসহ বিশাল পুলিশি ব্যবস্থা ছিল। শোভাযাত্রার জেরে খড়িবাড়ির বিভিন্ন রাস্তায় ব্যাপক যানজট সৃষ্টি হয়। নাকাল হতে হয় সাধারণ মানুষকে। খড়িবাড়ি রামনবমী মহোৎসব সমিতি এই ধর্মীয় শোভাযাত্রার আয়োজন করে। এদিন সকাল সাড়ে ১১টা নাগাদ খড়িবাড়ি থানঝোরা মোড় থেকে শোভাযাত্রাটি শুরু হয়ে খড়িবাড়ি, অধিকারী, বাতাসি ও পানিট্যাঙ্কি হয়ে নকশালবাড়ির উদ্দেশ্যে রওনা হয়। রামনবমীকে কেন্দ্র করে খড়িবাড়ি রামনবমী মহোৎসব সমিতির সদস্যদের মধ্যে এদিন ব্যাপক উন্মাদনা ছিল। প্রচুর মানুষ এদিন শোভাযাত্রায় যোগ দেন। শোভাযাত্রায় শামিল হন বিশ্বহিন্দু পরিষদসহ বিভিন্ন রাজনৈতিক দলের নেতাকর্মীরা। শোভাযাত্রা নিয়ন্ত্রণে নেতৃত্ব দেন অতিরিক্ত পুলিশ সুপার মনোরঞ্জন ঘোষ, কার্শিয়াংয়ের এসডিপিও রুদ্র নারায়ণ সাউ, খড়িবাড়ি থানার ওসি সুদীপ বিশ্বাস প্রমুখ।

## জি-২০ : কেরলের কোট্টায়ামে শুরু দ্বিতীয় শেরপা বৈঠক, গান্ধীনগরে দুর্যোগ নিয়ে কর্মীগোষ্ঠীর প্রথম মিটিং

কোট্টায়াম ও গান্ধীনগর, ৩০ মার্চ (হি.স.): ভারতের জি-২০ সভাপতিত্বে এই গোষ্ঠীর দ্বিতীয় শেরপা বৈঠক বৃহস্পতিবার কেরলের কোট্টায়ামের কুমারাকম গ্রামে শুরু হয়েছে। ভারতের জি-২০ শেরপা অমিতাভ কান্ত চারদিনব্যাপী এই বৈঠকে পৌরোহিত্য করেন। জি-২০-র সদস্য দেশ, বিভিন্ন আন্তর্জাতিক ও আঞ্চলিক সংস্থা এবং আমন্ত্রিত দেশগুলির ১২০ জন প্রতিনিধি এতে অংশ নেন। অর্থনৈতিক ও উন্নয়নমূলক বিষয়ের পাশাপাশি সমসাময়িক বিশ্বের বিভিন্ন চ্যালেঞ্জ নিয়ে এখানে আলোচনা হয়েছে। বৈঠকের ফাঁকে ডিজিটাল পাবলিক ইনফ্রাস্ট্রাকচার এবং গ্রিন ডেভেলপমেন্ট শীর্ষক দুটি অনুষ্ঠানেরও আয়োজন করা হয়েছে। এদিকে, জি-২০-র দুর্যোগের ঝুঁকি হ্রাস সংক্রান্ত কর্মীগোষ্ঠীর প্রথম বৈঠক এদিন গুজরাটের গান্ধীনগরে শুরু হয়েছে। প্রধানমন্ত্রীর মুখ্য সচিব ডঃ পি কে মিশ্র এবং যোগাযোগ প্রতিমন্ত্রী দেবুসিং চৌহান বৈঠকের উদ্বোধন করেন।

## রামনবমী উপলক্ষে রামসেনার উদ্যোগে মিছিল হাওড়ায়

হাওড়া, ৩০ মার্চ (হি. স.) : রামনবমী উপলক্ষে রামসেনার উদ্যোগে মিছিল হয় হাওড়ায়। মিছিলে পা মেলান বিজেপি নেতা তথা কলকাতা পুরসভার বিজেপি কাউন্সিলর সজল ঘোষ। রামসেনার উদ্যোগে বৃহস্পতিবার সকালে এক শোভাযাত্রার আয়োজন করা হয়। মধ্য হাওড়ার খুরুট মোড় থেকে শুরু হয় ওই শোভাযাত্রা। এরপর ওই শোভাযাত্রা নেতাজি সুভাষ রোড, ঘোষপাড়া, দালালপুকুর, নতুন রাস্তা মোড়, রামচরণ শেঠ রোডের সাঁতরাগাছি মোড় হয়ে রামরাজাতলার রামমন্দিরে এসে শেষ হয়। রামসেনার পক্ষ থেকে কর্মীরা রামমন্দিরে পুজো দেন। ওই মিছিলে রামসেনানীদের সঙ্গে পা মেলান সজল ঘোষ ছাড়াও রাজ্য বিজেপির নেতা সঞ্জয় সিং ও উমেশ রাই সহ অন্যান্য নেতৃত্ব। রামনবমী উপলক্ষে তরোয়াল হাতে নিয়ে অস্ত্র মিছিলে অংশ নিতে দেখা যায় বিজেপি নেতাদের। যদিও বিজেপি নেতাদের দাবি এটা অস্ত্র মিছিল নয়। ধর্মীয় পরম্পরা মেনে মিছিল।

# আফগানিস্তানের নারীশিক্ষা

**বিশেষ প্রতিবেদন।।** ‘স্কুলে যাব এই স্বপ্ন নিয়ে রোজ ঘুম থেকে জেগে উঠি। তারা (তালেবান) বলেই যাচ্ছে, স্কুল খুলে দেবে। কিন্তু এভাবে প্রায় দুই বছর পেরিয়ে গেছে। আমি তাদের বিশ্বাস করি না। বিষয়টি আমার হৃদয় ভেঙে দেয়।’ ১৭ বছর বয়সী আফগান কিশোরী হাবিবা স্কুলে যেতে না পারার আক্ষেপ নিয়ে এসব কথা বলেছে। আফগানিস্তানে ক্ষমতাসীন গোষ্ঠী তালেবান দেশটির মেয়েশিক্ষার্থীদের শিক্ষাপ্রতিষ্ঠানে যাওয়া বন্ধ করে দিয়েছে। হাবিবা ও তার সাবেক সহপাঠী মাহতাব ও তামানা দেশটির লাখো কিশোরীর মতোই স্কুলে যেতে পারছে না। নারীদের শিক্ষাপ্রতিষ্ঠানে যাওয়া বন্ধ করে দেওয়া একমাত্র দেশ এখন আফগানিস্তান। হাবিবা, মাহতাব ও তামানারা প্রায় দেড় বছর ধরে স্কুলে যেতে না পারলেও সেই কষ্ট যেন এখন কাঁচা রয়ে গেছে।মেয়েরা জানিয়েছে, তারা ভয় পাচ্ছে যে, তাদের সঙ্গে যা ঘটছে, তা নিয়ে বিশ্বব্যাপী শুরু হওয়া বিক্ষোভ ম্লান হয়ে যাচ্ছে। অথচ তারা প্রতিদিন এসব যন্ত্রণাকে সঙ্গে নিয়ে বেঁচে আছে। চলতি সপ্তাহে মেয়েদের ছাড়াই একটি স্কুলে পড়াশোনা শুরু হয়েছে। এটা তাদের আরও যন্ত্রণা দিচ্ছে।

তামানা বলেছে, ‘যখন দেখি ছেলেরা স্কুলে যাচ্ছে, যা খুশি, তা-ই করছেএটা আমাকে সত্যি অনেক কষ্ট দিচ্ছে। আমার খুব খারাপ লাগে। যখন আমার ভাইকে স্কুলে যাওয়া দেখি, তখন আমি ভেঙে পড়ি।’ এসব কথা যখন তামানা বলছিল, তখন তার কণ্ঠ কেঁপে উঠছিল, চোখ থেকে পানি গড়িয়ে পড়ছিল।তামানা আরও বলেছে, ‘শুরুতে ভাই আমাকে ছাড়া স্কুলে যেতে চাইত না। আমি তাকে জড়িয়ে ধরে বলতাম, তুমি এখন যাও। পরে তোমার সঙ্গে যাব। লোকজন আমার মা-বাবাকে বলেন, আপনাদের তো ছেলে আছে। তাই কোনো চিন্তা করবেন না। আমি চাই, একই ধরনের অধিকার আমারও থাকুক।’

স্কুল আবারও খোলার ব্যাপারে তাদের একটু আশা ছিল। কিন্তু তালেবান সরকারের নারীদের ওপর আরোপিত ক্রমবর্ধমান বিধিনিষেধের কারণে সেই আশা আর নেই। হাবিবা বলেছে, শুরুতে একটু স্বাধীনতা ছিল, কিন্তু ধীরে ধীরে তা বদলে গেছে। তালেবানের নিষেধাজ্ঞার আওতায় প্রথমে মাধ্যমিক বিদ্যালয় বন্ধের নির্দেশ আসে ২০২১ সালের ডিসেম্বরে। তখন তালেবান নির্দেশ দিয়েছিল, ৭২ কিলোমিটারের বেশি ভ্রমণ করলে নারীদের অবশ্যই একজন পুরুষ আত্মীয়ের সঙ্গে যেতে হবে। ২০২২ সালের মার্চে মাধ্যমিক স্কুলগুলো মেয়েদের জন্য আবার খুলে দেওয়ার ঘোষণা দেয়ে তালেবান সরকার। এর দুই মাসেরও কম সময় পরে একটি ডিক্রি পাস করা হয়। ওই ডিক্রিতে বলা হয়, নারীদের মাথা থেকে পা পর্যন্ত ঢেকে রাখবে এমন পোশাক পরতে হবে। তাদের মুখও পর্দা দিয়ে ঢেকে রাখতে হবে। আর নভেম্বরে নারী ও মেয়েদের পার্ক, জিম ও সুইমিংপুলে যাওয়ার ওপর নিষেধাজ্ঞা দেওয়া হয়। বিশ্ববিদ্যালয়ে মেয়েদের অর্থনীতি, প্রকৌশল ও সাংবাদিকতার মতো বিষয় বেছে নিয়ে পড়াশোনা করার কোনো অনুমতি ছিল না।

এর এক মাস পরই সবচেয়ে বড় নির্দেশনাটা আসে। ওই নির্দেশনায় নারী শিক্ষার্থীদের জন্য বিশ্ববিদ্যালয়ের দ্বার বন্ধ করে দেওয়া হয়। পাশাপাশি স্বাস্থ্য খাত ছাড়া নারীদের দেশীয় ও আন্তর্জাতিক সংস্থায় কাজ করা নিষিদ্ধ ঘোষণা করা হয়। মাহতাব এ বিষয়ে বলেছে, ‘যদি এ সীমাবদ্ধতা বাড়তেই থাকে, তাহলে আমি মনি করি না, এমন জীবন নিয়ে নারীদের বেঁচে থাকার দরকার আছে। মানুষ হিসেবে আমাদের মৌলিক অধিকার পাওয়ার সুযোগ নেই। আর শিক্ষা ছাড়া জীবনের কোনো অর্থ নেই। আমার মনে হয়, এমন জীবনের চেয়ে মৃত্যু ভালো।’ ২০২১ সালের আগস্টে তালেবান সরকার ক্ষমতায় আসার আগে যখন তৎকালীন সরকারের সঙ্গে লড়াই চালিয়ে যাচ্ছিল। এ লড়াইয়ে মে মাসে সাইয়িদ উল-সুহাদা স্কুলে বোমা বিস্ফোরণের ঘটনায় মাহতাব গুরুতর আহত হয়। মাহতাব বলেছে, ‘আমি ঘাড়, মুখ ও পায়ে আঘাত পেয়েছিলাম। সেগুলো খুব যন্ত্রণাদায়ক ছিল। কিন্তু তারপরও আমি পড়াশোনা চালিয়ে যেতে দৃঢ়প্রতিজ্ঞ ছিলাম। এমনকি আমি মধ্য বার্ষিকী পরীক্ষাতেও অংশ নিয়েছিলাম। কিন্তু তালেবান আসার পরই সবকিছু শেষ হয়ে গেল। তালেবানরা বলেছে, স্কুল ও বিশ্ববিদ্যালয়গুলোয় যতক্ষণ পর্যন্ত ‘উপযুক্ত পরিবেশ’ তৈরি না হবে, ততক্ষণ পর্যন্ত মেয়েদের জন্য তা সাময়িকভাবে বন্ধ রাখা হয়েছে। বিষয়টি নিয়ে তালেবানের মধ্যেই বিভক্তি রয়েছে। কিন্তু তাদের মধ্যে যাঁরা বিশ্বাস করেন যে মেয়েদের পড়াশোনার অনুমতি দেওয়া উচিত, তাঁদের কোনো প্রচেষ্টাই সফল হয়নি। অন্য বিধিনিষেধের বিষয়ে তালেবানরা বলছে, এসব বিধিনিষেধ তারা আরোপ করেছে কারণ, নারীরা হিজাব পরছিল না ও ইসলামী আইন অনুসরণ করছিল না। প্রদেশজুড়ে তালেবানের এ নিয়ম এক নয়। তবে এসব নিয়ম সর্বত্র ভয় ও বিভ্রান্তির সৃষ্টি করেছে। তামানা বলেছে, ‘আমরা সব সময় হিজাব পরি। এতে কোনো পার্থক্য হয় না। তারা কী বোঝাতে চায়, আমি বুঝতে পারি না।’ নারীদের সব স্থানে প্রকাশ্যে চলাফেরা সংকুচিত করায় কাবুলে নারীদের জন্য একটি গ্রন্থাগার প্রতিষ্ঠা করা হয়েছে। লায়লা বাসিম গ্রন্থাগারটির একজন সহপ্রতিষ্ঠাতা। গ্রন্থাগারটিতে কয়েক হাজার বই আছে। নারীরা এখানে বই পড়তে আসেন। কখনো পড়া ছাড়াও একে অপরের সঙ্গে দেখা করতেও আসেন। এতে ঘরবন্দী থাকার যন্ত্রণা থেকে তাঁরা কিছুটা সময় মুক্তি পান। বর্তমানে ওই গ্রন্থাগারটিও বন্ধ হয়ে গেছে। লায়লা বাসিম বলেন, ‘তালেবানরা দুবার গ্রন্থাগারটি বন্ধ করে দিয়েছিল। সে সময় এটি আবার খুলতেও পেরেছিলাম। কিন্তু দিন দিন হুমকি বাড়তে থাকে। নারীদের জন্য আমি কীভাবে গ্রন্থাগার খুলেছি, এ নিয়ে ফোন পেয়েছিলাম। একবার তাঁরা গ্রন্থাগারে এসে নারীদের বলেছিলেন, তাঁদের বই পড়ার কোনো অধিকার নেই। এভাবে গ্রন্থাগারটি চালানোর খুব ঝুঁকিপূর্ণ হয়ে উঠেছিল। এ কারণে আমাকে এটি বন্ধ করে দেওয়ার মতো অনিবার্য সিদ্ধান্ত নিতে হয়েছিল।’ লায়লা আরও বলেছেন, তিনি তালেবানের নীতির বিরুদ্ধে লড়াই করার জন্য উপায় খুঁজতে থাকবেন। তিনি আরও বলেন, ‘অবশ্যই আমি ভয় পাচ্ছি। তবে গ্রন্থাগার বন্ধ করে দেওয়া শেষ কথা নয়। আফগান নারীদের আওয়াজ বাড়াতে আরও নানা উপায় আছে। এটা কঠিন কাজ, এতে ত্যাগের প্রয়োজন হবে। কিন্তু আমরা এটা শুরু করেছি এবং এটার জন্য প্রতিশ্রুতিবদ্ধ।’ মীরার (ছদ্মনাম) বয়স চল্লিশের মাঝামাঝি। বিধবা। একটি গার্লস স্কুলে তিনি পরিচ্ছন্নতাকর্মী হিসেবে কাজ করতেন। এই আয় দিয়ে তিনি ১০ সদস্যের পরিবারে একটু সহায়তা করা চেষ্টা করেছিলেন। কিন্তু স্কুল বন্ধ হয়ে যাওয়ার সঙ্গে সঙ্গে তাঁর চাকরিও চলে যায়। এই অর্থনৈতিক সংকটের মধ্যে নতুন ও ভালো কোনো কাজও তিনি পাননি। এ কারণে বেঁচে থাকার জন্য বাধ্য হয়ে কাবুলের রাস্তায় ভিক্ষা করতে হচ্ছে তাঁকে। কান্নাজড়িত কণ্ঠে মীরা বলেন, ‘আমার মনে হয় যে আমি বেঁচে নেই। মানুষ জানে, আমার কিছুই নেই। এ কারণে তারা আমাকে সাহায্য করার চেষ্টা করে। মর্যাদাহীন জীবন যাপন করার চেয়ে মরে যাওয়া ভালো। যদি একদিন আলু পাই, আমি খোসা ছাড়িয়ে আলু রান্না করি। পরের দিন আবার পরিবারকে খাওয়ানোর জন্য ওই খোসাগুলো রান্না করি।’ এমন কষ্টের মধ্যেও মীরা চান, তাঁর মেয়ে যেন স্কুলে যেতে পারে। তিনি বলেন, ‘তারা যদি শিক্ষিত হতে পারে, তাহলে হয়তো চাকরি পেতে পারে। আমার এক মেয়ে আইন পড়তে চায়, আরেক মেয়ে ডাক্তারি পড়তে চায়। আমি ভিক্ষা করে হলেও তাদের পড়াশোনার খরচ জোগাড় করে দিতে চেয়েছি। কিন্তু তারা এখন বিশ্ববিদ্যালয়ে যেতে পারছে না। বিশ্ববিদ্যালয়ে যেতে তালেবানের অনুমতি নেই।’

# মোবাইল আসক্তি দূর করে বইয়ের পাঠক তৈরি করা প্রয়োজন

রবীন্দ্র কুমার শীল

বই পাঠক তৈরি করে, সেটা উপলব্ধি করে, বিমল মিত্র ‘আসামি হাজির’ বইটি লিখলেন। সেই বইটিও পাঠক তৈরি করেছে। বিশাল লেখার সমাহারে বইটি তৈরি হয়েছে। এই বিশাল বইটির গল্পের মধ্যে একটি ছন্দ রয়েছে। সেই লেখার ছন্দই পাঠকদের বই পড়ার আগ্রহ বৃদ্ধি করেছে। বিমল মিত্রের আর একটি বই রয়েছে তার নাম হচ্ছে ‘বেগম মেরি বিশ্বাস’। মহাভারত আকারে বই বলা যেতে পারে। বাংলার নবাবের পতন এবং ইংরেজ শাসনের সূচনার পটভূমিকায় বইটি লেখা হয়েছে। বইটি পড়তে শুরু করলে একেবারে শেষ না করে ওঠা একেবারে অসম্ভব। বিশাল আকারের লেখা উপন্যাসটি পড়তে একেবারে বিরক্ত লাগবে না। তখন বই পড়ার একটা নেশা ছিলঊ আবার উল্লেখযোগ্য লেখকেরাও ছিলেনঊ তারা প্রত্যেকেই উন্নতমানের বই লিখতে পারতেন। শংকরের লেখা ‘কত অজানারে’ বইটি কতগুলি সংস্করণ হয়েছে তা বোধ হয় কেউ জানে না। প্রতি বছরই এই বইটি সংস্করণ হয়েছে। বাঙলিরা প্রত্যেকেই এই বইটি পড়েছেন। আবার তাঁর লেখা আর একটি বই ‘চৌরঙ্গী’ বইটিও খ্যাতি অর্জন করেছেঊ বাঙালি জীবনে ‘স্যাটা বোস’ চরিত্রকে নিয়ে আসেছিলেন লেখক শংকর। ফার্ন রোডে আর একজন গোয়েন্দা লেখক থাকতেন। তিনি ছিলেন ডাক্তার নীহাররঞ্জন রায়। তিনি গোয়েন্দা উপন্যাস গল্প লিখতেন। তাঁর গোয়েন্দা চরিত্র ছিল কিরীটী রায়। ‘কালো ভ্রমর’ বিখ্যাত গোয়েন্দা বই। দস্যু কালো ভ্রমরের সঙ্গে কিরীটা রায়ের গ্রেফতারের গল্প। দস্যু কালো ভ্রমরকে ধরতে পারছে না গোয়েন্দা কিরীটি। দস্যুকে ধরতে বর্মা পর্যন্ত ছুটে গিয়েছে। চোখে ধুলো দিয়ে দস্যু কালো ভ্রমর ঘুরে বেড়াচ্ছেঊ আর কিরীটী তাকে ধরতে পিছু ধাওয়া করেছে। এক নিঃশ্বাসে পড়ে ফেলার মতো গল্প। আসলে বই লেখা হবে একেবারে সরস করে। সরস বই লেখক হতে পারলে তাকে আর বই ছাপানোর কথা চিন্তা করতে হবে না। পাঠকেরা প্রকাশদের বিরক্ত করে ছাড়বে। প্রকাশ নিজেদের বাঁচার তাগিদে লেখকের বইটি প্রকাশ করবে। প্রকাশ হয়ে বইটি অপেক্ষামান পাঠকদের হাতে পড়তে দুটো পয়সার মুখ দেখতে পারে প্রকাশকেরাঊ কার্টুন শিল্পী নায়ারণ দেবনাথ নিজে ছবি আঁকতেন এবং গল্প লিখতেন। তিনি নিজেই সেই গল্প তৈরি করতেন। তাঁর সৃষ্টি চরিত্রগুলির মধ্যে বিখ্যাত হয়েছে ‘বাঁটুল দি গ্রেট’ এবং ’হাঁদা ভোঁদা’ঊ এই সব কার্টুন এক সময়ে পাঠক সৃষ্টি করেছিল। শিশু পাঠক তৈরি হয়েছিলঊ এখন শিশুরা মোবাইল দিয়ে কার্টুন দেখে। কিন্তু যখন মোবাইল ছিল না তখন ছিল ‘শুকতারা’ এবং ‘শিশুসাথী’ বা ‘মৌচাক’ এর মতো শিশুদের মাসিক পত্রিকাগুলি। শিশুদের বহু বইও ছিল পড়ার মতো। ‘ঠাকুমার ঝুলি’, ‘রাক্ষস খোকস’, ‘ঠাকুরদার ঝুলি’। এই সব বইগুলি শিশুদের পড়তে উৎসাহ দিত বাড়ির অভিভাবকেরা। কিন্তু আজকে সেই অভিভাবকেরা নেইঊ তারা কোথায় হারিয়ে গিয়েছে। ‘নবকল্লোল’ পত্রিকা ছিল। ছিল ‘দেশ’ পত্রিকাঊ দেশ পত্রিকা তো লেখক এবং পাঠক সৃষ্টি করতো। তারা যেসব গল্প উপন্যাস এবং প্রবন্ধ প্রকাশ করতে তা বই আকারে বের করতে প্রকাশকেরা লেখকের দ্বারে গিয়ে উপস্থিত হতো। আজকে সেই জগৎটা একেবারে উল্টো দিকে ঘুরতে শুরু করে দিয়েছে। এখন লেখকদের প্রকাশক খুঁজে বের করতে হয়। প্রকাশকেরা লেখক খুঁজতে বের হয় না। তার কারণ বোধ হয় ভালো লেখক সৃষ্টি হচ্ছে না। জনিয় লেখকদের বয়স হয়ে গিয়েছে। ফলে তারা আর লিখতে ইচ্ছা প্রকাশ করছে না। আবার নতুন শক্তিশালী লেখক বা কবি তৈরি হচ্ছে না। তবে যেভাবে এর মধ্যে বইমেলা ক্রমশ আকর্ষণ বৃদ্ধি করতে শুরু করে দিয়েছে তাতে বাংলার সংস্কৃতি রক্ষা পাচ্ছে। বাংলার হারিয়ে যাওয়া যে মানসিকতা তাকে ফিরিয়ে দিতে পারছে বইমেলাঊ বইমেলাতে শুধু প্রকাশকেরা আসছে তা নয়। বইমেলাকে ঘিরে সঙ্গীত শিল্পী থেকে শুরু করে চিত্রশিল্পীরাও এসে উপস্থিত হচ্ছে। লিটল ম্যাগাজিনকে বইমেলার কর্তৃপক্ষ স্টল করার অনুমতি দিয়েছে। তার ফলে গ্রাম বাংলা থেকে শুরু করে শহর বাংলায় যেসব ক্ষুদ্র পত্রপত্রিকা প্রকাশিত হচ্ছে তার সঙ্গে পাঠকেরা পরিচিত লাভ করতে পারছে। শহরের কোলাহল থেকে দূরে নির্জন স্থানে বইমেলা হওয়াতে সবাই খুশি। শহরের কোলাহল বইমেলার পরিবেশটাকে নষ্ট করতে শুরু করে ছিল। সই কারণে এমনক একটি স্থানে বইমেলাকে উপস্থাপিত করা হল যেখানে কোনও উটকো ঝামেলা থাকবে না। মন দিয়ে বইে মিরা তাদের ইচ্ছা মতো বই দেখতে পারবে এবং কিনতে পারবে। আবার বিনোদন করতে পারবে। বইকে বিনোদন বলা যেতে পারে। মানসিক বিনোদন। গল্পের বা উপন্যাসের বই মানসিক বিনোদন দান করে থাকেঊ আর প্রবন্ধের বইগুলি মানুষের চিন্তার উৎকর্ষতা বৃদ্ধি করে।



# গীতা ও পাশ্চাত্য ব্যাক্তিত্ব

ড: সূর্য শেখর পাঠক

শ্রী মদভগবত গীতার উপদেশ সর্বকালের সর্ব দেশের ও সর্বজাতির জন্য উপযোগী, গীতা তে বলা হয়েছে কীভাবে গৃহস্থ ধর্ম পালন করেও কোনো ব্যক্তি সন্ন্যাসী বা যোগী হতে পারে। মহাকবি রবীন্দ্রনাথ ঠাকুর যখন আমেরিকা গেছিলেন তখন শিকাগো ইউনিভার্সিটি তে তাঁকে স্বাগত জানানো হয়। কবি সেখানকার সুপ্রসিদ্ধ গ্রন্থাগার -এর লাইব্রেরিয়ান এর কাছে লাইব্রেরির সবচেয়ে বৃহৎ গ্রন্থটি দেখবার ইচ্ছে প্রকাশ করলে সেই লাইব্রেরিয়ান রেশমের রুমালে বাঁধা একটি ছোট্ট বই কবির সামনে রেখে বলেন, “আমি এইটিকে সংসারের সবচেয়ে মহান গ্রন্থ বলে মনে করি।” রবীন্দ্রনাথ রুমাল খুলে দেখেন সেটি ভগবত গীতার ইংরেজি অনুবাদ।

কিনিয়ার স্বর্গীয় রাষ্ট্রপতি জমো কেন্যাটা প্রতিদিন সকালে “গীতা” পাঠ করতেন। সংযুক্ত রাষ্ট্রের সেক্রেটারী জেনারেল স্বর্গীয় শ্রী হৈমর শোল্ড “গীতা” সর্বদা নিজের পকেটে রাখতেন। যখন তিনি আফ্রিকাতে বিমান দুর্ঘটনাতে মারা যান তখন তাঁর পকেট থেকে ভগবদগীতা পাওয়া যায়।

সংস্কৃতের জার্মান বিদ্বান জে. ডবলিউ. হোঅর যিনি বহু বছর হিন্দুস্থানে খ্রিস্টান মিশনারীর কাজ করে অবশেষে হিন্দু ধর্মের প্রতি প্রভাবিত হয়ে “গীতা” সম্পর্কে মন্তব্য প্রকাশ করতে গিয়ে লেখেন জার্মানীর কল্পনার কেন্দ্রে গীতা স্থান লাভ করেছে, এর মহত্ব কোনো দিন শেষ হবার নয়। এটি প্রতিটি কালের জন্য সত্য। গীতা ইন্ড - জার্মান ইতিহাসের মহত্বপূর্ণ কালাবধিকে প্রস্তুত করে গীতা আমাদের জীবনের প্রতিটি রহস্য কে বোঝাবার চেষ্টা করে এবং আমাদের কর্তব্য কি তাঁর উপদেশ দেয়। কর্ম করলে

**মহাকবি রবীন্দ্রনাথ ঠাকুর যখন আমেরিকা গেছিলেন তখন শিকাগো ইউনিভার্সিটি তে তাঁকে স্বাগত জানানো হয়।**

আমরা আপনা আপনি জানতে পারবো জীবনের রহস্য কি।”

হিন্দুস্তান এর প্রথম ইংরেজ গভর্নর লর্ড ওয়ারেন হেস্টিংস হিন্দুধর্ম আর ভগবদগীতার কতটা প্রসংশক ছিলেন তা তাঁর সেই ভূমিকা থেকে স্পষ্ট হয় যেটি তিনি স্যর চার্লস বিল্কিন্সের ‘গীতা’র ইংরেজী অনুবাদের গ্রন্থটির জন্য লেখেন। এই অনুবাদটি ১৭৮৫ শতাব্দীতে লন্ডন থেকে প্রকাশিত হয়। ওয়ারেন হেস্টিংস লেখেন আমার‘গীতা’ র সম্পর্কে অভিমত প্রকাশ করতে বিন্দু মাত্র সংকোচ নেই। এটি একটি স্বতন্ত্র মহান কলাকৃতি। এর আদর্শ মহান ও আশ্চর্যজনক। তর্ক এবং দর্শন গ্রন্থ রূপে এর জুড়ি নেই। এর মৌলিক সিদ্ধান্ত অত্যন্ত শক্তিশালী। আমেরিকার সুপ্রসিদ্ধ দার্শনিক মহাত্মা থোরো এই গ্রন্থের মহিমা বর্ণনা করে লেখেন “আমি প্রতিদিন সকালে উঠে আপন হৃদয় ও মস্তিষ্ককে গীতার পবিত্র জলে স্নান করায়। গত দুনিয়ার সমস্ত স্মৃতির মধ্যে গীতার চেয়ে অধিক আশ্চর্যজনক আর কিছু নেই।” মহাত্মা গান্ধী বলতেন - “গীতা আমার মা। যখন কখনো কোন জটিল আধ্যাত্মিক বা রাজনৈতিক সমস্যা আমার সামনে এসে উপস্থিত হয় তখন আমি গীতা মায়ের স্বরণ নিয়ে থাকি। আর কোন -না -কোন রাস্তা দেখতে পেয়ে যায়।”

গীতার মৌলিক সিদ্ধান্ত হচ্ছে নিষ্কাম কর্মের। ভগবান শ্রীকৃষ্ণ বলেছেন -সংসারের কোনো জীব কর্ম ছাড়া থাকতে পারে না। কোন জীব এ থেকে মুক্তি পেতে পারে না। চোখ কান নাক বন্ধ করে নিলেও, মুখে তালা এঁটে নিলেও, হাত পা চলা ছেড়ে দিলেও কর্মকে কেও পরিত্যাগ করতে পারে না। এটি প্রকৃতির এমনি অপরিহার্য নিয়ম যে , মানুষ কিছু না কিছু কর্ম করতে বাধ্য হয়ে যায়। কেননা কর্মের সম্পূর্ণ ত্যাগই মৃত্যু। কোন মানুষ গেরুয়া ধারন করে দূর দূরান্তের জঙ্গলে বা কোন পাহাড়ের গুহায় গিয়ে বসলেও তাকে সত্যিকারের সন্ন্যাসী বলা যাবে না যতক্ষণ পর্যন্ত না সে নিজের মন থেকে সমস্ত কামনাকে দূর করে দিতে পারে। তুমি যে কর্মই ফলের ইচ্ছা না করেই করো, যা কিছু অপরের মঙ্গলের জন্য কর। নিজের কর্মের ফল ঈশ্বরের উপরে ছেড়ে দাও-নিস্বার্থ কর্মই হচ্ছে কর্মের ত্যাগ।

সম্পাদকীয় পাতায় প্রকাশিত নিবন্ধ গুলির বক্তব্য সম্পূর্ণ লেখকদের ব্যক্তিগত অভিমত। সম্পাদক এরজন্য দায়ী নন।



বর্ষায় রাজধানী আগরতলায় যাতে জল না জমে সেই লক্ষ্যে বিভিন্ন কর্মসূচি হাতে নেয়া হয়েছে। বেশ কিছু কাজ ইতিমধ্যেই সম্পন্ন হবার পথে। আজ কালা পানিয়া ও আখাউড়া খাল সরজমিনে পর্যবেক্ষণ করেন মেয়র দীপক মজুমদার।

# করিমগঞ্জের বদরপুরে পুলিশের গুলি : ক্লোজড চন্দন গোস্বামী, নয়া ওসি দীপেন কলিতা

বদরপুর (অসম), ৩০ মার্চ (হি.স.) : রিজার্ভে ক্লোজ করা হয়েছে করিমগঞ্জ জেলার বদরপুর থানার ওসি চন্দন গোস্বামীকে। স্থানীয় জনতার অভিযোগ এবং সার্বিক পরিস্থিতির পর্য্যালোচনা করে গতকাল রাতে সংঘটিত ঘটনার পর রাত প্রায় ১১টায় তাৎক্ষণিকভাবে কার্যকরযোগ্য ওসি চন্দন দাসকে ক্লোজ করার নির্দেশ দিয়েছেন করিমগঞ্জের পুলিশ সুপার পার্থপ্রতিম দাস। মূলত সদর ডিএসপি গীতার্থ দেবশর্মা রিপোর্টের ওপর ভিত্তি করে পুলিশ সুপার ওসি চন্দনকে ক্লোজ করার নির্দেশ দিয়েছেন। চন্দন গোস্বামীর স্থলাভিষিক্ত করা হয়েছে নিলামবাজার থানার সাব-ইনস্পেক্টর সেকেন্ড অফিসার দীপেন কলিতাকে।

গতকাল বুধবার রাতে আচমকা অগ্নিগর্ভ হয়ে ওঠে করিমগঞ্জ জেলার বদরপুর শহর। রমজানের তারাবি নামাজ শেষে হঠাৎ করে উত্তপ্ত হয়ে ওঠেছিল রেলশহর। পুলিশ এবং জনতার খণ্ডযুদ্ধে বদরপুর শহরের পরিস্থিতি নাগালের বাইরে চলে যায়। কোনও এক মামলার অভিযুক্তকে ধরে আনায় সহস্রাধিক জনতা থানা ঘেরাও করেন। ইত্যবসরে বদরপুর থানার ওসি চন্দন গোস্বামীর ওপর প্রাণঘাতী হামলার চেষ্টা হয়। জাতীয় সড়ক অবরোধ করে উত্তাল বিক্ষোভ সংগঠিত করেন উত্তেজিত জনতা। উত্তেজিত জনতাকে ছত্রভঙ্গ করতে পুলিশকে এক সময় শূন্যে গুলি চালাতে হয়েছিল।

ঘটনার খবর পেয়ে করিমগঞ্জ থেকে বদরপুরে ছুটে আসেন সদর ডিএসপি গীতার্থ দেবশর্মা। তিনি হাতে মাইক নিয়ে উত্তেজিত জনতাকে শান্ত হওয়ার আহ্বান জানান। পরিস্থিতির পর্য্যালোচনা করে মাইকযোগে তিনি থানার ওসি গোস্বামীকে ক্লোজ করা হবে বলে আশ্বাস প্রদানের সঙ্গে সঙ্গে প্রশমিত হয় উত্তেজনা। উল্লাসে মেতে ওঠেন থানার সামনে বিক্ষোভ প্রদর্শনকারীরা। ঘটনার সূত্রপাত পুরনো একটি মামলার আসামিকে ধরতে যাওয়াকে কেন্দ্র করে। পুরনো একটি মারামারিজনিত মামলায় অভিযুক্ত রুহুল আমিন শহরের এসেছে, এই খবর পেয়ে তাকে ধরতে অভিযানে নামেন ওসি চন্দন গোস্বামী (বিদায়ী)। অভিযুক্ত রুহুল আমিনকে বদরপুরের চৌরঙ্গী থেকে পাকড়াও করে থানায় নিয়ে আসার সময় অভিযুক্তের সাঙ্গোপাঙ্গ সহ বিশাল মব পুলিশের ওপর আক্রমণ করে। তখন পুলিশকে বাধ্য হয়ে শূন্যে গুলি ছুঁড়তে হয়। অভিযোগ, বদরপুর বাজার চৌরঙ্গী এলাকায় একটি মাংসের দোকান থেকে ছুরি নিয়ে আটমকা পুলিশ দলের ওপর প্রাণঘাতী হামলা চালায় অভিযুক্ত রুহুল আমিন। রমজান মাসের তারাবির নামাজের পর মুহূর্তে সংগঠিত এ ঘটনাকে কেন্দ্র করে শান্ত মধ্যশহর অশান্ত হয়ে ওঠে।

এদিকে হঠাৎ করে গুলির শব্দে আতঙ্ক ছড়িয়ে পড়ে শহরজুড়ে। অন্যদিকে মুহূর্তের মধ্যেই সহস্রাধিক জনতা থানা ঘেরাও করার পাশাপাশি বিক্ষোভ প্রদর্শন করতে গিয়ে পার্শবর্তী জাতীয় সড়ক অবরোধ করেন। ওসি চন্দোন গোস্বামীকে বদলি করার দাবি সংবলিত একাধিক স্লোগান দিয়ে তাঁরা উত্তপ্ত করে তুলেন এলাকা। ফলে জাতীয় সড়কে সৃষ্টি হয় ব্যাপক যানজট। ইত্যবসরে রেলশহরে মোতায়েন করা হয় আধাসামরিক বাহিনী। জানা গেছে, মারামারিজনিত মামলার পরিপ্রেক্ষিতে অভিযুক্ত রাহুল আমিনকে বদরপুর থানা থেকে একাধিকবার নোটিশ পাঠানো হয়েছিল। কিন্তু পুলিশের নোটিশকে পাত্তা না দিয়ে উল্টো ওসির বিরুদ্ধে পুলিশ সুপারের কাছে নালিশ জানান তিনি। এদিকে ঘটনাস্থলে ছুটে গিয়ে পরিস্থিতি যাতে বিগড়ে না যায় তার জন্য লাউড স্পিকারে শান্তি-শৃঙ্খলা বজায় রাখতে ঘন ঘন আহ্বান জানান খোদ ডিএসপি গীতার্থ দবশর্মা। দফায় দফায় বৈঠকে বসেন আন্দোলনকারীদের সঙ্গে। স্থানীয়রা ডিএসপিকে কাছে পেয়ে ওসির বিরুদ্ধে একাধিক অভিযোগ তুলে ধরেন। এর পরই বিতর্কিত ওসিকে ক্লোজড করার সিদ্ধান্ত নেওয়া হয়। রাত প্রায় এগারোটায় বদরপুর চৌমাথায় দাঁড়িয়ে ডিএসপি শর্মা জানান, বিক্ষুব্ধ জনতার দাবি মেনে ক্লোজড করা হয়েছে ওসি চন্দন গোস্বামীকে। একটি মামলায় অভিযুক্তকে আটক করে তার বিরুদ্ধে মামলা রেজিস্টার করা হয়েছে। এতে পুলিশের তদন্ত যথারীতি চলবে, জানান ডিএসপি সদর। এদিকে করিমগঞ্জের পুলিশ সুপার পার্থপ্রতিম দাস জানান, বদরপুরের ওসিকে ক্লোজড করার পাশাপাশি ঘটনার আরও তদন্ত প্রক্রিয়ার জন্য গুয়াহাটিতে রাজ্যের পুলিশ সদর দফতরে রিপোর্ট করা হবে। অন্যদিকে পরবর্তী নির্দেশ না আসা পর্যন্ত নিলামবাজার থানার সাব-ইনস্পেক্টর দীপেন কলিতা বদরপুর থানার অন্তর্বর্তীকালীন ওসি হয়ে থাকবেন। প্রসঙ্গত অবাঞ্ছিত ঘটনার পেছনে তৃতীয় শক্তির হাত রয়েছে বলে কেউ কেউ অভিযোগ তুললেও বদরপুর থানার ওসির বিরুদ্ধে একাধিক অভিযোগ করছেন বহুজন।

## কলকাতা-সহ দক্ষিণবঙ্গে বৃষ্টির পূর্বাভাস রবিবার পর্যন্ত, বইবে ঝোড়ো হাওয়াও

কলকাতা, ৩০ মার্চ (হি.স.): কলকাতা-সহ দক্ষিণবঙ্গের সমস্ত জেলায় বজ্রবিদ্যুৎ-সহ বৃষ্টিপাতের সম্ভাবনার কথা জানিয়েছে আলিপুর আবহাওয়া দফতর। বৃষ্টির পাশাপাশি চলবে ঝোড়ো হাওয়াও। ফলে সামান্য হেরফের হতে পারে তাপমাত্রাতেও। আগামী রবিবার পর্যন্ত দক্ষিণবঙ্গের সব জেলাগুলিতে এই ঝড়-বৃষ্টি চলবে। পাশাপাশি, হালকা থেকে মাঝারি বৃষ্টিপাতের পূর্বাভাস রয়েছে উত্তরবঙ্গের একাধিক জেলাতে। যার জেরে গরমের হাত থেকে এই সময়ে কিছুটা হলেও মুক্তি পাবেন রাজ্যবাসী। রবিবার পর্যন্ত কলকাতা, হাওড়া, হুগলি, দুই ২৪ পরগনা, দুই মেদিনীপুর, পুরুলিয়া, ঝাড়গ্রাম, বাঁকুড়া, দুই বর্ধমান, বীরভূম, নদিয়া, মুর্শিদাবাদে বৃষ্টির পূর্বাভাস রয়েছে। মাঝারি বৃষ্টির সঙ্গে ঘণ্টায় ৩০ থেকে ৪০ কিমি বেগে ঝোড়ো হাওয়া বইতে পারে। উত্তরবঙ্গের দার্জিলিং এবং জলপাইগুড়িতেও হালকা থেকে মাঝারি বৃষ্টিপাত হতে পারে। সোমবার থেকে আবার আবহাওয়ায় পরিবর্তন আসবে। বৃহস্পতিবার সকালে কলকাতার আকাশে চড়া রোদ ছিল, মাঝেমধ্যেই অবস্থা পাল্টে মেঘের আনাগোনাও দেখা গিয়েছে। সকালে কলকাতার সর্বনিম্ন তাপমাত্রা ছিল ২৬.১ ডিগ্রি সেলসিয়াস, যা স্বাভাবিকের থেকে দুই ডিগ্রি বেশি।

## ফুসফুসে সংক্রমণে অসুস্থ পোপ ফ্রান্সিস; শ্বাস নিতে হচ্ছে কষ্ট! চিকিৎসাধীন রয়েছেন হাসপাতালে

ভ্যাটিকান সিটি, ৩০ মার্চ (হি.স.); ফুসফুসে সংক্রমণে অসুস্থ হয়ে পড়েছেন পোপ ফ্রান্সিস। বিগত কিছু দিন ধরে শ্বাসকষ্টের সমস্যা হচ্ছিল পোপ ফ্রান্সিসের, অসুস্থ অবস্থায় হাসপাতালে ভর্তি করা হয়েছে ৮৬ বছর বয়সী ক্যাথলিক খ্রিস্টানদের প্রধান এই ধর্মগুরুকে। ইতালির রোমের একটি হাসপাতালে চিকিৎসাধীন রয়েছেন তিনি। সেখানে মেডিক্যাল থেরাপির জন্য কিছুদিন চিকিৎসাধীন থাকতে হবে তাঁকে।

ভ্যাটিকানের পক্ষ থেকে এক বিবৃতিতে জানানো হয়েছে, কিছু দিন ধরে শ্বাসকষ্টজনিত সমস্যায় ভুগছিলেন পোপ ফ্রান্সিস। তবে তাঁর করোনা হয়নি। শ্বাসতন্ত্রে সংক্রমণের কারণে আপাতত হাসপাতালে চিকিৎসাধীন রয়েছেন পোপ ফ্রান্সিস। প্রসঙ্গত, পোপের জন্য বছরের এই সময়টা খুবই ব্যস্ততম। এই সময়ে তাঁর অনেকগুলি পূর্বনির্ধারিত কর্মসূচি রয়েছে। চলতি সপ্তাহে ইস্টার সানডে। পরের সপ্তাহে হলি উইক ও ইস্টার উদযাপন। এপ্রিলের শেষের দিকে তাঁর হাঙ্গেরি সফরের কথা রয়েছে।

## ভারতে বন্ধ পাকিস্তান সরকারের টুইটার অ্যাকাউন্ট, দেখা যাচ্ছে না কিছুই

নয়াদিল্লি, ৩০ মার্চ (হি.স.): পাকিস্তান সরকারের টুইটার অ্যাকাউন্ট দেখা যাচ্ছে না ভারতে। যদি কেউ এই অ্যাকাউন্ট খুলে দেখার চেষ্টা করছেন, তাঁর সামনে উঠে আসছে "অ্যাকাউন্ট উইদহেল্ড" লেখা, বৃহস্পতিবার এমনই ঘটনার সাক্ষী থেকেছে ভারত। দেখা যাচ্ছে না কিছুই! এই নিয়ে তৃতীয়বার ভারতে পাকিস্তান সরকারের টুইটার "অ্যাকাউন্ট উইদহেল্ড" দেখাচ্ছে।

এর আগে ২০২২ সালের অক্টোবর মাসেও একই রকম অবস্থা হয়েছিল পাকিস্তান সরকারের টুইটার অ্যাকাউন্টের। আবার জুলাই মাসেও ভারতে বন্ধ হয়ে গিয়েছিল পাকিস্তান সরকারের টুইটার অ্যাকাউন্ট, পরে তা দৃশ্যমান হয়। আগস্টে ভারতের পক্ষ থেকে পাকিস্তানের ৮টি ইউটিউব চ্যানেল বন্ধ করা হয়েছিল। ভুল তথ্য সম্প্রচারের অভিযোগে বন্ধ করা হয়েছিল এই চ্যানেলগুলি।

## রেড রোডের মঞ্চে দ্বিতীয় দিনে পড়ল মমতার ধর্ণা, রাজনীতির গল্প শোনালেন তৃণমূল নেত্রী

কলকাতা, ৩০ মার্চ (হি.স.): রেড রোডে দ্বিতীয় দিনে পড়ল মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়ের ধর্ণা। বৃহস্পতিবার সকাল ৯টা নাগাদ মঞ্চে এসে পৌঁছন মুখ্যমন্ত্রী। রাতে মঞ্চের পর্দা টেনে দেওয়া হয়েছিল। যাঁরা ছিলেন তাঁদের মধ্যে মহিলা সদস্যদের মঞ্চের উপর এবং পুরুষরা মঞ্চের নীচে ছিলেন। রাতে মঞ্চ থেকে নীচে নেমে দলের নেতা এবং সদস্যদের সঙ্গে গানও গাইতে দেখা যায় তাঁকে।

এদিন সকালে ছাত্র ও যুবদের নিজের ছাত্র জীবনের রাজনীতির গল্প শোনালেন মুখ্যমন্ত্রী তথা তৃণমূল কংগ্রেস নেত্রী মমতা বন্দ্যোপাধ্যায়। মমতা বললেন, "আমি যখন ছাত্র রাজনীতি করতাম, মিন্টু দাশগুপ্ত একটা ব্লকের প্রেসিডেন্ট ছিলেন। উনি একটা গানের স্কোয়াড খুলেছিলেন। সেটা আমি লিড করতাম।" মঞ্চে মমতা যখন গান গাইতে থাকেন তখন পাশে ছিলেন চন্দ্রিমা ভট্টাচার্য, শশী পাঁজা, দোলা সেন, ইন্দ্রনীল সেন প্রমুখ। উল্লেখ্য, কেন্দ্রীয় সরকারের বিরুদ্ধে বঞ্চনার অভিযোগ এনে ধর্ণায় বসেছেন মমতা বন্দ্যোপাধ্যায়।

## দাঁতালের হানায় ব্যক্তির মৃত্যু ফালাকাটায়, বন দফতরের বিরুদ্ধে ক্ষোভ-উত্তেজনা

আলিপুরদুয়ার, ৩০ মার্চ (হি.স.): আলিপুরদুয়ার জেলার ফালাকাটা ব্লকে হাতির হানায় প্রাণ হারালেন এক ব্যক্তি। বুধবার রাতে এই ঘটনাটি ঘটে ফালাকাটা ব্লকের লছমন ডাবরি এলাকায়। মৃতের নাম বাবলু রহমান। বুধবার রাতে নিজের বাড়ি থেকে বাইরে হাঁটতে বেরিয়েছিলেন বাবলু। হঠাৎ বাড়ির পাশের কুঞ্জনগর জঙ্গল থেকে বেরিয়ে পড়ে হাতিটি। বাবলুকে সামনে দেখে তাঁর উপর আক্রমণ করে সে। শুঁড় দিয়ে তাঁর হাত পেঁচিয়ে ছিঁড়ে দেয় দাঁতালটি। গুরুতর আহত অবস্থায় উদ্ধার করা হয় বাবলুকে।

তার পর নিকটবর্তী হাসপাতালে নিয়ে যাওয়া হয় তাঁকে। কিন্তু তাঁর শারীরিক অবস্থা শোচনীয় দেখে ওই হাসপাতাল থেকে অন্য হাসপাতালে স্থানান্তরিত করার নির্দেশ দেওয়া হয়। অন্য হাসপাতালে যাওয়ার পথেই মৃত্যু হয় বাবলুর। বাবলুর মৃত্যুর খবর পেয়ে বৃহস্পতিবার ভোরে ওই এলাকায় যান ময়রাডাঙ্গা বিটের বন কর্মীরা। বন দফতরের কর্মীদের দেখা মাত্রই ক্ষোভে ফেটে পড়েন স্থানীয় বাসিন্দারা। বন দফতর সূত্রে খবর, যথাযথ নিয়মকানুন মেনে বাবলুর পরিবারের সদস্যরা আবেদন করলে তাদের তরফে ক্ষতিপূরণের ব্যবস্থা করা হবে।

## ভারতে কোভিড-সংক্রমণ বৃদ্ধি পেয়ে ৩,০১৬; সক্রিয় রোগী বেড়ে ১৩,৫০৯, মৃত্যু ১৪ জনের

নয়াদিল্লি, ৩০ মার্চ (হি.স.): ভারতে করোনার দৈনিক সংক্রমণ একধাক্কায় ৩ হাজারের গন্ডি ছাড়িয়ে গেল, একইসঙ্গে বৃদ্ধি পেয়েছে সক্রিয় রোগীর সংখ্যাও। বিগত ২৪ ঘন্টায় মৃত্যু হয়েছে ১৪ জনের। বুধবার সারাদিনে ভারতে নতুন করে করোনায় সংক্রমিত হয়েছেন ৩,০১৬ জন, এই সময়ে ভারতে মৃত্যু হয়েছে কোভিড-আক্রান্ত ১৪ জন রোগীর। কেন্দ্রীয় স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রক জানিয়েছে, ভারতে সক্রিয় করোনা-রোগীর সংখ্যা বেড়ে ১৩,৫০৯-তে পৌঁছেছে। এই মুহূর্তে শতাংশের নিরিখে ০.০৩ শতাংশ করোনা-রোগী চিকিৎসাধীন রয়েছেন ভারতে। মোট কোভিড-আক্রান্তের সংখ্যা বেড়ে ৪,৪৭,১২,৬৯২-তে পৌঁছেছে। ১৪ জনের মৃত্যুর পর মৃতের সংখ্যা বেড়ে ৫,৩০,৮৬২-এ পৌঁছে গিয়েছে। কেন্দ্রীয় স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রকের পক্ষ থেকে জানানো হয়েছে, বৃহস্পতিবার সকাল আটটা পর্যন্ত ভারতে মোট সুস্থ হয়েছেন ৪,৪১,৬৮,৩২১ জন করোনা-রোগী, শতাংশের নিরিখে ৯৮.৭৮ শতাংশ। দেশব্যাপী টিকাকরণ অভিযানের আওতায় বিগত ২৪ ঘন্টায় ভারতে করোনার ভ্যাকসিন পেয়েছেন ১৫ হাজার ৭৮৪ জন প্রাপক, মোট টিকা প্রাপকের সংখ্যা ২২০,৬৫,৯২,৪৮১। ইন্ডিয়ান কাউন্সিল অফ মেডিক্যাল রিসার্চ (আইসিএমআর) জানিয়েছে, ২৯ মার্চ সারা দিনে ভারতে ১,১০,৫২২ জনের শরীর থেকে নমুনা সংগ্রহ করে করোনা-স্যাম্পেল টেস্ট করা হয়েছে।

## ধর্মীয় ভাবগাম্ভীর্য্য ও উৎসাহ-উদ্দীপনায় উদযাপিত রামনবমী, বিভিন্ন মন্দিরে ভক্তদের পূজার্চনা

নয়াদিল্লি, ৩০ মার্চ (হি.স.): ধর্মীয় ভাবগাম্ভীর্য্য ও উৎসাহ-উদ্দীপনার মধ্য দিয়ে বৃহস্পতিবার দেশের বিভিন্ন প্রান্তে উদযাপিত হচ্ছে রামনবমী। বৃহস্পতিবার চৈত্র মাসের শুক্ল পক্ষের নবমী তিথি, আজকের এই পুণ্য তিথিতে গোটা দেশে পালন করা হয় রামনবমী। শাস্ত্র মতে এই সময়ে ভগবান রামচন্দ্রের জন্ম হয়েছিল। এই শুভ দিনে দেশবাসীকে শুভেচ্ছা জানিয়েছেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী, কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ, কংগ্রেস নেতা রাহুল গান্ধী-সহ অন্যান্য নেতারা। প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী টুইট করে লিখেছেন, 'রাম নবমী উপলক্ষ্যে সমস্ত দেশবাসীকে শুভেচ্ছা। ত্যাগ, তপস্যা, সংযম ও সংকল্পের উপর ভিত্তিশীল মর্যাদা পুরুষোত্তম ভগবান রামচন্দ্রের জীবন প্রতিটি যুগে মানবতার জন্য অনুপ্রেরণা হয়ে থাকবে।'

রামনবমীর সকালে ভক্তদের ভিড় দেখা গিয়েছে দেশের বিভিন্ন মন্দিরে। রামনবমীর পবিত্র মুহূর্তে ওড়িশার ভুবনেশ্বরে ভগবান লিঙ্গরাজের 'রুকুনা রথযাত্রা'-তে ভক্তরা অংশ নেন। পাটনার মহাবীর মন্দিরে এদিন সকালে ভক্তদের ঢল নামে। গুয়াহাটির কামাখ্যা মন্দিরেও পুণ্যার্থীরা এদিন সকালে পুজো দেন। দিল্লির বিভিন্ন মন্দিরেও রাম নবমী উপলক্ষ্যে চলে পূজার্চনা। বারাণসী এবং অযোধ্যাতেও ভগবান রামের পূজার্চনা করা হয় এদিন।

## রেললাইনের ওপর বসে আড্ডা ! দিনহাটায় ট্রেনের ধাক্কায় প্রাণ গেল ৩ যুবকের

কোচবিহার, ৩০ মার্চ (হি.স.): রেললাইনের ওপর বসে চলছিল আড্ডা, গল্প! এমন সময় দ্রুত গতিতে ছুটে আসে ট্রেন, সেই ট্রেনের ধাক্কায় প্রাণ গেল ৩ যুবকের। বুধবার রাতে এই মর্মান্তিক ঘটনাটি ঘটেছে দিনহাটা ২ নম্বর ব্লকের কিশামতদশগ্রাম গ্রাম পঞ্চায়েতের হোকদহ প্রথমখন্ড এলাকায়। মৃত ব্যক্তিরা যথাক্রমে-কমলেশ বর্মন, দয়াল বর্মন ও রঞ্জিত বিশ্বাস। তারা সকলেই ওই এলাকারই বাসিন্দা ছিলেন।

স্থানীয় সুত্রে জানা গিয়েছে, বুধবার রাতে রেললাইনে বসে আড্ডা দিচ্ছিলেন তিন যুবক। সেই সময় রাত আনুমানিক ১১টা নাগাদ শিলিগুড়ি থেকে বামনহাট গামী প্যাসেঞ্জার ট্রেন তাঁদের ধাক্কা মারে। স্থানীয় বাসিন্দা মমিনুল ইসলাম বলেন, বামনহাট গামী প্যাসেঞ্জার ট্রেন বামনহাটের দিকে চলে যাওয়ার পর রেললাইনে তাদের ছিন্নভিন্ন দেহ দেখতে পান। খবর পেয়ে ঘটনাস্থলে পৌছয় স্থানীয় সাহেবগঞ্জ থানা ও রেল পুলিশ। ইতিমধ্যেই দেহগুলি উদ্ধার করে ময়না তদন্তের জন্য পাঠানো হয়েছে কোচবিহার মেডিকেল কলেজে।

## জম্মু ও কাশ্মীরের কাঠুয়ায় বিস্ফোরণ; এক পুলিশ কর্মী আহত, মিলল গ্রেনেড

জম্মু, ৩০ মার্চ (হি.স.): জম্মু ও কাশ্মীরের কাঠুয়া জেলার হীরানগর তহসিলের বর্ডার পুলিশ পোস্ট (বিপিপি) সান্যালকে লক্ষ্য করে গ্রেনেড ছুড়ল সন্দেহভাজন জঙ্গিরা। এই হামলায় একজন পুলিশ কর্মী আহত হয়েছেন বলে জানা গিয়েছে। বুধবার রাতের সেই হামলার পর বৃহস্পতিবার সকালে ওই এলাকায় তল্লাশি অভিযান চালানো হয়, সেই সময় একটি গ্রেনেড পেয়েছে পুলিশ। জম্মুর এডিজিপি মুকেশ সিং বলেছেন, বুধবার রাতে হীরানগর থানার অন্তর্গত আন্তর্জাতিক সীমান্তের কাছে বর্ডার পুলিশ পোস্ট সান্যালের কাছে বিস্ফোরণের শব্দ শোনা যায়। ঘটনাস্থলে পৌঁছনোর পর এসএসপি (কাঠুয়া) শিবদীপ সিং বলেছেন, 'আমরা খবর পেয়েছি এখানে একটি বিস্ফোরণ হয়েছে। গ্রামবাসীরা আমাদের জানান, খুব বিকট শব্দে বিস্ফোরণ হয়েছিল। অনুসন্ধান অভিযান শুরু হয়েছে এবং সঠিক অবস্থান সনাক্ত করা হয়েছে। নমুনা সংগ্রহ করেছে বোমা নিষ্ক্রিয়কারী দল। সকালেও তল্লাশি অভিযান চালানো হয়েছে।' ঘটনাস্থল থেকে বৃহস্পতিবার সকালে একটি গ্রেনেড পাওয়া গিয়েছে বলে জানা গিয়েছে। বুধবার রাত দশটা নাগাদ এই বিস্ফোরণ হয়। জম্মু-সাম্বা-কাঠুয়া রেঞ্জের ডিআইজি শক্তি পাঠক জানিয়েছেন, বিস্ফোরণে এক পুলিশ জওয়ান আহত হয়েছেন।

## রাহুলের সাংসদ পদ খারিজ নিয়ে বিবৃতি জার্মান বিদেশ মন্ত্রকের মুখপত্রের, স্বাগত জানালেন দ্বিগ্বিজয়

নয়াদিল্লি, ৩০ মার্চ (হি.স.): কংগ্রেস নেতা রাহুল গান্ধীর সাংসদ পদ খারিজ নিয়ে এবার মুখ খুলল জার্মান বিদেশমন্ত্রক। জার্মান বিদেশমন্ত্রকের মুখপত্রের তরফে এই বিষয় নিয়ে উদ্বেগ প্রকাশ করা হয়েছে এবং এই বিষয় নিয়ে বিচার ব্যবস্থায় স্বচ্ছতা এবং গণতন্ত্র ব্যবস্থার নিয়মনীতি প্রয়োগের প্রসঙ্গ উত্থাপিত হয়েছে। জার্মান বিদেশ মন্ত্রকের এই প্রতিক্রিয়াকে কোট টুইট করে ধন্যবাদ জানিয়েছেন কংগ্রেস নেতা দ্বিগ্বিজয় সিং। বৃহস্পতিবার রাহুল গান্ধীর বিষয়টি নিয়ে কিভাবে ভারতবর্ষে গণতন্ত্র অচলাবস্থা জারি হয়েছে সেই বিষয়টি জার্মান বিদেশমন্ত্রকের মুখপত্রের বক্তব্যের মাধ্যমে তুলে ধরেন তিনি।

## জি-২০ সম্মেলনের জন্য প্রস্তুত শিলিগুড়ি, দ্বিতীয় পর্যটন ওয়ার্কিং গ্রুপ মিটিং চলবে ১-৩ এপ্রিল

শিলিগুড়ি, ৩০ মার্চ (হি.স.): ভারতের সভাপতিত্বে জি-২০ সম্মেলনের প্রস্তুতি জোরকদমে চলছে শিলিগুড়িতে। আগামী ১-৩ এপ্রিল দ্বিতীয় পর্যটন ওয়ার্কিং গ্রুপ মিটিং অনুষ্ঠিত হবে শিলিগুড়ি/দার্জিলিং-এ। শিলিগুড়ি মিউনিসিপ্যাল কর্পোরেশন (এসএমসি) এবং শিলিগুড়ি জলপাইগুড়ি ডেভেলপমেন্ট অথরিটি (এসজেডিএ) জি-২০ শীর্ষ সম্মেলনের জন্য প্রস্তুত রয়েছে। দার্জিলিং মোড়ে সৌন্দর্য্যায়নের কাজ পুরোদমে চলছে। আলোয় সাজিয়ে তোলা হয়েছে রাস্তা। শিলিগুড়ির ইসকন মন্দিরটি উত্তরবঙ্গের একটি জনপ্রিয় পর্যটন গন্তব্য হিসাবে নির্বাচিত হয়েছে এবং শীর্ষ সম্মেলনে প্রদর্শিত হবে। শিলিগুড়িতে ১ এপ্রিল শুরু হবে জি-২০ সম্মেলন। এই প্রথমবার শিলিগুড়িকে কেন্দ্রীয় সরকারের পর্যটন মন্ত্রকের "ইনক্রিডিবল ইন্ডিয়া" অভিযানের অধীনে জি-২০ সম্মেলনের একটি ইভেন্টের গন্তব্য হিসাবে নির্বাচিত করা হয়েছে। শিলিগুড়ির বিভিন্ন পর্যটন কেন্দ্রকে উত্তরবঙ্গের জনপ্রিয় পর্যটন গন্তব্য হিসেবে চিহ্নিত করা হয়েছে এবং সম্মেলনে প্রদর্শিত হবে। শিলিগুড়ির ইসকন মন্দির তার মধ্যে একটি।

## ফিলিপিন্সে যাত্রীবাহী ফেরিতে আগুন লেগে মৃত ১২, ১৯৫ জন যাত্রী, প্রাণে বাঁচলেন ৩৫ জন ক্রু

ম্যানিলা, ৩০ মার্চ (হি.স.) : যাত্রীবাহী ফেরিতে আগুন লেগে দক্ষিণ ফিলিপিন্সে প্রাণ হারালেন ১২ জন। ঘটনাটি ঘটেছে ফিলিপিন্সের বাসিলান প্রদেশের বালুক-বালুক দ্বীপের কাছে। বুধবার রাতে আগুন লাগার ঘটনা ঘটে। তবে কারণ এখনও জানা যায়নি। ঘটনার তদন্ত শুরু করেছে ফিলিপিন্সের কোস্ট গার্ড। ফেরিতে আগুন লেগে মোট ১২ জন প্রাণ হারিয়েছেন। উদ্ধারকারী দল, ফিলিপিন্স উপকূলরক্ষী বাহিনী ও মৎস্যজীবীরা মোট ১৯৫ জন যাত্রী, ৩৫ জন ক্রু সদস্যকে প্রাণে বাঁচাতে সক্ষম হয়েছেন। লেডি মেরি জয় ৩ ফেরিটি মিন্দানাও দ্বীপের জাম্বোয়াঙ্গা শহর থেকে সুলু প্রদেশের জোলো দ্বীপে যাওয়ার সময় বুধবার গভীর রাতে অগ্নিকাণ্ডের ঘটনা ঘটে, আগুন লাগা মাত্রই আতঙ্কিত হয়ে পড়েন যাত্রীরা। অনেকেই ফেরি থেকে ঝাঁপ দেন।

## দেহরাদূনের জনঔষধি কেন্দ্র পরিদর্শন মনসুখ মান্ডভিয়ার, সুবিধাভোগী ও স্বাস্থ্য কর্মীদের সঙ্গে বললেন কথা

দেহরাদূন, ৩০ মার্চ (হি.স.) : দু"দিনের সফরে উত্তরাখণ্ডে পৌঁছেছেন কেন্দ্রীয় স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রী মনসুখ মান্ডভিয়া। বৃহস্পতিবার সকালেই দেহরাদূন বিমানবন্দরে পৌঁছন কেন্দ্রীয় স্বাস্থ্যমন্ত্রী মনসুখ মান্ডভিয়া। দেহরাদূনের জিটিসি হেলিপ্যাডে তাঁকে স্বাগত জানান উত্তরাখণ্ডের মুখ্যমন্ত্রী পুষ্কর সিং ধামি। দু"দিনের উত্তরাখণ্ড সফরে দূন মেডিকেল কলেজের নিউ ব্লকে ৫০০ শয্যার হাসপাতাল-সহ রাজ্যে স্বাস্থ্য পরিকাঠামো বাড়ানোর জন্য বেশ কয়েকটি উদ্যোগের শিলান্যাস করবেন কেন্দ্রীয় স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রী মনসুখ মান্ডভিয়া। এদিন সকালেই দেহরাদূনের জনঔষধি কেন্দ্র পরিদর্শনে যান কেন্দ্রীয় স্বাস্থ্যমন্ত্রী মনসুখ মান্ডভিয়া। জনঔষধি কেন্দ্রে গিয়ে স্বাস্থ্যকর্মী ও সুবিধাভোগীদের সঙ্গে মতবিনিময় করেন তিনি। টুইট করে তিনি জানিয়েছেন, 'জনঔষধি, মানুষের উপকার! দেহরাদূনে জনঔষধি কেন্দ্র পরিদর্শন করেছি। ওষুধ কিনতে আসা মানুষজন জানিয়েছেন, জনঔষধি কেন্দ্রের জন্য তাঁদের পকেটের খরচ অনেকটাই কমে গিয়েছে। এই কেন্দ্রগুলি দেশের প্রতিটি প্রান্তে সস্তা এবং গুণমানসম্পন্ন ওষুধ তৈরি করছে।' এদিন উত্তরাখণ্ডের মুখ্যমন্ত্রী পুষ্কর সিং ধামির সঙ্গেও কথা বলেছেন মনসুখ মান্ডভিয়া।

## সলমন খানের বিরুদ্ধে মামলা খারিজ করল বম্বে হাইকোর্ট, আন্ধেরি আদালতে দিতে হবে না হাজিরা

মুম্বই, ৩০ মার্চ (হি.স.) : বলিউড অভিনেতা সলমন খান এবং তাঁর দেহরক্ষীর বিরুদ্ধে মামলা (এফআইআর) বাতিল করে দিল বম্বে হাইকোর্ট। ২০১৯ সালে এক সাংবাদিকদের সঙ্গে অভব্য আচরণের মামলায় সলমনকে বৃহস্পতিবার স্বস্তি দিয়েছে বম্বে হাইকোর্ট। বম্বে হাইকোর্ট জানিয়েছে, আন্ধেরি আদালতে হাজিরা দিতে হবে না অভিনেতা সলমন খানকে। ২০১৯ সালের ঘটনা, মুম্বইয়ের রাস্তায় সাইকেল চালানোর সময় সলমন খানের ছবি তুলতে যান এক সাংবাদিক। ওই সময় অভিনেতা এবং তাঁর দেহরক্ষী সাংবাদিকের মোবাইল ফোন কেড়ে নিয়ে তাঁর সঙ্গে খারাপ ব্যবহার করেন বলে অভিযোগ। এরপরই বম্বে হাইকোর্টে সলমন খান এবং তাঁর দেহরক্ষীর বিরুদ্ধে মামলা দায়ের করা হয়। যা বৃহস্পতিবার কার্যত খারিজ করে দিয়েছে বম্বে হাইকোর্ট। জানিয়ে দিয়েছে, অভিনেতাকে আন্ধেরি আদালতে হাজিরা দিতে হবে না।

## প্রতিষ্ঠা দিবসে রাজস্থানের জনগণকে শুভেচ্ছা প্রধানমন্ত্রীর, সুখ ও সমৃদ্ধিও কামনা করলেন মোদী


নয়াদিল্লি, ৩০ মার্চ (হি.স.): প্রতিষ্ঠা দিবসে রাজস্থানের জনগণকে শুভেচ্ছা জানালেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী। এক টুইট বার্তায় প্রধানমন্ত্রী মোদী গৌরবময় ঐতিহ্য সমৃদ্ধ রাজস্থানের উজ্জ্বল ভবিষ্যৎ কামনা করেছেন। রাজস্থানের সুখ ও সমৃদ্ধিও কামনা করেছেন প্রধানমন্ত্রী। বৃহস্পতিবার সকালে এক টুইট বার্তায় প্রধানমন্ত্রী জানিয়েছেন, রাজস্থান দিবসে রাজ্যের সমস্ত ভাই ও বোনদের আমার শুভেচ্ছা। এই উপলক্ষে আমি গৌরবময় ঐতিহ্যে সমৃদ্ধ এই রাজ্যের সর্বাত্মক উন্নতি কামনা করছি। প্রসঙ্গত, ৩০ মার্চ দিনটি রাজস্থানের স্থাপনা দিবস।

## কর্ণাটকে এবারের ভোটে লড়ছেন না ইয়েদুরাপ্পা, আত্মবিশ্বাসের সঙ্গে জানালেন বিজেপিই সংখ্যাগরিষ্ঠতা পাবে

বেঙ্গালুরু, ৩০ মার্চ (হি.স.): কর্ণাটকে এবারের বিধানসভা নির্বাচনে লড়ছেন না সে রাজ্যের প্রাক্তন মুখ্যমন্ত্রী ও প্রবীণ বিজেপি নেতা বি এস ইয়েদুরাপ্পা। বৃহস্পতিবার ইয়েদুরাপ্পা নিজেই তা জানিয়েছেন। প্রবীণ এই নেতা এক সাংবাদিক সম্মেলনে জানিয়েছেন, 'আমি বিধানসভা নির্বাচনে প্রতিদ্বন্দ্বিতা না করার সিদ্ধান্ত নিয়েছি এবং মুখ্যমন্ত্রী পদ থেকেও পদত্যাগ করেছি। কারণ ইতিমধ্যেই ৮০ বছর পার করেছি আমি। ৮০ বছর পেরিয়ে গেলেও, আমি শুধু এইবার নয়, পরের বারও রাজ্যে প্রচার করব। শুধু এইবারই নয়, পরের বারও সংখ্যাগরিষ্ঠতা পাব আমরা।' কর্ণাটকের মুখ্যমন্ত্রী বাসভরাজ বোম্মাই আরও বলেছেন, 'কর্ণাটকে আমরা নিরঙ্কুশ সংখ্যাগরিষ্ঠতা পেতে চলেছি। প্রধানমন্ত্রী মোদীর নেতৃত্বে আমরা আবারও ক্ষমতায় আসব। কংগ্রেস দুর্নীতিগ্রস্ত এবং তাই তাঁরা ৪০ শতাংশ কমিশনের মিথ্যা অভিযোগ করছে, এই বিষয়গুলি ভোটাররা দূরে রাখবেন।' উল্লেখ্য, কর্ণাটকে আগামী ১০ মে বিধানসভা নির্বাচন, ফল ঘোষণা হবে ওই মাসের ১৩ তারিখ।

# হরেকরকম হরেকরকম হরেকরকম

## যক্ষ্মা মোটেই অবহেলার নয়



আগে গরিবের রোগ বলে পরিচিত ছিল টিবি। টিবিকে বলা হত রাজরোগ। আগে গরিবের ঘরে এই রোগের আনাগোনা ছিল বেশি। দিনকাল বদলেছে, ২০২৩ সালে টিবি রোগের চরিত্র বদলে গরিব ও বড় লোকের ভেদাভেদ মুছে গিয়েছে। সাম্যবাদ পৃথিবীতে না এলেও, টিবির জগতে এখন সাম্যবাদই প্রচলিত।

টিবি গরিব ও বড়লোকের দূরত্ব ঘুচিয়ে এক আসনে বসিয়েছে। যক্ষ্মা একটি গুরুতর ব্যাকটিরিয়া সংক্রমিত রোগ, যা ফুসফুসকে প্রধানত প্রভাবিত করে। এটি একটি মারাত্মক ব্যাকটিরিয়া সংক্রমিত রোগ যা কিছু কিছু ক্ষেত্রে ফুসফুস ছাড়াও কিডনি, হাড়ের জয়েন্ট, মস্তিষ্ক, মেরুদণ্ড, হার্টের পেশি এবং স্বরযন্ত্রকেও প্রভাবিত করে। বিশ্ব স্বাস্থ্য সংস্থা ২৪ মার্চ দিনটিকে বিশ্ব যক্ষ্মা দিবস হিসেবে চিহ্নিত করেছে, যক্ষ্মা সম্পর্কে সচেতনতা তৈরির জন্য।

বিশ্ব স্বাস্থ্য সংস্থার মতে, টিবি ব্যাকটিরিয়াঘটিত রোগ এবং এটি মূলত ফুসফুসকে প্রভাবিত করে। যক্ষ্মা রোগে আক্রান্ত ব্যক্তি যদি কাশেন, বা হাঁচেন বা কোথাও থুতু ফেলেন তখন এ সবের মাধ্যমে টিবি-র জীবাণু বাতাসে ছড়িয়ে পড়তে পারে। অল্প সংখ্যক টিবির জীবাণুও যদি বাতাসের মাধ্যমে সুস্থ ব্যক্তির শ্বাসপ্রশ্বাসে মেশে, তাহলে সেই ব্যক্তিও যক্ষ্মা রোগের শিকার হন।

সারা বিশ্বে ১ কোটি মানুষ এই রোগের শিকার। এটিও একটি প্রতিরোধযোগ্য এবং নিরাময়যোগ্য রোগ। তা সত্ত্বেও এই রোগে আক্রান্ত হয়ে প্রতি বছর বিশ্বে ১ কোটির বেশি মানুষের মৃত্যু ঘটে। তৃতীয় বিশ্বের মানুষ মূলত দু-ধরনের টিবি-তে আক্রান্ত হন-- সুপ্ত এবং সক্রিয় টিবি। এবার দেখে নেওয়া যাক, এই রোগের কিছু লক্ষণ:

সক্রিয় টিবি-র লক্ষণ


কাশির সঙ্গে রক্ত পড়লে, বুকে ব্যথা হলে, শ্বাস নেওয়ার সময় ব্যথা অনুভব করলে, কাশি হওয়া, জ্বর হওয়া, ঠান্ডা লাগা কিংবা ওজন ও খিদে কমে যাওয়া এবং আবহাওয়া ঠান্ডা থাকলেও ঘাম হওয়া ইত্যাদি। যখন এই টিবি-র ব্যাকটিরিয়া শরীরে ছড়িয়ে পড়ে, তখন শরীর তার স্বাভাবিক রোগপ্রতিরোধ ক্ষমতা হারায়। সক্রিয় টিবির চিকিৎসা সাধারণত প্রাথমিক পর্যায়েই শুরু না হলে প্রাণসংশয় ঘটতে পারে।

সুপ্ত টিবি-র লক্ষণ

এই ধরনের টিবির লক্ষণগুলি শরীরের কোন অংশ হয়েছে তার উপর নির্ভর করে। লক্ষণগুলি মোটামুটি সক্রিয় টিবির মতোই, তবে ক্লান্তি, হতাশা এবং সংক্রমণস্থলের কাছে ব্যথা ইত্যাদিও কারও কারও ক্ষেত্রে অনুভূত হয়। যখন সক্রিয় টিবি ফুসফুসের বাইরে শরীরের বিভিন্ন অংশে ছড়িয়ে পড়ে তখন একে বলা হয় এক্সট্রাপালমোনারি টিউবারকিউলোসিস।

যক্ষ্মার বিরুদ্ধে লড়াই করার জন্য রয়েছে বিসিজি ভ্যাকসিন। যেটিকে জন্মের সময়ে দেওয়া বাধ্যতামূলক করা হয়েছে। ভারতের বহু মানুষ যক্ষ্মায় আক্রান্ত তাই আমাদের আরও সচেতন হওয়া প্রয়োজন।

## ছোটোখাটো সমস্যা হলে কি করবেন



শরীর থাকলে তা খারাপ হবেই। কিন্তু আপাতত যেহেতু বাড়ি থেকে বেরনোর উপায় নেই, এবং হাতের কাছে ওষুধপত্র অমিল, তাই জটিল সমস্যা না হলে নিজেকেই তা সামাল দেওয়ার ব্যবস্থা করতে হবে। তাই জেনে নিন আপতালীন পরিস্থিতি সামাল দেওয়ার জন্য আপনার ঠিক কী কী করা উচিত।

হটব্যাগ আর বরফ - এই দু'টি জিনিস রাখুন হাতের কাছে।

পিরিয়ডের সময় যাঁদের পেটে ব্যথা হয়, তাঁরা গরম সেঁক দিয়ে আরাম পান। এখন হাতের কাছে ডাক্তার পাবেন না, যাঁরা আছেন, তাঁরাও ছুট করে ব্যথার ওষুধ খেতে বারণ করছেন। তাই গরম সেঁক নিয়ে সামাল দেওয়ার চেষ্টা করুন। কোথাও পড়ে গিয়ে আঘাত লাগলে বরফ রুমালে বেঁধে ব্যথার জায়গায় বেঁধে রাখুন। ব্যথা কমতে আরম্ভ করলে গরম আর ঠান্ডা সেঁক দেবেন। পোড়া, ছ্যাঁকা লাগা সামলাতে আপনার প্রথম অস্ত্র হচ্ছে ঠান্ডা জল। তার পর বরফ ঘষতে থাকুন যতক্ষণ না জ্বালা একেবারে কমে যাচ্ছে। জ্বালা কমার অর্থ আছে পোড়াটা ত্বকের গভীরে গিয়ে পৌঁছতে পারেনি। তার পর সিলভার নাইট্রেট মলম লাগিয়ে নিন। এত করেও যদি দগদগে ফোসকা পড়ে, তা হলে একবার ডাক্তারের সঙ্গে কথা বলে নিন।

কেটে গিয়ে খুব রক্ত পড়ছে? টুর্নিকেট বাঁধুন শক্ত করে। প্রথম লক্ষ্য হচ্ছে রক্ত বন্ধ করা। যদি টুর্নিকেট না থাকে, তা হলে রোদে শুকিয়ে নেওয়া পরিষ্কার কাচা কাপড়ের টুকরো বেঁধে নিন কাটার জায়গায়। রক্ত বন্ধ হতে বাধ্য। তার পর অ্যান্টিসেপ্টিক দিয়ে ড্রেসিং করে পরিষ্কার করে রাখুন। দাঁত বা কানের ভিতরে ব্যথা হলে কিন্তু রিস্ক না নিয়ে ডাক্তারের সঙ্গে কথা বলাই ভালো।

## আপনার গর্ভস্থ শিশু হতে পারে ডাউন সিনড্রোমের শিকার

ডাউন সিনড্রোম হল একটি জেনেটিক সমস্যা। এই ক্ষেত্রে শিশুটি জন্মায় একটি বাড়তি ক্রোমোজম নিয়ে। গর্ভাবস্থা থেকে শিশুর জন্মের পর শারীরিক বৃদ্ধিতে সাহায্য করে এই ক্রোমোজম। বাড়তি এই ক্রোমোজমকে চিকিৎসা পরিভাষায় বলা হয় ট্রাইসমি। ২১ মার্চ বিশ্বজুড়ে ডাউন সিনড্রোম দিন হিসেবে পালন করা হয়।

একটি শিশু জন্মের সময় ৪৬টি ক্রোমোজম নিয়ে জন্মায়। ডাউন সিনড্রোমের ক্ষেত্রে একটি ক্রোমোজম বেশি থাকে। ডাউন সিনড্রোমের জন্য কখনই মা দায়ী নন। এর জন্য দায়ী আমাদের জিন।

আজ থেকে ১০ বছর আগেও মানুষ বিষয়টি নিয়ে এত সচেতন ছিলেন না। ফলে প্রয়োজনীয় পরীক্ষাও করাতেন না। এমন রোগ নিয়ে শিশু জন্ম নিলে অভিশাপ মনে করতেন। অনেক সময় দেখা গিয়েছে যাঁরা বেশি বয়সে মা হন তাঁদের সন্তানের মধ্যে ডাউন সিনড্রোমের সম্ভাবনা থেকে যায়। যদিও চিকিৎসা শাস্ত্রে এমন কোনও উল্লেখ নেই। ডাউন সিনড্রোমে ভোগা শিশুদের মানসিক বিকাশ ব্যাহত হয়। সেই সঙ্গে হার্টেরও আলাদা করে যত্ন নিতে হয়। এছাড়াও এই সব বাচ্চাদের ক্ষেত্রে রক্তাল্পতার সমস্যা থাকে, থাইরয়েডের সমস্যা থাকে। কিছু ক্ষেত্রে লিউকোমিয়াও ধরা পড়ে।

বর্তমানে চিকিৎসা বিজ্ঞানে অনেক অগ্রগতি এসেছে। ডাউন সিনড্রোম নির্ধারণের ক্ষেত্রে যে টেস্ট করানো হয় তাতে ৯০ শতাংশ ক্ষেত্রেই রোগ চিহ্নিত হয়। মাত্র ৫ শতাংশ থাকে ফলস পজিটিভিটি রেট। আর তাই গর্ভাবস্থার একেবারে খুব প্রাথমিক পর্যায় থেকেই চিকিৎসকেরা বিভিন্ন রক্ত পরীক্ষা, আলট্রা সাউন্ড এসব করতে দেন। এই আলট্রাসাউন্ড পরীক্ষার মাধ্যমেই গর্ভস্থ শিশুর সঠিক অবস্থান জানা যায়। এরফলে পরবর্তীতে গর্ভধারণকে এগিয়ে নিয়ে যাওয়া সম্পর্কে সেই দম্পতি সঠিক সিদ্ধান্তে আসতে সুবিধা পেতে পারেন। ডিএনএ টেস্ট থেকেই গর্ভস্থ সন্তানের জিন সম্পর্কে যাবতীয় তথ্য পাওয়া যায়। স্ক্রিনিং পদ্ধতির ফল ইতিবাচক হলে তখন চিকিৎসক সেই মত সিদ্ধান্ত নেন। আলট্রা সাউন্ডের মাধ্যমেই এই পরীক্ষা করা হয়। এই স্ক্যানে গর্ভস্থ সন্তানের ঘাড়ের পিছনের দিকে একটি পরীক্ষা করা হয়। কারণ যারা ডাউন সিনড্রোমে আক্রান্ত হয় তাদের ঘাড়ের কাছে অতিরিক্ত তরল দেখতে পাওয়া যায়।

সেই সঙ্গে প্রথম তিনমাসের মধ্যে অকটি রক্তপরীক্ষাও করা হয়। প্রোটিন ও হরমোনের মাত্রা পরিমাপ করা হয়। নির্ধারিত সীমার বাইরে গেলেই ডাউন সিনড্রোমের আশঙ্কা করা হয়। গর্ভাবস্থার দ্বিতীয় পর্যায়েও আবার এই রক্তপরীক্ষা করা হয়। যদি তাতে দেখা যায় যে হরমোনের মাত্রা একই থাকছে তাহলে চিকিৎসকেরা একদম নিশ্চিত হয়ে যান যে গর্ভস্থ সন্তান ডাউন সিনড্রোমে আক্রান্ত।

## নবরাত্রিতে উপোস করেন? ভাঙার সময় মাথায় রাখুন এই কয়েকটি টিপস





মা মার্চ থেকে শুরু হয়েছে নবরাত্রির উপবাস। এই ন'দিন নয় রূপে মা দুর্গার পুজো করা হয়। শাস্ত্র মতে এই তিথিতে দুর্গার মন্ত্র জপ করলে এবং পুজো করলে অনেক সুফল পাওয়া যায়। আবার দুর্গার আরাধনা করলে একাধিক রাহুর অশুভ প্রভাব থেকেও মুক্তি পাওয়া যায়। অর্থ সংকট থেকেও মুক্তি পাওয়া যায় যদি জপ করা হয় দুর্গার মন্ত্র।

নবরাত্রির উপবাস অনেক করেন শরীরের ডিটক্সিফিকেশনের জন্য এই উপবাসের নিয়ম হল সারাদিন কিছু না খেয়ে থাকা। তবে জল, ফলের রস, চা, কফি এসব খাওয়া যাবে। আর দিনের শেষে মাত্র একবারই সলিড ফুড খাওয়া যাবে। এই উপবাসে যেমন মন শান্ত হয় তেমনই ওজনও কিন্তু কমে। তবে উপবাসের সময় মেনে চলতে হবে বেশ কিছু নিয়ম। নবরাত্রির উপবাস রাখলে শরীর ভিতর থেকে সুস্থ হয়। অপ্রয়োজনীয় ক্যালোরি শরীর থেকে দূর হয়ে যায়। হজম ভাল হয়। গ্যাস অম্বলের সমস্যা হয় না। সেই সঙ্গে মেটাবলিজমও কিন্তু খুব ভাল হয়। আমরা অধিকাংশই প্রয়োজনের তুলনায় বেশি খাবার খাই। যা কারণে আমাদের শরীরে সমস্যাও অনেক বেশি থাকে। তাই নবরাত্রির উপবাস রাখলেও সারাদিনে প্রচুর পরিমাণ জল খেতে হবে। ফলের রস খেতে পারেন। মিল্ক শেক, চা এসব খেতেই পারেন। প্রয়োজনে বিস্কুট, কুকিজ খান। তবে সারাদিনের ভারী খাবার দিনের মধ্যে মাত্র একটা সময়েই খান। যখন খাবেন তাতে ভাজাভুজি কিছু রাখবেন না। উপবাসের পর তেলে ভাজা, আলু, মিষ্টি এসব এড়িয়ে চলতে পারলেই ভাল। কারণ এসব খেলে শরীর অসুস্থ হওয়ার সম্ভাবনা থেকে যায়। ফল খান, ওটস, আটা দিয়ে চিল্লা বানিয়ে খেতে পারেন। ওটসের প্যানকেক বানিয়ে নিতে পারেন। এতে শরীর ফাইবার পাবে আর অনেকক্ষণ পর্যন্ত পেট ভরাও থাকবে।

ব্রত মানেই অধিকাংশের ধারণা মিষ্টি খেতেই হবে। আর তাই নানা রকম পায়েস, ক্ষীর, হালুয়া এসব বানানো হয়েই থাকে। এবার উপবাসের পর মিষ্টি খেলেই শরীরের ক্ষতি হয়, শরীরে নানা রকম ক্ষত তৈরি হতে পারে। সেই সঙ্গে চড়চড়িয়ে বাড়তে পারে সুগারও। আর তাই ব্রত উপবাসের পর স্মুদি, ফলের রস এসব খেতে পারেন। তবে ফলের রসে যেন চিনি মেশানো না থাকে সেদিকেও খেয়াল রাখুন।

## বাড়িতে বানানো এই পাঁচ জুস খেলেই বাড়বে রোগ প্রতিরোধক ক্ষমতা



আজকাল ভাইরাসের প্রকোপের সঙ্গে পাল্লা দিয়ে বেড়েছে রোগজ্বালাও। নিত্যনতুন ভাইরাসের প্রকোপে নাজেহাল মানুষ। কোভিডের ধাক্কা কাটতে না কাটতেই ফের হাজির এই সব ভাইরাস। আর এই সব ভাইরাসের প্রকোপে শরীরের কমছে রোগপ্রতিরোধক ক্ষমতা। যে কারণে শরীরে রোগ প্রতিরোধী অ্যান্টিবডি গড়ে তুলতে হবে।

শরীরে যদি পর্যাপ্ত পরিমাণ শ্বেত রক্তকণিকা থাকে তবেই কিন্তু সংক্রমণ প্রতিরোধ সহজ হবে। আর এর জন্য আমাদের সুষম আহার জরুরি। জল বেশি করে খেতে হবে, ফল খেতে হবে সেই সঙ্গে প্রোটিন সমৃদ্ধ খাবারও খেতে হবে। নিয়মিত পুষ্টি আর ভিটামিন পেলে তবেই রোগ প্রতিরোধক ক্ষমতা জোরদার হবে। আর তাই বাড়িতেই বানিয়ে নিতে পারেন এই কয়কটি জুস। গরমের দিনে খেতে যেমন ভাল তেমনই শরীরও সুস্থ থাকবে।

বাজারে এখন প্রচুর পরিমাণ টমেটো পাওয়া যাচ্ছে। সেই টমেটো দিয়ে জুস বানিয়েও খেতে পারেন। টমেটোর মধ্যে অ্যান্টিঅক্সিডেন্ট, ভিটামিন সি, ভিটামিন ই এবং বিটা ক্যারোটিন থাকে। যা কোষকে বিভিন্ন ক্ষতিকারক প্রভাব থেকে রক্ষা করে। আর তাই টমেটো পেষাই করে ওর মধ্যে সামান্য গোলমরিচের গুঁড়ো আর নুন মিশিয়ে খেতে পারেন। এতে ত্বক ভাল থাকে সেই সঙ্গে অন্ত্র ঠিক রাখতেও সাহায্য করে। হার্ট এবং সামগ্রিক স্বাস্থ্যের জন্যে কিন্তু খুবই ভাল। শরীর সুস্থ রাখতে সবচেয়ে বেশি ভূমিকা রয়েছে ভিটামিন সি এর। ভাতের সঙ্গে রোজ একটা করে লেবু খেতে পারলে খুব ভাল। এতে শরীরে রোগ প্রতিরোধক ক্ষমতা বাড়ে। সেই সঙ্গে বিভিন্ন সংক্রমণের বিরুদ্ধেও লড়াই করতে সাহায্য করে। বাতাবি লেবু, মুসাম্বি লেবু অথবা এখন বাজারে যে মাল্টা অরেঞ্জ পাওয়া যায় তার জুস বানিয়ে খেতে পারেন। যে কোনও ভাইরাল সংক্রমণ থেকে দূরে রাখে লেবু।

গাজর বিটের রসও শরীরের জন্য খুব ভাল। এর মধ্যে থাকে ভিটামিন এ, কে। এছাড়াও থাকে ক্যালশিয়াম যা হাড় গঠনে সাহায্য করে। গাজর আর বিট থেকে রস বের করে নিয়ে ওর মধ্যে সামান্য কাঁচা হলুদ, গোলমরিচ আর লেবুর রস মিশিয়ে খান। ত্বক ভাল রাখতে এই জুসের জুড়ি মেলা ভার। গরমের দিনে তরমুজের জুস খুব ভাল কাজ করে। সেই সঙ্গে তা পেট পরিষ্কার রাখতেও কাজে আসে। তরমুজের মধ্যে থাকে ভিটামিন এ, সি, জিঙ্ক, ম্যাগনেশিয়াম। গরমের দিনে তরমুজের জুস শরীরকে অনেক আরাম দেয়। সংক্রমণের হাত থেকে রক্ষা করে। পেশীতে ব্যথা হলেও তার থেকে মুক্তি পেতেও কিন্তু সাহায্য করে এই তরমুজের জুস। কিউই খুব দারুণ উপকারী একটি ফল। এর মধ্যে থাকে অ্যান্টিঅক্সিডেন্ট, থাকে প্রচুর পরিমাণ ভিটামিন সি। শরীরে এনজাইম তৈরিতেও ভূমিকা রয়েছে কিউই এর। তাই স্মুদির সঙ্গে কিউই মেশাতে পারেন আবার ফ্রুট স্যালাডের সঙ্গেও মিশিয়ে নিতে পারেন কিউই।

## সকালের এই পাঁচ অভ্যাসেই দূর হবে বিষণ্ণতা



সুস্থ জীবন পেতে, সুস্থ শরীরের পাশাপাশি প্রয়োজন সুস্থ মনও। মানসিকভাবে ভালো না থাকলে শরীরেও ক্ষতি হতে থাকে। আজকের যুগে 'ডিপ্রেশন' নামক শব্দটার সঙ্গে ছোটো থেকে বড় সকলেই পরিচিত। ব্যক্তিগত ও কর্মজীবনের টানাপোড়েনে এখন অনেকেই ডিপ্রেশনের শিকার। ডিপ্রেশন বা বিষণ্ণতা মানুষকে ধীরে ধীরে অক্ষমতার দিকে ঠেলে দেয়। দীর্ঘদিন কেউ বিষণ্ণতায় ভুগতে থাকলে, পরবর্তীকালে তা বড় অসুখে পরিণত হতে পারে। তখন সেই মানসিক চাপ মস্তিষ্কে ক্ষতিগ্রস্ত করে তোলে। এটি সুস্থ চিন্তাধারার বিকাশে বাধা হয়ে দাঁড়ায়। তাই মানসিক চাপকে গোড়াতেই নির্মূল করে ফেলা উচিত। সকালের কিছু স্বাস্থ্যকর অভ্যাসেই দূর হতে পারে ডিপ্রেশনের মতো মানসিক সমস্যা। দেখে নিন বিষণ্ণতা দূর করার কয়েকটি সহজ উপায়। সূর্যের আলোয় দাঁড়ান সূর্যের আলো আমাদের শরীরে সুখী হরমোনের উত্থান বাড়ায়। ফলে মানসিক স্বাস্থ্যের উন্নতি ঘটে। যাঁরা ডিপ্রেশনে আক্রান্ত তাঁদের জন্য দারুণ কাজ করে এই পদ্ধতি।

মেলাটোনিন শরীরে ঘুমের সাইকেল বা চক্রকে নিয়ন্ত্রণ করে। মেলাটোনিন হরমোন অন্ধকারে নিঃসৃত হয়। সূর্যাস্তের পরে অন্ধকার নামার সঙ্গে সঙ্গে মস্তিষ্কে মেলাটোনিন হরমোন ক্ষরণ বাড়তে থাকে। আবার, দিনের বেলায় সূর্যের আলোয় মেলাটোনিন ক্ষরণ কমে যায়। ফলে ঘুমের ঘোর কাটে। তাই, মেলাটোনিনের মাত্রা কমাতে কিছুক্ষণের জন্য সূর্যের আলোয় দাঁড়ান। এতে মেজাজ উন্নত হবে।

নির্দিষ্ট সময়ে ঘুম থেকে ওঠা প্রতিদিন নির্দিষ্ট সময়ে ঘুম থেকে ওঠার চেষ্টা করুন। নির্দিষ্ট সময়ে ঘুম থেকে ওঠা শরীরের বায়োলজিক্যাল ক্লক-কে সঠিকভাবে চলতে এবং ভালো ঘুম হতে সাহায্য করবে। এটি ডিপ্রেশনের রোগীদের জন্য সহায়ক হতে পারে।

শ্বাস-প্রশ্বাসের ব্যায়াম

প্রতিদিন সকালে কিছুক্ষণ শ্বাস-প্রশ্বাসের ব্যায়াম করলে সারা দিন মনকে ফোকাস রাখতে, উদ্বেগ এবং স্ট্রেস কমাতে সাহায্য করবে।

শরীরচর্চা শরীরচর্চা বা ব্যায়াম বিষণ্ণতার চিকিত্সায় খুবই কার্যকর। কারণ শরীরচর্চা করলে এন্ডোরফিন হরমোন ক্ষরণ হয়, যা আমাদের মানসিক স্বাস্থ্যের উন্নতি ঘটায়।

স্বাস্থ্যকর প্রাতঃরাশ সকালে ব্রেকফাস্ট না করা শারীরিক ও মানসিক উভয় ক্ষেত্রেই অত্যন্ত ক্ষতিকর। তাই সকালে অবশ্যই স্বাস্থ্যকর খাবার খাওয়া উচিত। প্রতিদিন সকালে সুষম খাবার খাওয়া, রক্তে শর্করার মাত্রা নিয়ন্ত্রণ করে এবং শরীরে সারা দিনের জন্য প্রয়োজনীয় এনার্জি যোগাতে সহায়তা করে।

## আপনি লিভার সিরোসিসে আক্রান্ত নন তো?

প্রতি বছর প্রায় হাজার হাজার মানুষের লিভার সিরোসিসে আক্রান্ত হয়ে মৃত্যু হয়। লিভার সিরোসিস হলে লিভার তার স্বাভাবিক কর্মক্ষমতা পুরোপুরি হারিয়ে ফেলে। এই রোগে লিভার একেবারে অকেজো হয়ে পড়ে। লিভারের দীর্ঘ স্থায়ী ক্ষত থেকে এই অসুখের জন্ম নেয়। অনেক ক্ষেত্রেই লিভার সিরোসিসে আক্রান্ত রোগী লিভার ক্যান্সারেও আক্রান্ত হন।

বেশিরভাগ ক্ষেত্রে লিভার সিরোসিস ধরতেই অনেকটা দেরি হয়ে যায়। আর যখন ধরা পড়ে তখন আর কিছু করার থাকে না। তবে এই রোগ শরীরে থাবা বসালে কিছু কিছু লক্ষণ প্রকাশ পায়। জন্ডিস লিভার সিরোসিসের অন্যতম লক্ষণ জন্ডিস। ত্বক এবং চোখের সাদা অংশ হলুদ হয়ে যায়। রক্তে বিলিরুবিনের মাত্রা বেড়ে গেলে জন্ডিস দেখা দেয়। রক্তের লোহিত কণিকাগুলো স্বাভাবিক নিয়মেই ভেঙে গিয়ে বিলিরুবিন তৈরি করে। যা লিভারে প্রক্রিয়াজাত হয়ে পিত্তরসের সঙ্গে পিত্তনালীর মাধ্যমে পরিপাকতন্ত্রে প্রবেশ করে। তারপর তা শরীর থেকে নির্গত হয়। লিভারে ক্ষত তৈরি হলে, লিভার শরীরে বিলিরুবিনের মাত্রা নিয়ন্ত্রণে রাখতে পারে না। তখন এই অসুখ হওয়ার আশঙ্কা তৈরি হয়।

শারীরিক ক্লান্তি এবং দুর্বলতা লিভার ঠিকমতো কাজ না করলে, শরীরের বিপাকীয় কাজগুলি ঠিকমতো সম্পন্ন হয় না, ফলে শারীরিক ক্লান্তি, দুর্বলতা এবং অস্থিরতা দেখা দেয়।

পেট ফাঁপা এবং ব্যথা

লিভারের সিরোসিসের কারণে পেটে তরল জমা হতে পারে, ফলে পেট ফাঁপা এবং ব্যথা হওয়ার মতো সমস্যা দেখা দিতে পারে। পেট ফাঁপার সমস্যায় আমরা প্রায়ই ভুগি। সেই সময় পেটও ফুলে থাকে। তবে, বেশ কয়েক দিন পর পর এই রকম সমস্যা দেখা দিলে অবশ্যই ডাক্তার দেখান।

রক্তক্ষরণ এবং কালশিটে

লিভার দূষিত রক্তের কোষগুলিকে বৃদ্ধি পেতে দেয় না। লিভার ভিটামিন কে-র সাহায্যে এক ধরনের প্রোটিন উত্পাদন করে। এই প্রোটিন রক্তক্ষয় বন্ধ করে যে কোনও ক্ষত তাড়াতাড়ি সারিয়ে তুলতে সাহায্য করে। তবে লিভার যদি খারাপ হয়, তখনই শরীরে রক্ত জমাট বেঁধে কালশিটে দেখা দিতে পারে, কিংবা খুব সহজেই অনেকটা রক্তক্ষয় হয়ে যেতে পারে।

মানসিক অবস্থার পরিবর্তন

লিভার সঠিকভাবে কাজ না করলে রক্ত প্রবাহে টক্সিন জমা হতে পারে, যার ফলে মানসিক পরিবর্তন হয়, যেমন - বিভ্রান্তি, স্মৃতিশক্তির সমস্যা, ইত্যাদি। লিভার সিরোসিসে আক্রান্ত হলে লিভার ফেলিওর, লিভার ক্যান্সার, এমনকি মৃত্যুও হতে পারে।

# ভারত ও বাংলাদেশের পারস্পরিক সম্পর্ক উন্নয়ণে আহ্বাণ

কলকাতা, ৩০ মার্চ (হি. স.) : ভারত ও বাংলাদেশের পারস্পরিক সম্পর্ক উন্নয়নের ক্ষেত্রকে আরও প্রসারিত করার আহ্বাণ জানানো হল এক অনুষ্ঠানে। বাংলাদেশের স্বাধীনতা দিবস ও জাতীয় দিবস উপলক্ষে বুধবার রাতে একটি পাঁচতারা হোটেলের অনুষ্ঠানে এই আবেদন রাখেন কলকাতায় বাংলাদেশের উপ হাইকমিশনার আন্দালিব ইলিয়াস এবং অনুষ্ঠানে প্রধান অতিথি পশ্চিমবঙ্গের অতিরিক্ত মুখ্যসচিব সুব্রত গুপ্ত।

আন্দালিব ইলিয়াস বলেন, "এই আনন্দের সময় শ্রদ্ধার সঙ্গে স্মরণ করছি বাংলাদেশের স্থপতি, বাংলাদেশের জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানকে। তিনি ১৯৭১ সালের ২৬শে মার্চ ভোররাতে আমাদের স্বাধীনতা ঘোষণা করেছিলেন। তাঁর দূরদর্শী নেতৃত্ব জাতিকে আমাদের দীর্ঘদিনের লালিত স্বাধীনতার দিকে নিয়ে গেছে। আমি ত্রিশ লক্ষ শহীদ, দুই লক্ষ বীরাঙ্গনা এবং বীর মুক্তিযোদ্ধাদের প্রতি আমার গভীর শ্রদ্ধা নিবেদন করছি। তাঁরা আমাদের সার্বভৌম পরিচয়ের প্রতীক লাল ও সবুজের জন্য সর্বোচ্চ আত্মত্যাগ করেছেন। আমি গভীর কৃতজ্ঞতার সাথে স্মরণ করছি আমাদের বিদেশী বন্ধুদের যাঁরা আমাদের মুক্তির লক্ষ্যে তাদের সর্বাত্মক সমর্থন ও সহযোগিতা প্রসারিত করেছিলেন। ভারতের জনগণ এবং সরকার, বিশেষ করে পশ্চিমবঙ্গের জনগণ ১৯৭১ সালের মহান মুক্তিযুদ্ধের কঠিন সময়ে আমাদের অপ্রতিরোধ্য সমর্থন দিয়েছিলেন। তাঁদের প্রতি আন্তরিক ধন্যবাদ ও কৃতজ্ঞতা প্রকাশ করতে চাই।

বিগত ৫২ বছরে বাংলাদেশের রূপান্তরমূলক পরিবর্তন এবং আর্থ-সামাজিক অর্জনগুলি নিয়ে গর্বের সাথে কথা বলার কারণ রয়েছে। ফিনিক্সের মতো ছাই থেকে উঠে বাংলাদেশ গত পাঁচ দশকে কঠিন চ্যালেঞ্জ অতিক্রম করেছে।

জাতির জনকের কন্যা আমাদের মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার গতিশীল নেতৃত্বে বাংলাদেশ ২০০৯ সাল থেকে স্থায়ী উন্নয়নের ঈর্ষণীয় পথে যাত্রা করছে। বিশ্বব্যাপী একটি 'বিস্ময়কর উন্নয়ন' হিসেবে প্রশংসিত হয়েছে। দারিদ্র্য বিমোচন, খাদ্য নিরাপত্তা, সার্বজনীন শিক্ষা, নারীর ক্ষমতায়ন, জেন্ডার সমতা, দুর্যোগ ব্যবস্থাপনা, সব ধরনের চরমপন্থার বিরুদ্ধে লড়াইয়ে অত্যন্ত দৃঢ় অবস্থান এবং জলবায়ু পরিবর্তনের চ্যালেঞ্জ মোকাবেলায় এর বৈশ্বিক নেতৃত্বের ক্ষেত্রে আন্তর্জাতিক প্রশংসা অর্জন করেছে, বিশেষ করে জলবায়ু পরিবর্তন অভিযোজন ক্ষেত্রে।"

অনুষ্ঠানে প্রধান অতিথির ভাষণে সুব্রত গুপ্ত বলেন, "বাংলাদেশের সঙ্গে এপার বাংলার মানুষের একটা বড় অংশের আবেগের একটা বড় সম্পর্ক রয়েছে। আমার পূর্বপুরুষ থাকতেন পূর্ব পাকিস্থানে।

দেশ ভাগের আগেই, ১৯৪৬-এ আমার বাবা চলে আসেন। ভারত-বাংলাদেশের সীমারেখা ৪ হাজার কিলোমিটারের চেয়েও বেশি। এ দেশের ৫টি রাজ্যে ছড়িয়ে। সীমান্তে অনেকটা অংশে রয়েছে জল। গত বছর ভারত-বাংলাদেশ বানিজ্যের পরিমাণ দাঁড়িয়েছে ১৮ মিলিয়ন ডলারের ওপর। পরিমাণটা ক্রমেই বাড়ছে। বাংলাদেশের বস্ত্রশিল্পের প্রবৃদ্ধির হার লক্ষ্যণীয়। সুব্রতবাবু বলেন, পূর্বপুরুষদের অনেক স্মৃতি রয়েছে সাবেক পূর্ব পাকিস্তানকে ঘিরে। দুই বাংলার অনেক মিল। বিশেষ করে ভাষা, সংস্কৃতি, সিনেমা, কবিতা, সাহিত্য প্রভৃতি ক্ষেত্রে। কিছু অসুবিধার একটি হল সন্ত্রাসবাদ। দুদেশের সমঝোতার মাধ্যমে অনেকটাই সমাধানসূত্র মিলেছে। আরও পারস্পরিক সম্পর্ক উন্নয়নে আমরা সকলেই তার সুফল পাব।

অনুষ্ঠানে প্রথমে ভারতের ও তার পরে বাংলাদেশের জাতীয় সঙ্গীত পরিবেশিত হয়। পেল্লাই কেক কেটে বিশেষ দিনটিকে স্মরণ করা হয়। বিশিষ্ট আমন্ত্রিতদের মধ্যে ছিলেন প্রবীন শিক্ষাবিদ তথা প্রাক্তন উপাচার্য্য ডঃ পবিত্র সরকার, উপাচার্য্য ডঃ সুরঞ্জন দাস, উদ্যোগপতি সত্যম রায়চৌধুরী ও নয়নতারা পালচৌধুরী, ক্যালকাটা বুক সেলার্স অ্যান্ড পাবলিশার্স গিল্ডের দুই কর্মকর্তা সুধাংশুশেখর দে ও ত্রিদিব চট্টোপাধ্যায়, কলকাতা প্রেস ক্লাবের দুই কর্মকর্তা স্নেহাশিস সুর ও কিংশুক প্রামাণিক, গায়ক রূপঙ্কর বাগচি, বিভিন্ন দূতাবাস ও বণিকসভার পদস্থ আধিকারিক এবং সাংবাদিক-সহ বিভিন্ন পেশার কিছু আমন্ত্রিত।

# তিলজলাকাণ্ডের নিরপেক্ষ তদন্ত দাবি সারা ভারত প্রগতিশীল মহিলা সমিতির

কলকাতা, ৩০ মার্চ (হি. স.) : তিলজলায় শিশু কন্যাকে অপহরণ করে যৌন নিরাতন চালিয়ে নৃশংসভাবে হত্যার নিরপেক্ষ তদন্ত দাবি করল সারা ভারত প্রগতিশীল মহিলা সমিতি।

সমিতির এক বিবৃতিতে বৃহস্পতিবার জানানো হয়েছে, রবিবার তিলজলা থানা এলাকায় একটি ৭ বছরের শিশু কন্যাকে অপহরণ করে যৌন নিরাতন চালিয়ে নৃশংসভাবে হত্যা করা হয়। ঘটনার পরে এলাকার মানুষজন ক্ষোভে ফেটে পড়ে।

সারা ভারত প্রগতিশীল মহিলা সমিতির পক্ষ থেকে রাজ্য সম্পাদিকা ইন্দ্রাণী দত্ত, সহকারী সম্পাদিকা চন্দ্রাস্মীতা চৌধুরী, মিতালি বিশ্বাস এবং প্রতিবিধান পত্রিকার সম্পাদিকা মন্ডলীর সদস্যা মধুরিমা বক্সী সোমবার ঘটনাস্থলে গিয়ে নির্যাতিতার পরিবারের সাথে দেখা করতে চাইলে পুলিশের কাছে বাধাপ্রাপ্ত হন। তিলজলা থানার ওসি বলেন ফরেন্সিক বিভাগ থেকে তদন্ত করতে এসেছেন তাই এখন কাউকে ঢুকতে দেওয়া হবে না।

যে পাড়ায় ঘটনাটি ঘটেছে সেইখানে মুলত শ্রমিক মানুষের বাস। গলির মধ্যে একদমে গাঁ ঘেসাঘেসি করে বাড়িগুলো রয়েছে। অঞ্চলের মধ্যে এক গভীর নিস্তব্ধতা। সেইখানেই কয়েকজন মানুষের সাথে কথা বলে জানা যায় শিশুটি নিখোঁজ হওয়ার দু"ঘন্টার পর পরিবারের পক্ষ থেকে পুলিশের কাছে সাহায্য চাইতে গেলে তখনি পুলিশ এসে পৌঁছায়নি। এলাকায় লোকের মতে ঠিক সময়ে পুলিশ এসে পৌঁছালে হয়তো মেয়েটিকে বাঁচানো যেতে পারতো। শিশুটি যেই ফ্ল্যাটে থাকে সেই ফ্ল্যাটের একতলায় অভিযুক্ত অলোক কুমার মেয়েটিকে মাথায় আঘাত করে, স্ক্রু ডাইভারের মত কিছু জিনিস দিয়ে শিশুটির মাথায় ফুটো করে, হাত-পা, মুখ বেঁধে বস্তায় পুরে রেখে দিয়েছিলো। মেয়েটির সারা গায়ে নানান আঘাতের চিহ্ন রয়েছে। ঘটনার সাথে তান্ত্রিক যোগাযোগ নিয়ে ধন্ধ তৈরি হয়েছে। যৌন নির্যাতনের ঘটনাকে আড়াল করার জন্য তান্ত্রিকের নাম নেওয়া হচ্ছে সেই কথাও উড়িয়ে দেওয়া যাচ্ছে না। এলাকার লোকের সাহায্য নিয়েই অভিযুক্তকে ধরা হয়। ওই সময় এলাকার মানুষের সাথে পুলিশের খন্ডযুদ্ধ বাঁধে।

মৃতা শিশুটির বডি পোস্টমর্টেম করে এলাকায় না নিয়ে পরিবারকে সাথে নিয়ে পুলিশের আলাদা করে জ্বালিয়ে দেওয়াতেও লোকের মধ্যে ক্ষোভের সৃষ্টি হয়। থানার ওসি সমিতির টিমকে জানান এখন এই ঘটবার তদন্ত করছেন লালবাজার হোমিসাইড বিভাগ। এরই মধ্যে ঘটনাস্থলে এসে পৌঁছান রাজ্যের মন্ত্রী জাভেদ খান। এবং খুব সহজেই ফরেনসিক তদন্ত চলাকালীন তিনি পরিবারের সাথে দেখা করতে চলে যান। সেইখানেই প্রেসের সামনেই মহিলা সমিতির টিম ওসিকে উদ্দেশ্য করে বলেন আমাদের ঢুকতে দেওয়া হয় না অথচ মন্ত্রী কি করে ঢোকার অনুমতি পায়? এরপর ওসি বাধ্য হয়ে মৃতা শিশুটির বাবার সাথে টিমের দেখা করিয়ে দেন। সন্তান হারা শোকার্ত বাবা জানান তারা গরিব মানুষ, তিনি তার মেয়ের খুনির কঠিন শাস্তি চান।

সারা ভারত প্রগতিশীল মহিলা সমিতির তরফে এই ঘটনার নিরপেক্ষ তদন্ত দাবি করা হচ্ছে। এবং মেয়েটির উপর যৌন নির্যাতন হয়েছে কিনা তার তথ্য প্রকাশ্যে আনা হোক এবং পকসো আইনে তার বিচার দ্রুত সম্পন্ন করা হোক।

## কলকাতা ও পুরীর মধ্যে আরও একমাস চলবে স্পেশাল ট্রেন, যাত্রী ভিড় সামাল দিতেই সিদ্ধান্ত

কলকাতা, ৩০ মার্চ (হি.স.): অতিরিক্ত যাত্রী ভিড় সামাল দিতে পূর্ব রেল কলকাতা ও পুরীর মধ্যে চলাচলকারী স্পেশাল ট্রেন আরও একমাস চালানোর সিদ্ধান্ত নিয়েছে। ০৩১০১ কলকাতা-পুরী স্পেশাল আগামী ২ এপ্রিল থেকে ৩০ এপ্রিল প্রতি রবিবার কলকাতা থেকে এবং ০৩১০২ পুরী-কলকাতা স্পেশাল আগামী ৩ এপ্রিল থেকে পয়লা মে পর্যন্ত প্রতি সোমবার পুরী থেকে ছাড়বে।

বৃহস্পতিবার, ৩০ মার্চ থেকে কলকাতা - পুরী স্পেশাল ট্রেনের আসন সংরক্ষণ শুরু হয়েছে, টিকিট বুকিং-এ কোনও ছাড়ের সুবিধা ও তৎকাল কোটা কার্যকর হবে না, স্পেশাল চার্জ কার্যকর হবে বলে রেল সূত্রের খবর।

## ১ এপ্রিল ভোপালে সফর প্রধানমন্ত্রীর, সূচনা করবেন বন্দে ভারত এক্সপ্রেস ট্রেনের

নয়াদিল্লি, ৩০ মার্চ (হি.স.): আগামী ১ এপ্রিল, শনিবার মধ্যপ্রদেশের ভোপালে যাচ্ছেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী। ওই ভোপালে একগুচ্ছ কর্মসূচি রয়েছে প্রধানমন্ত্রীর। এর মধ্যে রয়েছে ভোপাল থেকে নতুন দিল্লি বন্দে ভারত এক্সপ্রেস ট্রেনের সূচনা। ভোপালে রানী কমলাপতি রেল স্টেশন থেকে ভোপাল-নতুন দিল্লি বন্দে ভারত এক্সপ্রেস ট্রেনের সূচনা করবেন প্রধানমন্ত্রী মোদী। এছাড়াও ভোপালের কুশাভাউ ঠাকুর হলে কম্বাইন্ড কমান্ডার্স কনফারেন্স-২০২৩-এ যোগ দেবেন প্রধানমন্ত্রী মোদী। ১ এপ্রিল সকাল দশটা নাগাদ ভোপালে পৌঁছনোর কথা মোদীর। প্রথমেই ভোপালের কুশাভাউ ঠাকুর হলে কম্বাইন্ড কমান্ডার্স কনফারেন্স-২০২৩-এ যোগ দেবেন তিনি। এরপর বিকেল ৩.১৫ মিনিট নাগাদ রানী কমলাপতি রেল স্টেশন থেকে ভোপাল-নতুন দিল্লি বন্দে ভারত এক্সপ্রেস ট্রেনের সূচনা করবেন প্রধানমন্ত্রী মোদী।

## ভারতীয় বিচার ব্যবস্থা বিদেশী হস্তক্ষেপ দ্বারা প্রভাবিত হতে পারে না : কিরেণ রিজিজু

নয়াদিল্লি, ৩০ মার্চ (হি.স.): কংগ্রেস নেতা রাহুল গান্ধীর সাংসদ পদ খারিজ নিয়ে মুখ খুলেছে জার্মান বিদেশমন্ত্রক। আর তা নিয়েই তীব্র অসন্তোষ প্রকাশ করেছেন কেন্দ্রীয় আইন ও বিচার মন্ত্রী কিরেণ রিজিজু। টুইট করে রিজিজু জানিয়েছেন, ভারতীয় বিচার ব্যবস্থা বিদেশী হস্তক্ষেপ দ্বারা প্রভাবিত হতে পারে না। একইসঙ্গে তিনি জানান, ভারত "বিদেশি প্রভাব" আর সহ্য করবে না, কারণ আমাদের প্রধানমন্ত্রী হলেন নরেন্দ্র মোদী।

উল্লেখ্য, রাহুল গান্ধীর সাংসদ পদ খারিজ নিয়ে মুখ খুলেছে জার্মান বিদেশমন্ত্রক। জার্মান বিদেশমন্ত্রকের মুখপত্রের তরফে এই বিষয় নিয়ে উদ্বেগ প্রকাশ করা হয়েছে এবং এই বিষয় নিয়ে বিচার ব্যবস্থায় স্বচ্ছতা এবং গণতন্ত্র ব্যবস্থার নিয়মনীতি প্রয়োগের প্রসঙ্গ উত্থাপিত হয়েছে। জার্মান বিদেশ মন্ত্রকের এই প্রতিক্রিয়াকে টুইট করে ধন্যবাদ জানিয়েছেন কংগ্রেস নেতা দ্বিগ্বিজয় সিং। সে বিষয়ে পাল্টা টুইট করে কেন্দ্রীয় আইন ও বিচার মন্ত্রী কিরেণ রিজিজু লিখেছেন, ভারতের অভ্যন্তরীণ বিষয়ে হস্তক্ষেপের জন্য বিদেশী শক্তিকে আমন্ত্রণ জানানোর জন্য রাহুল গান্ধীকে ধন্যবাদ। মনে রাখবেন, ভারতীয় বিচার ব্যবস্থা বিদেশী হস্তক্ষেপ দ্বারা প্রভাবিত হতে পারে না। ভারত "বিদেশি প্রভাব" আর সহ্য করবে না, কারণ আমাদের প্রধানমন্ত্রী হলেন নরেন্দ্র মোদী।

## রাহুলের বিরুদ্ধে এবার মামলার হুমকি পলাতক ললিত মোদীর

লন্ডন, ৩০ মার্চ (হি.স.) : 'মোদী' পদবি নিয়ে মন্তব্যের জন্য এবার কংগ্রেসের প্রাক্তন সভাপতি রাহুল গান্ধীর বিরুদ্ধে মামলার হুমকি দিলেন 'পলাতক' ললিত মোদী। লন্ডনের আদালতে রাজীব তনয়ের বিরুদ্ধে মানহানি মামলা দায়ের করা হবে বলে বৃহস্পতিবার নিজে টুইটার হ্যান্ডেলে এই পোস্টে হুমকি করেছেন। সেই সঙ্গে লন্ডনে কোন-কোন কংগ্রেস নেতার সম্পত্তি রয়েছে তা ফাঁস করা হবে বলেও হুঙ্কার ছুঁড়েছেন। যদিও ললিত মোদীর হুমকিকে গুরুত্বই দেননি কংগ্রেস নেতারা।

আইপিএলের চেয়ারম্যান থাকাকালীন কয়েকশো কোটি টাকা নয়ছয় করার অভিযোগ উঠেছিল ললিত মোদীর বিরুদ্ধে। একাধিক কেন্দ্রীয় সংস্থা তদন্ত শুরু করতেই দেশ ছেড়ে পালিয়ে এসে লন্ডনে আশ্রয় নিয়েছিলেন। সেই থেকে লন্ডনেই ঘাঁটি গেড়ে রয়েছেন। বরাবরই কংগ্রেসের কট্টর সমালোচক ও বিজেপির অন্ধ সমর্থক হিসেবে পরিচিত ললিত মোদী এদিন টুইটারে লিখেছেন, 'আমাকে পলাতক অপরাধী হিসেবে আখ্যা দিয়েছেন 'পাপ্পু' রাহুল গান্ধী।

## অ্যারন ফাঙ্গিসোর বোলিং অ্যাকশনে সবুজ সংকেত

কেপটাউন, ৩০ মার্চ (হি.স.) : জোবার্গ সুপার কিংসের (জেএসকে) বাঁহাতি স্পিনার অ্যারন ফাঙ্গিসোর বোলিং অ্যাকশনকে সবুজ সংকেত দেওয়া হয়েছে। ফাঙ্গিসোর বোলিং অ্যাকশন প্রিটোরিয়া বিশ্ববিদ্যালয়ের আইসিসি স্বীকৃত টেস্টিং সেন্টারে পুনরায় পরীক্ষা করে ছাড়পত্র দেওয়া হয়েছে।

ফাঙ্গিসোরের বিরুদ্ধে প্রথম রিপোর্ট করার পর থেকে ক্রিকেট দক্ষিণ আফ্রিকার (সিএসএ) হেড অফ হাই পারফরম্যান্স ভিনসেন্ট বার্নসের সঙ্গে সহযোগিতায় বোলিং অ্যাকশন পুনর্নির্মাণ এবং প্রতিকারমূলক কাজ করছে। তার বোলিং অ্যাকশনের উপর স্বাধীন মূল্যায়ন রিপোর্ট করে ডঃ হেলেন বেইন বিশেষজ্ঞ প্যানেলে জমা করেছিলেন।

## জম্মু-শ্রীনগর জাতীয় মহাসড়ক উভয় দিক থেকে যান চলাচল স্বাভাবিক

জম্মু, ৩০ মার্চ (হি.স.) : জম্মু-শ্রীনগর জাতীয় মহাসড়কে উভয় দিক থেকে ছোট যানবাহন চলাচল অব্যাহত রয়েছে। বৃহস্পতিবার সকাল থেকে মহাসড়কের দুপাশে ছোট যান চলাচলের অনুমতি দেওয়া হয়েছে। একই সময়ে, ভারী যানবাহনগুলিকে শুধুমাত্র শ্রীনগর থেকে জম্মুর দিকে যাওয়ার অনুমতি দেওয়া হয়েছে।

অন্যদিকে, তুষারপাতের কারণে দক্ষিণ কাশ্মীরের শোপিয়ানের সাথে রাজৌরি ও পুঞ্চ জেলার সংযোগকারী মুঘল সড়ক এখনও বন্ধ রয়েছে। এই রাস্তা পরিষ্কারের কাজ চলছে এবং খুব শীঘ্রই যানবাহন চলাচলের জন্য খুলে দেওয়া হবে।

## ভয় দেখিয়ে নেতাদের নাম বলানোর চেষ্টা এজেন্সির, অভিযোগ কুন্তলের

কলকাতা, ৩০ মার্চ (হি. স.) : ভয় দেখিয়ে নেতাদের নাম বলানোর চেষ্টা এজেন্সির! তৃণমূল সাংসদ অভিষেক বন্দ্যোপাধ্যায় সভায় এ কথা বলার পর দিনই সরব হলেন নিয়োগকাণ্ডে ধৃত হুগলির বলাগড়ের বাসিন্দা কুন্তল ঘোষ।

বৃহস্পতিবার প্রেসিডেন্সি জেল থেকে ব্যাঙ্কশাল আদালতে নিয়ে যাওয়া হয় কুন্তলকে। লক আপে নিয়ে যাওয়ার সময় সাংবাদিকরা তাঁর কাছে জানতে চান, অভিষেকের দেওয়া বার্তা প্রসঙ্গে। এর উত্তরে কুন্তল বলেন, "অবশ্যই, অভিষেক বন্দ্যোপাধ্যায় বলে দেওয়া মানে আমাদের বুক চওড়া করা। কারণ, এজেন্সিরা ভয় দেখিয়ে আমাদের কাছে থেকে নেতাদের নাম বার করার চেষ্টা করছে। কিন্তু আমরা মা মাটি মানুষের আদর্শের দলের লোক। আমরা ওই ধরনের ভয়কে পাত্তা দিই না। আমরা বুক শিনা (টানটান) করে চলি। কেন্দ্রীয় সংস্থা যেভাবে আমাদের হেনস্থা করছে, এবং আমাদের নাম বলানোর চেষ্টা করছে।"

বুধবার শহিদ মিনারের সভায় বক্তৃতা করতে গিয়ে সিবিআই এবং ইডি প্রসঙ্গ টেনে অভিষেক বন্দ্যোপাধ্যায় অভিযোগ করেছিলেন, তাঁর নাম নিলেই মদন মিত্র এবং কুণাল ঘোষকে ছেড়ে দেওয়ার কথা বলেছিল সিবিআই। অভিষেকের এই মন্তব্যের পর দিনই একই সুর কুন্তলের কণ্ঠে। বৃহস্পতিবার প্রেসিডেন্সি জেল থেকে ব্যাঙ্কশাল আদালতে নিয়ে যাওয়া হয় কুন্তলকে। লক আপে নিয়ে যাওয়ার সময় সাংবাদিকরা তাঁর কাছে জানতে চান, অভিষেকের দেওয়া বার্তা প্রসঙ্গে। এর উত্তর দেন কুন্তল। বলেন, কেন্দ্রীয় তদন্তকারী সংস্থা তাঁকে চাপ দিয়ে দলের নেতাদের নাম বলানোর চেষ্টা করছে।

কুন্তলকে পাল্টা প্রশ্ন করা হয়, "কাদের নাম বলানোর চেষ্টা হচ্ছে? অভিষেকের নাম বলানোর চেষ্টা করছে?" কুন্তল উত্তর দেন, "জোর করে বলপূর্বক নেতাদের নাম বলানোর চেষ্টা করছে।" সাংবাদিকরা আবার প্রশ্ন করেন, "অভিষেকের নাম?" কুন্তল উত্তর দেন, "অবশ্যই অবশ্যই।" এর পর তাঁকে তুলে দেওয়া হয় ভ্যানে।

## বিজেপি নেতারা ব্যস্ত রামনবমীকে সর্বতোভাবে সফল করে তুলতে

কলকাতা, ৩০ মার্চ (হি. স.) : বৃহস্পতিবার দিনভর বিজেপি নেতারা ব্যস্ত রামনবমীকে সর্বতোভাবে সফল করে তুলতে। এই কারণে সকাল থেকে রাত অব্যাহত থাকে তাঁদের ছোটাছুটি।

দলের রাজ্য সভাপতি ডঃ সুকান্ত মজুমদার সকাল ৯টায় যান বালুরঘাটে, ১০টায় গঙ্গারামপুর, বেলা ১২টায় ইটাহারে। বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারীর সূচি সকাল ১১টায় নন্দীগ্রাম জানকিনাথ মন্দিরে, বেলা সাড়ে ৪টায় হাওড়া রামরাজাতলা শঙ্করনাথ মন্দিরে, সন্ধ্যা ৬টায় মৌলালি রামলীলা ময়দানে।

## মদন মিত্র ঘনিষ্ঠ তৃণমূল কর্মীর বাড়ি থেকে বোমা উদ্ধার

কামারহাটি, ৩০ মার্চ (হি. স.): তৃণমূল বিধায়ক মদন মিত্রের ঘনিষ্ঠ এক তৃণমূল কর্মীর বাড়ি থেকে তাজা বোমা উদ্ধার হয়েছে। বোমা উদ্ধারের ঘটনায় এলাকায় চাঞ্চল্য ছড়িয়েছে। ঘটনাটি উত্তর ২৪ পরগনা জেলার কামারহাটি পৌরসভার ষষ্ঠীতলার। তৃণমূল কর্মীর নাম রিন্টু।

স্থানীয় সূত্রে খবর, তিনি মদন মিত্রের ঘনিষ্ঠ। গোপন সূত্রে খবর পেয়ে বুধবার গভীর রাতে পুলিশ ঘটনাস্থলে পৌঁছায়। তল্লাশি চালিয়ে রিন্টুর বাড়ি থেকে বেশ কয়েকটি তাজা বোমা উদ্ধার করা হয়। স্থানীয় তৃণমূল নেতা কমল দাস বলেন, "বোমা যথন উদ্ধার হয়েছে পুলিশ নিশ্চিত ভাবে তার কাজ করবে। আর মদন মিত্র আমাদের তৃণমূলের বলিষ্ঠ নেত্রিত্ব। বহুদিন ধরে তিনি রাজনীতি করছেন। আর তৃণমূলের জনপ্রিয় নেতারা যেখানেই যান সেখানে তাঁর পিছন-পিছন অনেকেই ঘোরেন। এর অর্থ এই নয়, যার বাড়িতে বোমা পাওয়া গিয়েছে তিনি মদন মিত্রর সঙ্গে ঘোরেন বলে তাঁর মদতে এই কাজ করবেন। তবে যেই করুক না কেন, উপযুক্ত শাস্তি অবশ্যই পাবেন।" মদন মিত্র ঘনিষ্ঠ তৃণমূল কর্মী রিন্টু বলছেন, ষড়যন্ত্র করে তাকে ফাঁসানোর চেষ্টা করা হচ্ছে।

## দিল্লিতে ক্রমবর্ধমান করোনা সংক্রমণ, জরুরি বৈঠকের ডাক সরকারের

নয়াদিল্লি, ৩০ মার্চ (হি. স.) : চলতি সপ্তাহের শুরু থেকেই রাজধানী দিল্লিতে বেড়ে চলেছে করোনা আক্রান্তের সংখ্যা।। বুধবার করোনায় দুই রোগীর মৃত্যুর পর শুক্রবার বিকেলে তড়িঘড়ি করে আধিকারিকদের জরুরি বৈঠক ডেকেছে দিল্লি সরকার।

এই বৈঠকে মুখ্যমন্ত্রী অরবিন্দ কেজরিওয়াল স্বাস্থ্যমন্ত্রী সৌরভ ভরদ্বাজকে নির্দেশ দিয়েছেন, বিশেষ সচিব, স্বাস্থ্য দফতর, মহাপরিচালক স্বাস্থ্য পরিষেবা (ডিজিএইচএস), অক্সিজেন ও পরীক্ষার জন্য নোডাল অফিসার এবং লোকনায়ক সহ দিল্লি সরকারের বৃহত্তম হাসপাতালের মেডিকেল ডিরেক্টর এবং অন্যান্য হাসপাতালের মেডিকেল ডিরেক্টরদেরও উপস্থিত থাকতে হবে। বৈঠকে আলোচনা বিষয় হল, করোনার সংক্রমণ দ্রুত বাড়লে সেই পরিস্থিতি মোকাবেলায় দিল্লি সরকারের হাসপাতালগুলি কতটা প্রস্তুত। বর্তমানে, সরকার করোনা রোগীদের চিকিৎসার জন্য দিল্লির বেসরকারি ও সরকারি হাসপাতালে মোট ৭৯৮৬টি শয্যা সংরক্ষিত করেছে। যার মধ্যে বর্তমানে মাত্র ৫৪টি শয্যা করোনা রোগীর জন্য সংরক্ষিত রয়েছে। এছাড়াও, কোভিড কেয়ার সেন্টারে ৭৫টি শয্যা এবং করোনা স্বাস্থ্য কেন্দ্রে ১১৮টি শয্যা সংরক্ষিত রয়েছে। হাসপাতালে অক্সিজেন প্ল্যান্ট, আইসিইউ বেড এবং ভেন্টিলেটরের যথাযথ ব্যবস্থা রাখতে হাসপাতালগুলোকে বলা হয়েছে।

প্রসঙ্গত, দিল্লিতে হঠাৎ করোনা সংক্রমণ বৃদ্ধির কারণ হিসাবে বিশেষজ্ঞরা করোনার নতুন এক্সবিবি.১.১৬ ভ্যারিয়েন্ট-কেই দায়ী করেছেন। তবে এখনই নতুন ভ্যারিয়েন্ট নিয়ে আতঙ্কিত হওয়ার কোনও কারণ নেই। করোনা মোকাবিলায় স্বাস্থ্যবিধি অনুসরণ ও বুস্টার ডোজ নেওয়ার পরামর্শই দেওয়া হয়েছে।

তবে শুধু করোনার প্রকোপই নয়, গোঁদের উপরে বিষফোঁড়ার মতো দিল্লিতে ক্রমশ বেড়েই চলেছে এইচ৩এন২ ইনফ্লুয়েঞ্জা সংক্রমণও। করোনার মতোই একই উপসর্গ থাকায় অনেক সময় রোগ নির্ণয়েও সমস্যা হচ্ছে। দুই ক্ষেত্রেই জ্বর, সর্দিকাশিই প্রধান উপসর্গ। ইন্ডিয়ান কাউন্সিল অব মেডিক্যাল রিসার্চের তরফে জানানো হয়েছে, এইচ৩এন২ ইনফ্লুয়েঞ্জা ভাইরাসে অন্যান ইনফ্লুয়েঞ্জা সংক্রমণের থেকে হাসপাতালে ভর্তি হওয়ার হার তুলনামূলকভাবে বেশি। জ্বর, সর্দি, একটানা কাশির মতো উপসর্গ থাকলেই পরীক্ষা করানোর পরামর্শ দেওয়া হচ্ছে।

## রাজস্থান প্রতিষ্ঠা দিবসে রাজ্যবাসীকে শুভেচ্ছা জানিয়েছেন রাষ্ট্রপতি মুর্মু

নয়াদিল্লি, ৩০ মার্চ (হি.স.) : রাজস্থান প্রতিষ্ঠা দিবসে রাজস্থানের জনগণকে আন্তরিক শুভেচ্ছা জানিয়েছেন রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু। বৃহস্পতিবার তিনি টুইটে বলেছেন, 'রাজস্থান দিবসে রাজ্যের জনগণকে আমার শুভেচ্ছা।'

তিনি আরও বলেন, "সংস্কৃতি, আতিথেয়তা, সাহসিকতা এবং পর্যটন স্থান রাজস্থানের পরিচয়। আমি বিশ্বাস করি, এ ধরনের বৈশিষ্ট্যের জোরে রাজ্যের মানুষ উজ্জ্বল ভবিষ্যত গড়ে তুলবে এবং দেশের উন্নয়নে অবদান রাখবে।

## মধ্যপ্রদেশের ইন্দোরে ধসে পড়ল মন্দিরের সোপান; নিরাপদে উদ্ধার ১০, উদ্বিগ্ন মুখ্যমন্ত্রী শিবরাজ

ইন্দোর, ৩০ মার্চ (হি.স.): রামনবমীতে মারাত্মক ঘটনা ঘটে গেল মধ্যপ্রদেশের ইন্দোরে। বৃহস্পতিবার ইন্দোরের প্যাটেল নগর এলাকায় একটি মন্দিরের সোপান ধসে পড়ে। এই ঘটনায় অনেকেই চাপা পড়ে যান, তাঁদের মধ্যে ১০ জনকে উদ্ধার করা হয়েছে নিরাপদে। ইন্দোরের বেলেশ্বর মহাদেব ঝুলেলাল মন্দিরে ঘটনাটি ঘটেছে। মধ্যপ্রদেশের মুখ্যমন্ত্রী শিবরাজ সিং চৌহান এই ঘটনায় উদ্বেগ প্রকাশ করে বলেছেন, 'এটা একটা দুর্ভাগ্যজনক ঘটনা। উদ্ধার অভিযান চলছে। ১০ জনকে নিরাপদে উদ্ধার করা হয়েছে এবং ৯ জন আটকে রয়েছেন, তাঁদেরও উদ্ধার করা হবে'

পুলিশ জানিয়েছে, রামনবমী উপলক্ষ্যে বৃহস্পতিবার ইন্দোরের বেলেশ্বর মহাদেব ঝুলেলাল মন্দিরে পুণ্যার্থীদের ভিড় ছিল খুব বেশি।

## এশিয়া কাপের উত্তর বিশ্বকাপে, নতুন ভেন্যু হতে পারে বাংলাদেশ

নয়াদিল্লি, ৩০ মার্চ (হি.স.) : এগিয়ে আসছে ২০২৩ বিশ্বকাপ। সেই মেগা টুর্নামেন্টে বাংলাদেশের মাটিতে এসে খেলতে পারে পাকিস্তান। একটি ক্রিকেট সংক্রান্ত ওয়েবসাইটের খবর সেরকমই।

পঞ্চাশ ওভারের বিশ্বকাপ এবার হবে ভারতের মাটিতে। কিন্তু ভারত ও পাকিস্তানের রাজনৈতিক সম্পর্ক তলানিতে এসে ঠেকেছে। সেই কারণেই ভারতের মাটিতে গিয়ে বিশ্বকাপ খেলবে না পাকিস্তান। বাবর বাংলাদেশে গিয়ে খেলতে আগ্রহী। এ নিয়ে কথাবার্তাও শুরু হয়ে গিয়েছে।

বিশ্বকাপের আগে রয়েছে এশিয়া কাপ। পাকিস্তানের মাটিতে এবার হচ্ছে টুর্নামেন্ট। কিন্তু ভারত যাবে না পাকিস্তানে। নিরাপত্তার কারণে ভারতের ম্যাচগুলি অন্য কোনও দেশে সরিয়ে দেয়া হবে, এমনটাই খবর। বিশ্বকাপেও এশিয়া কাপ মডেল অবলম্বন করা হতে পারে। উল্লেখ্য, শেষ বার ২০১৬ সালে ভারতের মাটিতে খেলতে গিয়েছিল পাকিস্তান। সেবারও টি-২০ বিশ্বকাপের আয়োজন করেছিল ভারত।

ভারতীয় দলকে পাকিস্তানে পাঠানো হবে না, এমনটাই সাফ জানিয়ে দিয়েছিলেন বিসিসিআই সচিব জয় শাহ। প্রয়োজনে এশিয়া কাপ আয়োজনের দায়িত্ব পাকিস্তানের পরিবর্তে অন্য কোনও দেশকে দেয়া হোক, এমন দাবিই করেছিলেন তিনি। যা নিয়ে তীব্র চর্চা হয়। তবে এশিয়া কাপে ভারতের খেলাগুলি কোথায় হবে? আপাতত চার-পাঁচটি দেশের নাম নিয়ে আলোচনা চলছে। দৌড়ে এগিয়ে রয়েছে সংযুক্ত আরব আমিরাতের নাম। এছাড়াও আলোচনায় রয়েছে ওমান ও শ্রীলঙ্কা।

## রামনবমীতে গোরক্ষনাথ মন্দিরে পুজো দিলেন যোগী আদিত্যনাথ, অযোধ্যায় পুণ্যার্থীদের আগমণে ব্যক্ত করলেন খুশি

গোরক্ষনাথ, ৩০ মার্চ (হি.স.): রামনবমীতে উত্তর প্রদেশের গোরক্ষপুরের গোরক্ষনাথ মন্দিরে পুজো দিলেন উত্তর প্রদেশের মুখ্যমন্ত্রী যোগী আদিত্যনাথ। রামনবমী উপলক্ষ্যে উত্তর প্রদেশের জনগণকে শুভেচ্ছা জানিয়েছেন তিনি। পাশাপাশি অযোধ্যায় বিপুল সংখ্যক পুণ্যার্থীদের আগমণে ব্যক্ত করেছেন খুশি। যোগী বলেছেন, বুধবার থেকে ১৫ লক্ষেরও বেশি ভক্ত অযোধ্যা ধাম দর্শন করেছেন।

মুখ্যমন্ত্রী যোগী আদিত্যনাথ বলেছেন, রামনবমী উপলক্ষ্যে সমগ্র রাজ্যবাসীকে শুভেচ্ছা। লক্ষাধিক ভক্তের উপস্থিতিতে সম্পূর্ণ জাঁকজমক সহকারে অযোধ্যায় শ্রী রাম জন্মোৎসবের অনুষ্ঠান সম্পন্ন হয়েছে। হর দেব মন্দিরে ব্যাপক উৎসাহ-উদ্দীপনা দেখা গিয়েছে। বুধবার থেকে এখন পর্যন্ত ১৫ লক্ষেরও বেশি ভক্ত অযোধ্যাধামে এসেছেন। যোগী বলেছেন, ভক্তদের জন্য সমস্ত প্রস্তুতি সম্পন্ন করা হয়েছে। তাঁদের নিরাপত্তাও নিশ্চিত করা হয়েছে।

## হরিদ্বারে পৌঁছলেন কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ, স্বাগত জানালেন মুখ্যমন্ত্রী

দেহরাদুন, ৩০ মার্চ (হি.স.) : একদিনের সফরে বৃহস্পতিবার হরিদ্বারে পৌঁছেছেন কেন্দ্রীয় স্বরাষ্ট্র মন্ত্রী অমিত শাহ। গুরুকুল কাংরি বিশ্ববিদ্যালয়ের ১১৩ তম সমাবর্তনে অংশ নিতে কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ পৌঁছেছেন। সমাবর্তন অনুষ্ঠানে বক্তব্য রাখেন তিনি।

২০১৪ সাল থেকে ২০২২ সাল পর্যন্ত শিক্ষার্থীদের সমাবর্তন অনুষ্ঠান অনুষ্ঠিত হচ্ছে। এ সময় ১৮২ শিক্ষার্থীকে স্বর্ণপদক এবং ১৮১ শিক্ষার্থীকে পিএইচডি ডিগ্রি প্রদান করা হবে। অনুষ্ঠানে ৮ বছর বয়সী প্রায় ১৮০০ শিক্ষার্থীকে স্নাতক, স্নাতকোত্তর, পিজি ডিপ্লোমা, পিএইচডি এবং স্বর্ণপদক দিয়ে সম্মানিত করা হবে।

এর আগে, মুখ্যমন্ত্রী পুষ্কর সিং ধামি, বিজেপি রাজ্য সভাপতি মহেন্দ্র ভাট, মন্ত্রী ডঃ ধন সিং রাওয়াত, সাংসদ ও বিধায়করা উত্তরাখণ্ডে ভাল্লা ইন্টার কলেজ গ্রাউন্ডে অমিত শাহকে স্বাগত জানান।

## কর্ণাটকে ৬০টি আসনের গন্ডি পেরোতে পারবে না বিজেপি : সিদ্ধারামাইয়া

বেঙ্গালুরু, ৩০ মার্চ (হি.স.): কর্ণাটকে এবারের বিধানসভা নির্বাচনে ৬০টির বেশি আসনের গন্ডি পেরোতে পারবে না বিজেপি। এই দাবি করলেন কংগ্রেস নেতা ও রাজ্যের প্রাক্তন মুখ্যমন্ত্রী সিদ্ধারামাইয়া। বৃহস্পতিবারই কর্ণাটকের প্রাক্তন মুখ্যমন্ত্রী ও বিজেপি নেতা বি এস ইয়েদুরাপ্পা দাবি করেছেন, রাজ্যে ১৫০টি আসনে জিতবে বিজেপি। ইয়েদুরাপ্পার এই মন্তব্যের প্রেক্ষিতে সিদ্ধারামাইয়া বলেছেন, '৬০টির বেশি আসনের গন্ডি পেরোতে পারবে না বিজেপি।'

কর্ণাটকে কংগ্রেস-জেডিএস জোটের সম্ভাবনাও উড়িয়ে দিয়েছেন সিদ্ধারামাইয়া। তিনি বলেছেন, 'আমাদের কোনও রাজনৈতিক দলের থেকে ভয় নেই, আমরা নিজেদের জোরেই রাজ্যে ক্ষমতায় ফিরে আসব।' এদিন কর্ণাটক প্রদেশ কংগ্রেস সভাপতি ডি কে শিবকুমার বলেছেন, 'কর্ণাটকের মানুষ কংগ্রেসকে ভোট দেওয়ার সিদ্ধান্ত নিয়েছে এবং রাজ্যে আমাদের সরকার গঠিত হবে।'

# রাম নামে মাতোয়ারা বাঁকুড়া- রামনবমীর মিছিলে মানুষের ঢল

বাঁকুড়া, ৩০ মার্চ (হি. স.) : রামনবমীর মিছিল ঘিরে ব্যাপক উন্মাদনা বাঁকুড়ায়।রাম নামে মাতোয়ারা সারা শহর, মিছিলে মানুষের ঢল। রামনবমী উপলক্ষে বিশ্বহিন্দু পরিষদের ব্যবসাপনায় বর্নাঢ্য শোভাযাত্রার আয়োজন করে রামনবমী উদযাপন সমিতি।মিছিলকে কেন্দ্র করে সারা শহরে টানটান উত্তেজনা ছিল কয়েকদিন ধরে।বিগত কয়েক বছর ধরে শ্রীরামনবমী তিথিতে হিন্দু ধর্মীয় শোভাযাত্রার আয়োজন করে আসছে শ্রীরামনবমী উদযাপন সমিতি।গত বছর শোভাযাত্রার পথ পরিক্রমা ঘিরে অশান্তি সৃষ্টি হয়।পাঁচবাগা ময়দান থেকে মিছিল মাচানতলার নিকট হাজির হলে পুলিশ শোভাযাত্রা সোজা না গিয়ে ঘুরপথে নিয়ে যেতে নির্দেশ দিতেই বেঁকে বসে অংশগ্রহণ কারীদের একাংশ।তুমুল বাকবিতন্ডা শুরু হলে কিছু বহিরাগত যুবক পুলিশ কে লক্ষ্য করে ইট পাথর ছুড়ে, মাচানতলার মসজিদের সামনে দিয়ে যাওয়ার চেষ্টা করে।পরিসিতি নিয়ন্ত্রণে আনতে পুলিশ লাঠি, টিয়ার গ্যাস চালায়।বহু নিরপরাধ যুবক কিশোরকে গ্রেফতার করে।সমালোচনার মুখে পড়ে পুলিশ প্রশাসন।এবছর ও শোভাযাত্রা ঘিরে তীব্র উত্তেজনা দেখা দেয়।প্রশ্ন ওঠে মসজিদের সামনে দিয়ে কেন শোভাযাত্রা যেতে দেওয়া হবে না।কিন্তু পুলিশ প্রশাসনের অনুমতি না মেলায় শোভাযাত্রা ঘুরপথে যাওয়ার ব্যবস্থা করে উদ্যোক্তারা।আজ সকাল নটায় শোভাযাত্রা শুরু হয়।প্রায় হাজার দশেকের উপর মানুষ অংশ নেয় শোভাযাত্রা য়,যার অধিকাংশ যুবক, মহিলাদের উপস্থিত ছিল লক্ষনীয়।সুদৃশ্য ট্যাবলো, হনুমানের বেশ ধারণকারে ও শোভাযাত্রা য় অংশ নেয় উৎসাহী যুবকেরা।লাঠি খেলার মাধ্যমে বীরত্ব প্রকাশ, মহিলা ঢাকি ছিল শোভাযাত্রা র আকর্ষণ। এদিকে শোভাযাত্রা ঘিরে অপ্রীতিকর ঘটনা এড়াতে শহরজুড়ে প্রচুর পুলিশ মোতায়েন করা হয়, মাচানতলা মসজিদের সামনের রাস্তা বাঁশ দিয়ে ব্যারিকেড করে দেওয়া হয়, লাগানো হয় দেড়শ সি সি ক্যামেরা।শেষমেষ নির্বিঘ্নে সম্পন্ন হয় শোভাযাত্রা।শোভাযাত্রা শান্তিপূর্ণ ভাবে সম্পন্ন হওয়ায় বিশ্ব হিন্দু পরিষদের বাঁকুড়া জেলার সভাপতি অশোক দে সন্তোষ প্রকাশ করেন।

# ‘দুর্নীতির ফাইল লোপাট করেছে সিপিএম’ মুখ্যমন্ত্রীর অভিযোগের পাল্টা দিলেন সুজন

কলকাতা, ৩০ মার্চ (হি. স.) : তৃণমূলনেত্রীর অভিযোগের পাল্টা জবাব দিলেন সিপিএমের কেন্দ্রীয় কমিটির সদস্য সুজন চক্রবর্তী। মমতা বন্দ্যোপাধ্যায়কে পাল্টা চ্যালেঞ্জ ছুড়ে দিয়ে বৃহস্পতিবার তিনি বলেছেন, “আমরা তো বার বার বলছি, যা কাগজপত্র ফাইল আছে সব বের করা হোক। তাতে কী রয়েছে খতিয়ে দেখা হোক। আসলে আমরা এমনটা বলায় মুখ্যমন্ত্রী আর ফাইল প্রকাশের পক্ষে কথা বলার কোনও যুক্তি খুঁজে পাচ্ছেন না।”

বামেরা নিয়োগ দুর্নীতি করলেও তার প্রমাণ রাখেনি বলে অভিযোগ করেছিলেন মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়। রেড রোডের ধর্না মঞ্চ থেকে সিপিএমকে নিশানা করে তৃণমূল নেত্রী বলেছিলেন, “ওদের একটা ফাইল পাবেন না। হয় চুরি করেছে, নয় পুড়িয়ে ফেলেছে বা লুকিয়ে রেখেছে।” বুধবারই রেড রোডের ধর্না মঞ্চ থেকে বামেদের আক্রমণ করেছিলেন মমতা। ডিএ প্রসঙ্গে বলেছিলেন, “এমনিতে এরা চিরকুটে চাকরি পেয়েছিল সেই চোর-ডাকাতগুলোর গিয়ে বসে আছে ডিএ-র মঞ্চে।” একই সঙ্গে সিপিএমের আমলে নিয়োগে অনিয়মের উল্লেখ করে মুখ্যমন্ত্রী অভিযোগ করেন, প্রাথমিক, সেকেন্ডারি, হাইস্কুল যেখানে যা কাগজ বের হচ্ছে, তা সিপিএমের কোঅর্ডিনেশন কমিটি করেছে বিভিন্ন জায়গায় বসে থেকে।

এর পরেই মমতা তুলে আনেন ফাইল প্রসঙ্গ বলেন, “ওদের একটা ফাইল পাবেন না। ২০০১, ২০০২, ২০০৯, ২০১০ সালের ফাইল সব লোপাট করেছে। আজ তোমাদের গলার জোর! ওরা যখন (ফাইলে) সইকরে, তখন জায়গা ফাঁকা রাখে। পরে ওখানে লিখে দিয়েছিল। এমন কোনও কাজ নেই, যা কো অর্ডিনেশন (কমিটি) করতে পারে না।” এই প্রসঙ্গেই সুজনবাবু বৃহস্পতিবার বলেন, “‘উনি বলছেন, সব ফাইল পুড়িয়ে দেওয়া হয়েছে। কিন্তু মুখ্যমন্ত্রীর দলই তো বেআইনি ভাবে ১৯৮৭ সালের কাগজ পর্যন্ত বের করে এনেছে। এর পর তো আর এ কথার কোনও যুক্তি থাকছে না। আসলে মুখ্যমন্ত্রী অসত্য কথা বলছেন। কারণ, তিনি বলেছিলেন আমাদের ফাইল দেখাব ফাইল বের করব, আমরা যদি বলতাম, ফাইল বের করবেন না, তা হলে উনি বলতেন, ‘থাক ফাইল বের করলাম না’। কিন্তু আমরা তো তা বলিনি! তাতেই উনি সমস্যায় পড়েছেন।”

# ‘চোর-ডাকাত’ মন্তব্যের প্রতিবাদে ৬ এপ্রিল ফের কর্মবিরতির ডাক ডিএ আন্দোলনকারীদের

কলকাতা, ৩০ মার্চ (হি.স.) : বকেয়া মহার্ঘ ভাতা (ডিএ)-র দাবিতে আন্দোলনের আকার বাড়ল। এবার সরকারি কর্মচারীদের সম্পর্কে মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়ের ‘আপত্তিকর’ মন্তব্যের প্রতিবাদে কর্মবিরতির ডাক দিলেন সরকারি কর্মচারীদের একাংশ। আগামী ৬ এপ্রিল বৃহস্পতিবার রাজ্যজুড়ে যাবতীয় প্রশাসনিক কাজ বয়কটের সিদ্ধান্ত নিয়েছেন আন্দোলনকারীরা। সংগ্রামী যৌথ মঞ্চ এবং যৌথ সংগ্রামী মঞ্চ মূলত এই দু'টি সংগঠন কর্মবিরতির ডাক দিলেও সব কর্মচারী সংগঠনকেই এই কর্মসূচিতে যোগ দিতে আহ্বান জানানো হয়েছে।

প্রসঙ্গত, বকেয়া ডিএ-র দাবিতে আন্দোলনের ঝাঁজ বাড়াতে গত ২০ এবং ২১ ফেব্রুয়ারি কর্মবিরতির ডাক দিয়েছিলেন সরকারি কর্মচারীদের একাংশ। গত ১০ মার্চ প্রশাসনিক ধর্মঘটেরও ডাক দেওয়া হয়। তবে আগাম অনুমতি ব্যতীত কর্মস্থলে অনুপস্থিত থাকলে কড়া পদক্ষেপ করা হবে বলে আগেই হুঁশিয়ারি দিয়ে রেখেছিল রাজ্য প্রশাসন।

# রাজ্যে ধেয়ে আসছে ঝড় ও বৃষ্টি, সঙ্গে হতে পারে শিলাবৃষ্টি

কলকাতা, ৩০ মার্চ (হি.স.) : আগামীকাল শুক্রবার রাজ্য জুড়ে ঝড় বৃষ্টির আশঙ্কা। বজ্রপাত, বজ্রবিদ্যুৎ সহ বৃষ্টি, শিলাবৃষ্টির আশঙ্কা। সেইসঙ্গে ৬০ কিমি পর্যন্ত দমকা ঝোড়ো হাওয়া বইতে পারে। শনিবার পর্যন্ত এই পরিস্থিতি থাকবে। এর দরুন রাজ্যে তাপমাত্রা যে ঊর্ধমুখী হয়েছিল, তা ফের নিম্নমুখী হবে।কিন্তু দুর্যোগ কেটে গেলেই ফের তাপমাত্রার পারদ চড়তে শুরু করবে আগামী সপ্তাহ থেকে। আলিপুর আবহাওয়া দফতরের পূর্বাঞ্চলের অধিকর্তা সঞ্জীব বন্দ্যোপাধ্যায় বৃহস্পতিবার এই খবর জানান। তিনি বলেন,একটি অক্ষরেখা উত্তরবঙ্গ থেকে উড়িষ্যা পর্যন্ত রয়েছে। যেটি বিহার ঝাড়খণ্ডের উপর দিয়ে গেছে। মধ্যপ্রদেশের ওপর একটি ঘূর্ণাবর্ত রয়েছে। কলকাতায় আংশিক মেঘলা আকাশ থাকবে। আজ তাপমাত্রা বাড়বে, জলীয় বাষ্প থাকায় অস্বস্তিও বাড়বে। শুক্রবার থেকে মেঘলা আকাশ থাকবে। শুক্রবার বজ্রবিদ্যুৎসহ বৃষ্টির সম্ভাবনা। সেইসঙ্গে ৫০ থেকে ৬০ কিলোমিটার গতিবেগে দমকা ঝোড়ো হাওয়া বইতে পারে। শনিবারেও ঝড় বৃষ্টির সম্ভাবনা।

# আবাস যোজনার ঘর পাইয়ে দেওয়ার নাম করে ধর্ষণের অভিযোগ

মথুরাপুর, ৩০ মার্চ (হি. স.) : আবাস যোজনার ঘর পাইয়ে দেওয়ার নাম করে বাড়িতে গিয়ে এক গৃহবধূকে ধর্ষণের অভিযোগ উঠলো তৃণমূল পঞ্চায়েত সদস্যের বিরুদ্ধে। ঘটনায় চাঞ্চল্য ছড়িয়ে পড়ে মথুরাপুরের পশ্চিম গ্রাম পঞ্চায়েতের তাজপুর গ্রামে। ঘটনায় অভিযুক্ত তৃণমূল পঞ্চায়েত সদস্য বাপ্পাদিত্য হালদারের বিরুদ্ধে মথুরাপুর থানায় অভিযোগ দায়ের করেছেন নির্যাতিতা মহিলা। অভিযোগের ভিত্তিতে ঘটনার তদন্ত শুরু করেছে মথুরাপুর থানার পুলিশ।

পুলিশ ও স্থানীয় সূত্রের খবর, গত বুধবার সকালে নির্যাতিতা মহিলার স্বামীকে আবাস যোজনার ঘর পাইয়ে দেওয়ার নাম করে ফোন করে তাজপুর গ্রামের পঞ্চায়েত সদস্য বাপ্পাদিত্য হালদার। ঘর পাইয়ে দেওয়ার জন্য প্রয়োজনীয় নথিপত্র চান পঞ্চায়েত সদস্য। পরে দুপুরে নির্যাতিতা মহিলার বাড়িতে যান অভিযুক্ত তৃণমূল পঞ্চায়েত সদস্য। সেই সময় নির্যাতিতা মহিলার স্বামী বাড়িতে ছিলেন না, আর সেই সুযোগে মহিলাকে জোর করে ধর্ষণ করে বলে অভিযোগ অভিযুক্তের বিরুদ্ধে। এর পরেই নির্যাতিতা মহিলা তার উপর হওয়া অত্যাচারের কথা স্বামীকে জানালে বৃহস্পতিবার মথুরাপুর থানায় অভিযুক্ত তৃণমূল পঞ্চায়েত সদস্যের বিরুদ্ধে অভিযোগ দায়ের করেন। অন্যদিকে অভিযোগের পর ঘটনার তদন্ত শুরু করেছে মথুরাপুর থানার পুলিশ। এ প্রসঙ্গে ব্লক তৃণমূল নেতৃত্বের দাবি অভিযোগ প্রমানিত হলে ব্যবস্থা গ্রহণ করা হবে।

# বিজেপি কর্মীর বাড়ি ভাঙচুর

ক্যানিং, ৩০ মার্চ (হি. স.) : ক্যানিংয়ে বিজেপি কর্মীর বাড়ি ভাঙচুরের অভিযোগ উঠল তৃণমূলের বিরুদ্ধে। যদিও সেই অভিযোগ অস্বীকার করেছেন স্থানীয় তৃণমূল নেতৃত্ব। বৃহস্পতিবার দুপুরে ক্যানিংয়ের জয়দেব পল্লী এলাকায় আচমকায় বিজেপি কর্মী অলিপ সমাদ্দাদের বাড়ি ভাঙচুর করা হয়। বাড়িতে সে সময় তার মা ও বাবা ছিলেন। বিধানসভা ভোটের পরেও ভোট পরবর্তী হিংসায় তার বাড়িতে ভাঙচুর করা হয়েছিল কার্যত যন্ত্র দিয়ে গুঁড়িয়ে দেওয়া হয়েছিল গোটা বাড়ি। ঘটনার পর অলিপ ও তার পরিবারের সদস্যরা দীর্ঘদিন ঘর ছাড়া ছিলেন। মাত্র দুই সপ্তাহ আগে নতুন করে আদালতের নির্দেশে ও পুলিশ প্রশাসনের সহযোগিতায় ঘর বেঁধেছিলেন তারা। সেই ঘরই ভাঙচুর করা হয় বৃহস্পতিবার। এ বিষয়ে ক্যানিং থানায় অভিযোগ করেছেন আক্রান্তরা। অভিযোগের ভিত্তিতে ঘটনা তদন্ত শুরু হয়েছে। যদিও এই ঘটনা সম্পর্কে কোন রকম প্রতিক্রিয়া দিতে চাননি স্থানীয় তৃণমূল নেতৃত্বরা।

## মুখ্যমন্ত্রীর

● প্রথম পাতার পর

২০২৩ দুপুরে রাজ্যে এসে পৌঁছবেন।এদিন বিকালে প্রতিনিধিগণ লিচুবাগানস্থিত এলবার্ট এক্কা পার্ক এবং কুমারীটিলা মিউজিক্যাল ফাউন্টেনটি পরিদর্শন করতে যাবেন। ৩ এপ্রিল, ২০২৩ সকাল ৯ টায় আন্তর্জাতিক মেলা প্রাঙ্গণের ইণ্ডোর প্রদশর্নী হলে সম্মেলনের প্রথম সেশন ‘সায়েন্স-২০’ সভা শুরু হবে। দ্বিতীয় সেশনে থাকবে প্রদর্শনী স্টলের উদ্বোধন, সাংবাদিক সম্মেলন এবং ইনভেস্টর মিট। ঐদিন সন্ধ্যায় উজ্জয়ন্ত প্রাসাদে লাইট এণ্ড সাউণ্ড এবং তথ্য ও সংস্ক’তি দপ্তরের মাধ্যমে সাংস্ক’তিক অনুষ্ঠানের আয়োজন করা হবে। সচিব অভিষেক চন্দ্রা জানান, ৪ এপ্রিল সকাল সাড়ে ৬ টায় অ’জেন পার্কে যোগা সেশনের আয়োজন করা হয়েছে। সেখানে জি-২০ দেশের প্রতিনিধিগণ যোগায় অংশগ্রহণ করবেন। সে লক্ষ্যে যোগা প্রশিক্ষক এবং ঘোষকদের ইতিমধ্যে প্রয়োজনীয় প্রশিক্ষণও দেওয়া হয়েছে। পাশাপাশি অ’জেন পার্কের সৌন্দর্যায়ন করা হয়েছে এবং জি-২০ দেশের প্রতিনিধিদের দ্বারা বৃক্ষরোপণের ব্যবস্থাও করে রাখা হয়েছে। সচিব জানান, ৪ এপ্রিল, জি-২০ দেশের প্রতিনিধিগণ পূর্বাশা, সিপাহিজলা অভয়ারণ্য এবং নীরমহল পরিদর্শনে যাবেন। সেইলক্ষ্যে ঐ স্থানগুলির সংস্কার ও সৌন্দর্যায়নের কাজ দ্রত গতিতে চলছে।

সভায় শিল্প ও বাণিজ্য দপ্তরের সচিব জানান, জি-২০ দেশের প্রতিনিধিদের স্বাগত জানাতে মহারাজা বীর বিক্রম বিমানবন্দরকে সুন্দর করে সাজিয়ে তোলা হয়েছে। বিমানবন্দর থেকে হোটেল পোলো টাওয়ার পর্যন্ত রাস্তার দু'পাশ পরিস্কার পরিচ্ছন্ন এবং আলোকসজ্জা করা হচ্ছে। এছাড়াও শহরের সৌন্দার্য্যয়নের লক্ষ্যে ওয়াল পেইন্টিং সহ বিভিন্ন ম'তিসৌধকে রঙিন ও আলোকমালায় সজ্জিত করা হচ্ছে।

সভায় তথ্য ও সংস্ক’তি দপ্তরের অধিকর্তা রতন বিশ্বাস জানান, জি-২০ দেশের প্রতিনিধিদের স্বাগত জানাতে বিমানবন্দর থেকে হোটেল পোলো টাওয়ার পর্যন্ত রাস্তার বিভিন্ন স্থানে বিভিন্ন সাংস্ক’তিক সংস্থার শিল্পীগণ সাংস্ক’তিক অনুষ্ঠান পরিবেশন করবেন। ৩ এপ্রিল সন্ধ্যায় উজ্জয়ন্ত প্রাসাদে এক মনো’ সাংস্ক’তিক অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে। সেই অনুষ্ঠানে রাজ্যের জাতি-জনজাতির মিশ্র সংস্ক’তিকে অতিথিদের সামনে তুলে ধরা হবে। এই সাংস্ক’তিক অনুষ্ঠানটি রাজ্যবাসী উপভোগ করার লক্ষ্যে দপ্তরের ফেসবুক লাইভ সহ শহরের বিভিন্ন প্রান্তে লাগানো দপ্তরের এলইডি ীনের মাধ্যমেও সরাসরি সম্পচারের ব্যবস্থা করা হবে। এছাড়াও দপ্তরের মাধ্যমে শহরের বিভিন্ন স্থানে জি-২০ সম্মেলন সম্বলিত বিষয়ে ফ্ল্যা’ও লাগানো হবে।

পর্যালোচনা সভায় মুখ্যমন্ত্রী ছাড়াও যুব বিষয়ক ও ক্রীড়া দপ্তরের মন্ত্রী টিংকু রায়, আগরতলা পুর নিগমের মেয়র দীপক মজমদার,মুখ্যসচিব জে কে সিনহা,রাজস্ব দপ্তরের প্রধান সচিব পুণিত আগরওয়াল,তথ্য ও সংস্ক’তি দপ্তরের সচিব প্রদীপ কুমার চক্রবর্তী,প্রধান মুখ্য বন সংরক্ষক কে এস শেঠী, রাজ্য পুলিশের মহানির্দেশক অমিতাভ র’ন সহ বিভিন্ন দপ্তরের পদস্থ আধিকারিকগণ উপস্থিত ছিলেন এবং আলোচনায় অংশ গ্রহণ করেন।

# বুকে ব্যথা কমেনি, বর্ধমান মেডিকেলে পাঠানো হল জিতেন্দ্র তেওয়ারিকে

আসানসোল, ৩০ মার্চ (হি. স.) : বুকের ব্যথা কমছে না আসানসোল পুরনিগমের প্রাক্তন মেয়র তথা বিজেপি নেতা জিতেন্দ্র তেওয়ারির। বৃহস্পতিবার সকালে তাঁকে রেফার করা হল বর্ধমান মেডিকেল কলেজে। বুকে ব্যথা হওয়ায় বুধবার রাত আটটা নাগাদ তাঁকে আসানসোল জেল থেকে জেলা হাসপাতালের ইমার্জেন্সি বিভাগে নিয়ে আসা হয়। চিকিৎসকরা পরীক্ষা করে তাঁকে সিসিইউতে ভর্তি করান। বুধবার রাতে তিনি সেখানেই ছিলেন। বৃহস্পতিবার চিকিৎসকরা তাঁকে আবার পরীক্ষা করেন। তার আগে তাঁকে সিসিইউ থেকে সুপার স্পেশালিটি হাসপাতালে ইউএসজি করতে নিয়ে যাওয়া হয়। তখন তিনি বলেন, ‘বুকে ব্যথা কমেনি। কষ্ট হচ্ছে।‘

জেলা হাসপাতালে এই মুহূর্তে কোনও কার্ডিওলজিস্ট না থাকায় বিশেষজ্ঞ চিকিৎসক তাঁর শারীরিক পরীক্ষা করেননি। তার পরিবর্তে সাধারণ ফিজিশিয়ান তাঁকে পরীক্ষা করেন। কিন্তু বুকের ব্যথা না কমায়, তাঁর ইকোকার্ডিওগ্রাফি সহ বেশ কিছু পরীক্ষা করা দরকার। কিন্তু এই ব্যবস্থা জেলা হাসপাতালে না থাকায় চিকিৎসকরা বর্ধমান মেডিকেল কলেজ হাসপাতালে রেফার করার সিদ্ধান্ত নেন। সেই মতো বৃহস্পতিবার বেলা সাড়ে বারোটা নাগাদ জেলা হাসপাতালের তরফে গোটা বিষয়টি লিখিতভাবে জেল কর্তৃপক্ষকে জানানো হয়। প্রসঙ্গত, জিতেন্দ্র তেওয়ারি জেল হেপাজতে রয়েছেন ১৪ দিনের জন্য। তাঁকে নিয়ে যাওয়ার ব্যবস্থা করবে জেল কর্তৃপক্ষ।

এদিন সকাল থেকে জেলা হাসপাতালের সিসিইউর সামনে ছিলেন জিতেন্দ্র তেওয়ারির স্ত্রী আসানসোল পুরনিগমের বিজেপি কাউন্সিলারদের দলনেত্রী চৈতালি তেওয়ারি ও মেয়ে পল্লবী তেওয়ারি। মঙ্গলবার জিতেন্দ্র তেওয়ারির ৯ দিনের পুলিশ হেপাজত শেষে তাঁকে ১৪ দিনের জন্য জেল হেপাজতে পাঠানোর নির্দেশ দিয়েছিলেন আসানসোল আদালতের সিজিএম তরুণ কুমার মণ্ডল।

**বিজ্ঞাপন সম্পর্কিত সতর্কীকরণ**

জাগরণ পত্রিকায় নানা ধরনের বিজ্ঞাপন দেওয়া হয়ে থাকে। এ সম্পর্কে পাঠকদেরকে অনুরোধ তারা যেন খোঁজখবর নিয়েই বিজ্ঞাপনদাতাদের সঙ্গে যোগাযোগ করেন। বিজ্ঞাপনদাতাদের কোন দাবি, বক্তব্য সম্পর্কে জাগরণ এর কোন দায়িত্ব নেই।

**বিজ্ঞাপন বিভাগ**
**জাগরণ**

## জরুরী পরিষেবা



**হাসপাতাল :** জিবি : ২৩৫-৫৮৮৮ **আইজিএম :** ২৩২-৫৬০৬, **টি এম সি :** ২৩৭ ০৫০৪ **চক্ষুব্যাঙ্ক :** ৯৪৩৬৪৬২৮০০। **অ্যাম্বুলেন্স : একতা সংস্থা :** ৯৭৭৪৯৯৮৯৯৬ **ব্লু লোটাস ক্লাব :** ৯৪৩৬৫৬৮২৫৬, **শিবনগর মডার্ণ ক্লাব : ও আমরা তরুণ দল :** ২৫১-৯৯০০, **সেন্ট্রাল রোড দাতব্য চিকিৎসালয় :** ৭৬৪২৮৪৪৬৫৬ **রিলিভার্স :** ৯৮৬২৭৬৭৪২৮ **কর্ণেল চৌমুহনী যুব সংস্থা :** ৯৮৬২৫৭০১১৬/ **সংহতি ক্লাব :** ৮৭৯৪১ ৬ ৮২৮১, **অনীক ক্লাব :** ৯৪৩৬৪৮৭৪৮৩, ৯৪৩৬৪৬৪৬০১, **রামকৃষ্ণ ক্লাব :** ৮৭৯৪১৬৮৮১ **শতদল সংঘ :** ৯৮৬২৯৩৯৭৮০, **প্রগতি সংঘ (পূর্ব আড়ালিয়া) :** ৯৭৭৪১১৬৬২৪, **রেডক্রস সোসাইটি :** ২৩১-৯৬৭৮, **টিআরটিসি :** ২৩২৫৬৮৫, **এগিয়ে চলো সংঘ :** ৯৪৩৬১২১৪৮৮, **লালবাহাদুর দাতব্য চিকিৎসালয় :** ৯৪৩৬৫০৮৬৩৯, ৯৪৩৬১২১৪৮৮, **মানব ফাউন্ডেশন:** ২৩২৬১০০। **চাইল্ড লাইন :** ১০৯৮ (টোলফ্রি : ২৪ ঘন্টা)। **ব্লাড ব্যাঙ্ক : জিবি :** ২৩৫-৬২৮৮ (পি বি এক্স), **আইজিএম:** ২৩২-৫৭৩৬, **আই এল এস :** ২৪১৫০০০/৮৯৭৪০৫০৩০০ **কসমোপলিটন ক্লাব :** ৯৮৫৬০ ৩৩৭৭৬, **শববাহী যান : নব অঙ্গীকার** ৮৭৯৪৫১৪৩১১, **সেন্ট্রাল রোড যুব সংস্থা :** ৭৬৪২৮৪৪৬৫৬ **বটতলা নাগেরজলা স্ট্যান্ড ডেভেলাপমেন্ট সোসাইটি :** ০৩৮১-২৩৭-১২৩৪, ৮৯৭৪৮৬০৩৩৫, ৯৮৬২৭০২৮২৩, **সমাজ কল্যাণ ক্লাব :** ৯৭৭৪৬৭০২৪২, **সংযোগ সংঘ :** ৯৪৩৬১৬৯৫২১, ৯৮৫৬৮৬৭১২০, **ব্লু লোটাস ক্লাব :** ৯৪৩৬৫৬৮২৫৬, **ত্রিপুরা ট্রাক ওনার্স সিন্ডিকেট :** ২৩৮-৫৮৫২, **ত্রিপুরা ট্রাক অপারেটর্স অ্যাসোসিয়েশন :** ২৩৮-৬৪২৬, **রিলিভার্স :** ৮৮৩৭০৫৯৫৯৮, **কুঞ্জবন স্পোর্টিং ইউনিয়ন :** ৮৯৭৪৫৮১৮১০, **ত্রিপুরা ন্যায্যমূল্যের দোকান পরিচালক সমিতি :** ২৩৮১৭১৮, ৯৪৩৬৪৬৯৬৪৪, **সূর্য তোরণ ক্লাব (দুর্গা চৌমুহনী) :** ৮৭২৯৯১১২৩৬, **আগন্তুক ক্লাব :** ৭০০৫৪৬০০৩৫/ ৯৪৩৬৫৯১৮৯১, **ত্রিপুরা নির্মাণ শ্রমিক ইউনিয়ন :** ৮২৫৬৯৯৭ **ফায়ার সার্ভিস : প্রধান স্টেশন :** ১০১/২৩২-৫৬৩০, **বাধারঘাট :** ১০১/২৩৭-৪৩৩৩, **কুঞ্জবন :** ২৩৫-৩১০১, **মহারাজগঞ্জ বাজার :** ২৩৮ ৩১০১ **পুলিশ : পশ্চিম থানা :** ২৩২-৫৭৬৫, **পূর্ব থানা :** ২৩২-৫৭৭৪, **আমতলী থানা :** ২৩৭-০৩৫৮, **এয়ারপোর্ট থানা :** ২৩৪-২২৫৮, **সিটি কন্ট্রোল :** ২৩২-৫৭৮৪, **বিদ্যুৎ : বনমালীপুর :** ২৩২-৬৬৪০, ২৩০-৬২১৩। **দুর্গা চৌমুহনী :** ২৩২-০৭৩০, **জিবি :** ২৩৫-৬৪৪৮। **বড়দোয়ালী :** ২৩৭০২৩৩, ২৩৭১৪৬৪ **আইজিএম :** ২৩২-৬৪০৫। **বিমানবন্দর এয়ার ইন্ডিয়া :** ২৩৪১৯০২, ২৩৪-২০২০, **এয়ার ইন্ডিয়া টোল ফ্রি নম্বর :** ১৮৬০-২৩৩-১৪০৭, ১৮০০-১৮০-১৪০৭, **ইন্ডিগো :** ২৩৪-১২৬৩, **স্পাইস জেট :** ২৩৪-১৭৭৮, **রেল সার্ভিস : রিজার্ভেশন :** ২৩২-৫৫৩৩ **আন্তর্জাতিক বাস সার্ভিস : টি আর টি সি বিল্ডিং :** ২৩২-৫৬৮৫। **আগরতলা রেলস্টেশন :** ০৩৮১-২৩৭৪৫১৫।

# ১ এপ্রিল বিহারে আসবেন অমিত শাহ, কর্মসূচিতে পরিবর্তন

পটনা, ৩০ মার্চ (হি.স.) : আগামী ১ এপ্রিল পটনায় আসছেন কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ। বিহারে তাঁর সফরকে কেন্দ্র করে তার কর্মসূচিতে পরিবর্তন এসেছে। অমিত শাহের আগে ২ এপ্রিল বিহারে আসার কথা ছিল, কিন্তু এখন তিনি একদিন আগে অর্থাৎ ১ এপ্রিলেই পাটনায় আসছেন। অমিত শাহের আগমনকে কেন্দ্র করে বিজেপি অফিসে প্রস্তুতি শুরু হয়েছে। গত ছয় মাসে এটি হবে তাঁর চতুর্থবার বিহার সফর।

বিহার রাজ্য বিজেপির সভাপতি সম্রাট চৌধুরী বৃহস্পতিবার বলেন, বিহারে দুটি জনসভায় ভাষণ দেওয়ার জন্য অমিত শাহের কর্মসূচি পূর্বের সূচি অনুযায়ী ২ এপ্রিল অনুষ্ঠিত হবে। ১ এপ্রিল পটনায় রাত্রি বিশ্রামের পর পরদিন তিনি প্রথমে সাসারাম যাবেন এবং সেখানে সম্রাট অশোকের জন্মবার্ষিকী অনুষ্ঠানে যোগ দেবেন। এর পর তাকে নওয়াদায়ও একটি অনুষ্ঠানে যোগ দিতে হবে।

১ এপ্রিল নিজেই বিহারে অমিল শাহ আসার খবর পাওয়ার পরে বৃহস্পতিবার সিআরপিএফ এবং বিহার পুলিশ যৌথভাবে নিরাপত্তা ব্যবস্থা পর্য্যালোচনা করে।

# উপসর্গ থাকলে মাস্ক পরতে হবে, করোনার নয়া নির্দেশিকা জারি দিল্লি সরকারের

নয়াদিল্লি, ৩০ মার্চ (হি.স.) : করোনাভাইরাস ঘিরে আবার উদ্বেগ বাড়ছে দেশে। সংক্রমণ বাড়ছে দিল্লিতেও। এই পরিস্থিতিতে সেখানে মাস্ক পরার পরামর্শ দিল দিল্লি সরকার। যাঁদের করোনার উপসর্গ রয়েছে, তাঁদের মাস্ক ব্যবহার করতে বৃহস্পতিবার নির্দেশিকা জারি করল আপ সরকার। বৃহস্পতিবার দিল্লির করোনা পরিস্থিতি নিয়ে জরুরি বৈঠকে বসেন স্বাস্থ্যমন্ত্রী সৌরভ ভরদ্বাজ। ওই বৈঠক শেষে তিনি বলেন, “আমরা একটা নির্দেশিকা জারি করেছি। যাঁদের জ্বর-সহ করোনার অন্যান্য উপসর্গ রয়েছে, তাঁদের মাস্ক পরতে হবে।” যে হারে আবার সংক্রমণ বাড়ছে, তাতে মাস্ক ব্যবহারের পরামর্শ দিয়েছেন চিকিৎসকরাও।

দিল্লিতে লাফিয়ে বাড়ছে সংক্রমণ। বুধবার দিল্লিতে সংক্রমিত হয়েছেন ৩০০ জন। গত বছরের ৩১ আগস্টের পর এই প্রথম এই সংখ্যক মানুষ করোনায় আক্রান্ত হয়েছেন। দিল্লিতে করোনায় মোট আক্রান্তের সংখ্যা ২ লক্ষ ৯ হাজার ৩৬১। মোট মৃত্যুর সংখ্যা ২৬ হাজার ৫২৬। এই পরিস্থিতিতে শুক্রবার স্বাস্থ্যকর্তাদের সঙ্গে আরও একটি বৈঠকে বসার কথা দিল্লির মুখ্যমন্ত্রী অরবিন্দ কেজরিওয়ালের।

## কমিটির

● প্রথম পাতার পর

করে উচ্চ আদালতের রায় বিবেচনা করে রায় ঘোষণা করে। তিনি আরো বলেন সুপ্রিম কোর্টের রায়ের কোন সমালোচনা করেনি অ্যাডভাইজারি কমিটির সদস্যরা। রায়ের সমস্ত দিক বিবেচনা করে রিপোর্ট প্রদান করা হয়েছে। এক্ষেত্রে রিপোর্টে উল্লেখ করা হয়েছে সরকার তাদের পলিসি নির্ধারণ করে ১০৩২৩ এর চাকরির ব্যবস্থা যেন করেন। তারা চাকরি পাওয়ার যোগ্য।

## হিমন্তবিশ্ব

● প্রথম পাতার পর

স্থলে তিপ্রা মথার স্থানীয় নেতৃত্বরা পরিস্কারভাবে জানিয়ে দিয়েছেন ইন্টারলোকেটর নিয়োগ করা নিয়ে কেন্দ্রীয় সরকারের তালবাহানায় তারা ক্ষুব্ধ হয়ে এই অনশন করার উদ্যোগ নেয়া হয়েছে। তাহলে প্রশ্ন উঠছে দলের কর্মী ও নেতাদের মধ্যে সমন্বয়ের ঘাটতি রয়েছে নাকি তিপ্রা মথার শীর্ষ নেতৃত্বরা কর্মীদের মগজ ধোলাই করে চলছে। এই ধরনের জারিজুরি রাজ্যের মানুষ গ্রহণ করছে না। এর পরণিতি ভয়ংকর হতে চলেছে বলে রাজনৈতিক মহলের দাবি।

## রক্তাক্ত বাবা

● প্রথম পাতার পর

রসিদ মিয়া জেলা হাসপাতালে চিকিৎসাধীন। এদিকে বাড়ির লোকজন জানান মহরম আলী প্রায়ই নেশা গ্রস্ত অবস্থায় থাকে। পুলিশ মহরম আলীকে নিজেদের জালে তোলার জন্য মাঠে নেমে পড়েছে। এলাকার লোকজন সহ পরিবারের সবাই মহরমের কঠোর শাস্তির দাবি জানিয়েছে।

এদিকে, বিশালগড়ের নবীনগর গ্রাম পঞ্চায়েতে মানসিক ভারসাম্যহীন এক ব্যক্তির আক্রমণে গুরুতরভাবে আহত হয়েছেন জিআরএস কর্মী। তাকে আশঙ্কা জনক অবস্থায় হাসপাতালে ভর্তি করা হয়েছে। ঘটনা কে কেন্দ্র করে এলাকায় তীব্র চাঞ্চল্যের সৃষ্টি হয়েছে। বিশালগড় হাসান হোসেন পাড়ায় মানসিক ভারসাম্যহীন ব্যক্তির হাতে আক্রান্ত নবীনগর গ্রাম পঞ্চায়েতের জিআরএস সহ একাধিক ব্যক্তি। ঘটনা বৃহস্পতিবার সকাল ১০ঃ৩০ মিনিটে। মানসিক ভারসাম্যহীন ব্যক্তির রডের আঘাতে রক্তাক্ত অবস্থায় নবীনগর গ্রাম পঞ্চায়েতের জিআরএস কর্মী গুরুতরভাবে আহত হন।তাকে উদ্ধার করে বিশালগড় মহকুমা হাসপাতালে নিয়ে আসেন স্থানীয়রা। অন্যদিকে মানসিক ভারসাম্যহীন ব্যক্তিকে এলাকাবাসী আটক করে শিকল দিয়ে বেঁধে রাখেন। ঘটনাস্থলে ছুটে যায় বিশালগড় থানার পুলিশ। শিকল দিয়ে বাধা অবস্থায় মানসিক ভারসাম্যহীন ব্যক্তি নিজের শরীরে একাধিকবার আক্রমণ করে। ঘটনার খবর পেয়ে বিশালগড় অগ্নি নির্বাপক দপ্তরের কর্মীরা ছুটে গিয়ে মানসিক ভারসাম্যহীন আহত মুজিবুর রহমানকে উদ্ধার করে বিশালগড় মহকুমা হাসপাতালে নিয়ে আসেন। সংবাদমাধ্যমে বিস্তারিত জানান আহত নবীনগর গ্রাম পঞ্চায়েতের জিআরএস শাহজুল ইসলাম।

# রামনবমীর শোভাযাত্রার সময় অশান্তি ভাদোদরায়, পরিস্থিতি নিয়ন্ত্রণে আনল পুলিশ

ভাদোদরা, ৩০ মার্চ (হি.স.) : রামনবমীর শোভাযাত্রাকে ঘিরে অশান্ত হয়ে উঠল গুজরাটের ভাদোদরা। বৃহস্পতিবার রামনবমীর শোভাযাত্রার সময় পাথর নিক্ষেপের ঘটনা ঘটেছে ভাদোদরায়। যদিও, পরিস্থিতি হাতের বাইরে চলে যাওয়ার আগেই নিয়ন্ত্রণে এনেছে পুলিশ। এই ঘটনায় কয়েকজনকে আটক করা হয়েছে বলে জানা যাচ্ছে।

ডিসিপি যশপাল জাগানিয়া জানিয়েছেন, ভাদোদরায় রামনবমীর শোভাযাত্রার সময় একটি মসজিদের সামনে পরিস্থিতি কিছুটা উত্তেজনাপূর্ণ হয়ে ওঠে। কোনও সমস্যা ছিল না। এলাকায় এখন শান্তি বিরাজ করছে। লোকজনকে তাদের বাড়িতে পাঠানো হয়েছে। কেউ আহত হয়নি। পরিস্থিতি যাতে হাতের বাইরে না চলে যায় তাই পুলিশ মোতায়েন করা হয়েছে। পরে গন্তব্যের দিকে এগিয়ে যায় শোভাযাত্রা। কোনও ভাঙচুরের ঘটনা ঘটেনি।

# পথশ্রী-রাস্তাশ্রী প্রকল্প নিয়ে সাংবাদিক বৈঠকে রাজ্যসভার সাংসদ থেকে মন্ত্রী ও বিধায়কগণ

ক্যানিং, ৩০ মার্চ (হি. স.) : দক্ষিণ ২৪ পরগনার ৫ টি মহকুমা আলিপুর, ডায়মন্ডহারবার, কাকদ্বীপ, বারুইপুর ও ক্যানিংয়ের ২৯ টি ব্লকে ২১৫০ টি নতুন রাস্তা নির্মাণ ও পুরনো রাস্তার উন্নতিকরণ করা হবে। যার মোট দৈর্ঘ্য ১৬৬৭ কিলোমিটার। এই প্রকল্প রূপায়নে প্রায় ৫৯৭ কোটি টাকা ব্যয় ধরা হয়েছে। ব্যয়ের সম্পূর্ণই রাজ্য সরকারের তহবিল থেকে দেওয়া হচ্ছে। বৃহস্পতিবার দক্ষিণ ২৪ পরগনা বারুইপুর সোনার তরীতে কমপ্লেসে সাংবাদিক বৈঠক করেন রাজ্যসভার সাংসদ ও জেলা সভাপতি শুভাশিস চক্রবর্তী, পরিবহন দপ্তরের মন্ত্রী দিলীপ মন্ডল, বারুইপুর পূর্বের বিধায়ক বিভাস সরদার, সোনারপুর উত্তরের বিধায়িকা, ফিরদৌসী বেগম, জেলা পরিষদের সভাধিপতি শামীমা শেখ, জেলা পরিষদের উপাধ্যক্ষ জয়ন্ত ভদ্র। সাংবাদিক বৈঠক করে সাংসাদ শুভাশিস চক্রবর্তী বলেন রাজ্য সরকারের উন্নয়নমূলক প্রকল্পগুলি জনমুখী করতে। পঞ্চায়েত ও সামনে লোকসভা ভোট আমাদের হাতিয়ার তৃণমূল কংগ্রেসের উন্নয়নমুখী প্রকল্পগুলি জনসাধারণের সঙ্গে তুলে ধরা। কেন্দ্রের বঞ্চনাতে শিকার হচ্ছে রাজ্যের তৃণমূল কংগ্রেস সমস্ত কিছু টাকা বন্ধ করে দেওয়ার পর রাজ্যের মুখ্যমন্ত্রী তার প্রচেষ্টার মাধ্যমে কোন প্রকল্প মানুষকে বাদ দিচ্ছে না লক্ষী ভান্ডার থেকে স্বাস্থ্য সাথী। এবার নতুন প্রকল্প ১২০০০ হাজার কিলোমিটার রাস্তা তৈরি। বিরোধীরা যতই কুৎসা রটাবে ততই মুখ্যমন্ত্রী উন্নয়নের জোয়ার বইবে পশ্চিমবঙ্গে।

## বেতাগায়

● প্রথম পাতার পর

শান্তিরবাজার জেলা হাসপাতালে ভর্তি করেছেন। দুর্ঘটনার পর ট্রাক চালক পালিয়ে গেছে। আহতরা বর্তমানে হাসপাতালে চিকিতাধীন রয়েছেন।

## পুলিশ

● প্রথম পাতার পর

এলাকার নিরাপত্তা বলয়ের মধ্যেই এ ধরনের চুরির ঘটনাকে কেন্দ্র করে জনগণে নিরাপত্তা নিয়ে নতুন করে প্রশ্ন উঠতে শুরু করেছে। জানা গেছে ওই ফ্ল্যাটে গার্ড থাকা সত্ত্বেও এই চোরের ঘটনা ঘটেছে। বেসরকারি নিরাপত্তা রক্ষীদের গাফিলতির কারণেই এই ঘটনা ঘটেছে বলে অনেকেই আশঙ্কা করছেন।

রাত জেগে পাহারা দেওয়ার কথা থাকলেও তারা নাকি ঘুমিয়ে পড়েছিল। আবার অনেকের আশঙ্কা এই চুরির ঘটনার সঙ্গে বেসরকারি নিরাপত্তা রক্ষীদের যোগাযোগ থাকতে পারে। এব্যাপারে থানায় সুনির্দিষ্ট অভিযোগ দায়ের করা হয়েছে। পুলিশ ঘটনার তদন্ত শুরু করেছে।

## বিধানসভায়

● প্রথম পাতার পর

বিষয়। বিধানসভায় বসে নীল ছবি দেখা কাম্য নয়। এই ঘটনায় প্রধানমন্ত্রীর ভাবমূর্তি নষ্ট হচ্ছে। একই সঙ্গে রাজ্য সরকার ও মুখ্যমন্ত্রীর ভাবমূর্তিও নষ্ট করছে তারা। এই অবস্থায় তিপ্রা মথা দলের পক্ষ থেকে দাবি জানানো হয় যে চেয়ারে বসে বিধায়ক একান্ড ঘটিয়েছেন তা গঙ্গা জলে পরিশুদ্ধ করে আবার বিধানসভার ভেতরে নিয়ে যাওয়ার জন্য। অভিযুক্ত বিধায়ক যাদব লাল নাথ এর বিরুদ্ধে অবিলম্বে ঘটনার তদন্ত করে ব্যবস্থা গ্রহণ করতে হবে অধ্যক্ষকে।

এদিকে, প্রদেশ বিজেপি সভাপতি রাজীব ভট্টাচার্য্য বিধায়ক যাদব লাল নাথকে শোকজ নোটিশ দেয়া হয়েছে। শোকজ নোটিশের জবাবের পরই এই ব্যাপারে দল পরবর্তী পদক্ষেপ গ্রহণ করবে বলে জানিয়েছেন বিজেপি প্রদেশ সভাপতি।

## অবরোধ

● প্রথম পাতার পর

দায়ের করা হলেও এখনো পর্যন্ত প্রশাসন কোনো ব্যবস্থা গ্রহণ করেননি।

অবশেষে বৃহস্পতিবার সকালে অসম-আগরতলা জাতীয় সড়ক অবরোধ করেন শ্রমিকরা। অবরোধের ফলে চন্দ্রপুরে যান চলাচল স্তব্ধ হয়ে পড়ে। তাঁদের দাবি, শ্রমিকদের কার্যালয়ে স্বাধীন ভাবে কাজ করার সুযোগ দেওয়া এবং অতিসত্ত্বর বিপ্লব কর গোষ্ঠীর বিরুদ্ধে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা। খবর পেয়ে ঘটনাস্থলে ছুটে আসে পুলিশ। পুলিশ অবরোধকারীদের সাথে কথা বলেন এবং তাঁদের বিরুদ্ধে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহন করার আশ্বাস দিয়েছেন। ওই আশ্বাসের ভিত্তিতে শ্রমিকরা অবরোধ প্রত্যাহার করেন।

# রাজ্য জিমন্যাস্টিক্সের আজ সমাপ্তি
# সিমরান, দেবপ্রকাশের দ্বিমুকুট

ক্রীড়া প্রতিনিধি, আগরতলা, ৩০ মার্চ।। দুদিন ব্যাপী রাজ্য স্তরীয় জিমনাস্টিক্স চ্যাম্পিয়নশিপ শুরু হয়েছে আজ। আগামীকাল এর সমাপ্তি ও পুরস্কার বিতরণী অনুষ্ঠান হবে। আগরতলার এন এস এস সির জিমন্যাস্টিক্স হল-এ বৃহস্পতিবার সন্ধ্যায় প্রতিযোগিতার আনুষ্ঠানিক উদ্বোধন হয়েছে। তবে প্রতিযোগিতার বিভিন্ন ইভেন্টের খেলা শুরু হয়েছে আজ প্রথম বেলা থেকেই। ইতোমধ্যে অনূর্ধ ১০ বালিকা বিভাগে ব্যালেন্স ভীম ইভেন্টে ফ্লাওয়ার্স ক্লাবের সিমরান দত্ত প্রথম, অনুশ্রিতা সাহা দ্বিতীয় এবং বিবেকানন্দ ব্যায়ামাগার শুভমিতা দেব তৃতীয় পুরস্কার পেয়েছে। ফ্লোর এক্সারসাইজে বিবেকানন্দ ব্যায়ামাগারের শুভমিতা দেব ও ফ্লাওয়ার্স ক্লাবের সিমরান দত্ত যুগ্মভাবে প্রথম, বিবেকানন্দ ব্যায়ামাগারের স্নেহা রাও দ্বিতীয় এবং ফ্লাওয়ার্স ক্লাবের অনুশ্রিতা সাহা তৃতীয় স্থান পেয়েছে। অলরাউন্ড ব্যক্তিগত চ্যাম্পিয়নশিপে ফ্লাওয়ার্স ক্লাবের সিমরান দত্ত ২৯.৮ পয়েন্ট পেয়ে চ্যাম্পিয়ন হয়েছে। অনূর্ধ ১০ বালক বিভাগে ফ্লোর এক্সারসাইজে দেশবন্ধু চিত্তরঞ্জন ক্লাবের দেবপ্রকাশ দেবনাথ প্রথম, আগরতলা জিমন্যাস্টিক্স ক্লাবের দ্বীপ মজুমদার দ্বিতীয় এবং দেশবন্ধু চিত্তরঞ্জন ক্লাবের আয়ুষ পাল তৃতীয় স্থান পেয়েছে। ভল্টিং টেবিলে দেশবন্ধু চিত্তরঞ্জন ক্লাবের দেবপ্রকাশ দেবনাথ ও দেবায়ন ঘটক যথাক্রমে প্রথম ও দ্বিতীয় স্থান পেয়েছে। উদয়পুর জিমন্যাস্টিক্স প্লে সেন্টারের অভিজ্ঞান সরকার পেয়েছে তৃতীয় স্থান। অল রাউন্ড ব্যক্তিগত চ্যাম্পিয়নশিপে দেশবন্ধু চিত্তরঞ্জন ক্লাবের দেব প্রকাশ দেবনাথ ৩০.৩০ পয়েন্ট নিয়ে চ্যাম্পিয়ন হয়েছে। উল্লেখ্য, সান্ধ্যকালীন অনুষ্ঠানিক উদ্বোধন পর্বে উদ্বোধক মেয়র দীপক মজুমদার, প্রধান অতিথি রাজ্য যুব কল্যাণ ও ক্রীড়া দপ্তরের অধিকর্তা সুবিকাশ দেববর্মা, সম্মানীয় অতিথি হিসেবে প্রাক্তন স্পোর্টস অফিসার স্বপন সাহা, ত্রিপুরা ফুটবল এসোসিয়েশনের পেট্রন রতন সাহা, প্রাক্তন আন্তর্জাতিক মহিলা জিমন্যাস্ট নিয়তি দেবনাথ, সাই অধিকর্তা রাজেন্দ্র পাঠানিয়া, প্রথম অর্জুন প্রাক্তন জিমন্যাস্ট মন্টু দেবনাথ, অলিম্পিয়ান পদ্মশ্রী দীপা কর্মকার প্রমূখ উপস্থিত ছিলেন। পৌরহিত্য করেন রাজ্য জিমন্যাস্টিক্স এসোসিয়েশনের সভাপতি রাজীব ভট্টাচার্য। অনুষ্ঠানে রাজ্য জিমন্যাস্টিক্সের পুরোধা ব্যক্তিত্ব দলীপ সিং এবং প্রয়াত আন্তর্জাতিক জিমনাস্ট মধুসূদন সাহার প্রতিকৃতিতে শ্রদ্ধা জানানো হয়। পাশাপাশি জাতীয় পুরস্কার বিজয়ী জিমন্যাস্টদের সংবর্ধনা জ্ঞাপন করা হয়। উল্লেখ্য, ৫০ তম রাজ্য আসরে মূলত: উদয়পুর মহকুমার একটি দল, জিরানিয়া মহকুমার খুমলুঙ দল, সদরের বারোটি ক্লাব ইউনিটের মোট ১১৬ জন জিমন্যাস্ট অংশ নিলেও অদূর ভবিষ্যতে রাজ্যের প্রতিটি মহকুমা স্তরে জিমন্যাস্টিক্স-কে পৌঁছে দেওয়ার নিরলস প্রয়াস চালাচ্ছেন বলে বক্তৃতায় সংস্থার সচিব দ্রোনাচার্য বিশ্বেশ্বর নন্দী ব্যক্ত করেছেন। স্বাগত ভাষণ রাখেন কার্যকরী সদস্য অপু রায়। বলাবাহুল্য, রাজ্যের প্রথম অর্জুন মন্টু দেবনাথের প্রস্তাবিত প্রকল্প অনুযায়ী ক্রীড়া পরিকাঠামো উন্নয়নে বড় মাপের প্রজেক্ট মঞ্জুরীকৃত হওয়ার পর এখন তা বাস্তবায়ন হলে রাজ্য ক্রীড়ার মানোন্নয়ন অনেকটা অগ্রসর হবে বলে অনুমেয়।

# সাংবাদিকদের ব্যাডমিন্টন মিট কাল
# টেবিল টেনিসে কৌশিক চ্যাম্পিয়ন

ক্রীড়া প্রতিনিধি, আগরতলা, ৩০ মার্চ।। দীর্ঘ বছর পর প্রেসক্লাবের টেবিল টেনিস টুর্নামেন্টে নতুন মুখ উঠে এসেছে। প্রেসক্লাবের স্পোর্টস আঙিনায় নিঃসন্দেহে এটি একটি ভালো দিক। বেশ উৎসাহ ও উদ্দীপনার মধ্য দিয়ে আগরতলা প্রেসক্লাব আয়োজিত গেমস এন্ড স্পোর্টস ফেস্ট -"২৩ চলছে। অন্যান্য বছরের মতো এবারও আগরতলা প্রেসক্লাবের সদস্য-সদস্যাদের মধ্যে ইনডোর-আউটডোর গেমস-এর পাশাপাশি নতুন সংযোজন বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতারও আয়োজন করা হয়েছে। গেমস এন্ড স্পোর্টসের ৬ষ্ঠ পর্যায়ে বৃহস্পতিবার টেবিল টেনিস প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়েছে। গত ২০ মার্চ থেকে লুডো, চাইনিজ চেকার্স, দাবা, ক্রিকেট, ক্যারাম, টেবিল টেনিসের পর সবশেষে ব্যাডমিন্টন এবং নতুন সংযোজন বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতাও অনুষ্ঠিত হবে।

আজ অনুষ্ঠিত টেবিল টেনিস প্রতিযোগিতায় কৌশিক সমাজপতি চ্যাম্পিয়ন এবং মণিময় রায় রানার্স হয়েছেন। তৃতীয় স্থান পেয়েছেন সুপ্রভাত দেবনাথ। প্রতিযোগিতায় মোট ১৪ জন সাংবাদিক খেলোয়াড় ছিলেন। খেলা শুরুর প্রাক্কালে উদ্বোধনী অনুষ্ঠানে স্বাগত ভাষণ রাখেন আগরতলা প্রেসক্লাবের সচিব রমাকান্ত দে। প্রেস ক্লাবের সভাপতি জয়ন্ত ভট্টাচার্যও উনার সংক্ষিপ্ত ভাষণে সংশ্লিষ্ট সকলকে ধন্যবাদ জানান।

অনুষ্ঠান পরিচালনায় ছিলেন বরিষ্ঠ সাংবাদিক সুপ্রভাত দেবনাথ। প্রতিযোগিতায় চীফ রেফারি ছিলেন রাজ্যের অন্যতম টেবিল টেনিস কোচ আশিস চৌধুরী। উল্লেখ্য, আগামী ১ এপ্রিল এন এস আর সি সি-র ব্যাডমিন্টন হলে সাংবাদিকদের মধ্যে ব্যাডমিন্টন প্রতিযোগিতা অনুষ্ঠিত হবে। সকাল সাড়ে দশটার মধ্যে অংশগ্রহণকারী খেলোয়ারদের প্রতিযোগিতাস্থলে রিপোর্ট করতে বলা হচ্ছে। বলা বাহুল্য, ২ এপ্রিল, রবিবার, সকাল সাড়ে নয়টায়, এগিয়ে চলো সংঘের মাঠে অনুষ্ঠিত হবে সাংবাদিক ও তাঁদের পরিবার-পরিজনদের নিয়ে বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতার আসর। স্পোর্টস সাব কমিটির কনভেনার অভিষেক দে এক বিবৃতিতে এ খবর জানিয়েছেন।

# আসামে জাতীয় হ্যান্ডবলে ৬ষ্ঠ স্থান পেলো ত্রিপুরা

ক্রীড়া প্রতিনিধি, আগরতলা, ৩০ মার্চ।। ষষ্ঠ স্থান পেয়ে সন্তুষ্ট থাকতে হলো ত্রিপুরাকে। জাতীয় সাবজুনিয়র হ্যান্ডবল প্রতিযোগিতায়। আসামের সোনাপুরের মিনি স্টেডিয়ামে অনুষ্ঠিত হয়েছে আসর। বৃহস্পতিবার সকালে দিল্লির বিরুদ্ধে দুরন্ত লড়াই করলেও হেরে যায় ত্রিপুরা। ফলাফল ১৯-১৫। বিকেলে অপর ম্যাচে চন্ডিগড়ের বিরুদ্ধে দুরন্ত খেলে জয় পায় ত্রিপুরা।

১৬-১২ গোলে। ম্যাচের শুরু থেকেই প্রধান্য নিয়ে খেলতে থাকে ত্রিপুরার খেলোয়াড়রা। এবং প্রথমার্ধেই লিড নিয়ে নেয়। শেষ পর্যন্ত প্রত্যাশিত জয়ও পায়। ষষ্ঠ স্থান নির্ণায়ক ম্যাচে ত্রিপুরার প্রতিপক্ষ ছিলো দাদরা ও নগর হাবেলী। নির্ধারিত সময়ে ত্রিপুরা দল মাঠে উপস্থিত থাকলে দেখা মিললো না প্রতিপক্ষ দলের। শেষ পর্যন্ত ত্রিপুরাকে জয়ী ঘোষনা করা হয়। এবং ত্রিপুরা আসরে ষষ্ঠ স্থান দখল করে। রাজ্য সংস্থার সচিব লিটন রায় গুয়াহাটি থেকে এ খবর জানিয়েছেন। তিনি বলেন, 'আসরের সবথেকে শক্তিশালী দল দিল্লির বিরুদ্ধে দুরন্ত লড়াই করেছে আমাদের খেলোয়াড়রা। কিন্তু সামান্য ভুলে হারতে হয়েছে আমাদের। তবে আমাদের ছেলেরা প্রত্যাশার থেকে ভালো খেলার চেষ্টা করেছে'।

আজ রাজ্যে ফিরবে ত্রিপুরা দলের খেলোয়াড়রা।

পাবলিক লাইব্রেরী সচেতনতা অভিযান

আগরতলা বইমেলা প্রাঙ্গণে
বীরচন্দ্র স্টেট সেন্ট্রাল লাইব্রেরীর উদ্যোগে
স্পট লাইব্রেরী মেম্বারশিপ কার্ড দেওয়া চলছে।
আগ্রহী পাঠক, অভিভাবকদের এই সুযোগ গ্রহন করার অনুরোধ করা যাচ্ছে।
স্টল নং- H-62 তে যোগাযোগ করুন।

বিজাপনগন বাঁগাঁই লুকু সিচামুঙ সাকলাইমুঙ

আগরতলা বিজাপ বানিক নখীলাঅ
বীরচন্দ্র স্টেট সেন্ট্রাল লাইব্রেরীনি বাঁথাকতাঁই
লাইব্রেরী মেম্বারশিপ কার্ড বাগজাগাঁই তঙগ
পড়িনা মুচুঙনাই যত লুকুরুগন অ সেপ নাহারনা কয়জাঅ
H-62 স্টলঅ চাঁঙবায় কাঁরাঁঙদি।

ICA/D-2286/23

# কাল থেকে সমীরণ স্মৃতি টি-২০ ক্রিকেট টুর্নামেন্টের জোর প্রস্তুতি

ক্রীড়া প্রতিনিধি, আগরতলা, ৩০ মার্চ।। জোর প্রস্তুতি শুরু। আসরে অংশ নেওয়া ১৪ টি দলের। ১ এপ্রিল থেকে শুরু হচ্ছে রাজ্য ক্রিকেট সংস্থা আয়োজিত সমীরণ চক্রবর্তী স্মৃতি টি-২০ ক্রিকেট। উদ্বোধনী দিনে হবে ৪ টি ম্যাচ। এম বি বি স্টেডিয়ামে সকাল ৯ টায় স্ফুলিঙ্গ খেলবে মৌচাক ক্লাবের বিরুদ্ধে, দুপুর সোয়া ১ টায় জে সি সি খেলবে হার্ভের বিরুদ্ধে, নরসিংগড় পুলিস ট্রেনিং আকাদেমি মাঠে সকাল ৯ টায় সংহতি খেলবে চলমান সঙ্ঘের বিরুদ্ধে এবং দুপুর সোয়া ১ টায় ইউনাটেড ফ্রেন্ডস খেলবে পোলস্টারের বিরুদ্ধে। এবছর আসরে অংশ নিয়েছে ১৪ টি দল। তাদের ২ গ্রুপে রাখা হয়েছে। গ্রুপ 'এ'- স্ফুলিঙ্গ, সংহতি, কসমোপলিটন,ব্লাডমাউথ, ইউ বি এস টি,মৌচাক, চলমান সঙ্ঘ। গ্রুপ 'বি'- জে সি সি, শতদল সঙ্ঘ, ইউনাটেড ফ্রেন্ডস,ও পি সি, বি সি সি এবং হার্ভে। প্রতি গ্রুপ থেকে ৪ টি করে দল কোয়ার্টার ফাইনালে খেলার যোগ্যতা অর্জন করবে। আসরের দুটি সেমিফাইনাল ম্যাচ হবে ২১ এপ্রিল।

ফাইনাল ২৩ এপ্রিল। আসরে সাফল্য পেতে সবকটি দল প্রস্তুতি শুরু করে দিয়েছে জোড় কদমে। ত্রিমুকুট জয়ের লক্ষ্য আসরে মাঠে নামবে স্ফুলিঙ্গ ক্লাব। ১০ বছর আগে শেষবার ত্রিমুকুট জয় করেছিলো গণরাজ চৌমুহনীর ওই ক্লাবটি। এবারও সেই লক্ষ্যেই মাঠে নামবে দৃঢ়তার সঙ্গে জানান ক্লাব কর্তারা।

## ছোটদের রাজ্য ক্রিকেটে কৈলাসহর দলও ঘোষিত, নেতৃত্বে দেবরাজ

ক্রীড়া প্রতিনিধি, আগরতলা, ৩০ মার্চ।। কৈলাসহর মহকুমা দলকে নেতৃত্ব দেবে দেবরাজ চক্রবর্তী। রাজ্য অনূর্ধ-১৩ ক্রিকেটে। ২৫ মার্চ থেকে কৈলাসহর মহকুমার খেলা হবে সোনামুড়া এবং বিশালগড় মহকুমায়। উদ্বোধনী দিনে কৈলাসহর মহকুমার প্রতিপক্ষ সদর 'বি'। ২৬ মার্চ আমবাসা, ২৮ মার্চ জিরানীয়া এবং ১ এপ্রিল অমরপুরের বিরুদ্ধে খেলবে কৈলাসহর মহকুমা। আসরে অংশগ্রহণের জন্য ১৫ সদস্যের মহকুমার দল ঘোষনা করা হয়েছে। কোচ কিশোর মুহুরী গ্রুপ লিগ থেকে সেমিফাইনালে যাওয়া নিয়ে যথেষ্ট আশাবাদী। তিনি বলেন,'মহকুমার সেরাদের নিয়ে গড়া হয়েছে দল। আশাকরি ছেলেরা হতাশ করবে না'। ঘোষিত দল:দেবরাজ চক্রবর্তী (অধিনায়ক), রাজন সিনহা, রীতেশ কুমরী,সঞ্জয় কুমার কালোয়ার,সুমন মিঁয়া,হর্ষিত পাল, রিদ্ধিমান সরকার, শ্রীজয় মালাকার, দেবার্ঘ সিনহা, গৌরব দাস, সৌহার্দ্য মল্লিক,প্রজন চৌধুরি, সিয়াম উদ্দিন,বিজল দাস এবং মৃগাঙ্ক পাইন। কোচ: কিশোর মুহুরী। ম্যানেজার: পার্থ প্রতীম দেব।

**NOTICE INVITING TENDER**

The undersigned on behalf of the Governor..of Tripura invites sealed tenders/ quotations from the bonafide/registered suppliers/manufacturing firms for supply of expendable store articles like electrical goods, utensil, fabric items, sport items, stationery items etc: in favour of 5"Bn TSR(R-I), Duluma, Amarpur, Gomati Tripura for the financial year 2023-24 covering the period up to 31th March'2024.

2. A copy of Notice Inviting Tender, List of required articles, Terms & Condition etc. may be obtained from office of the Commandant, 5"" Bn TSR(IR-I), Duluma,Amarpur, Gomati, Tripura on or before 02.04.2023 on cash payment of sum of Rs.500/- on any working day. Last date of submission of tender/quotation is up to 1100 hrs on 10.04.2023 and will be opened on 11.04.2023 at 1200 hrs.

(Ananta Das)
Commandant
5 Battalion TSR(IR-I )

ICA/C-4563/23

সৃষ্টির প্রেরণায় নতুন প্রতিশ্রুতি

উন্নত মুদ্রণ

সাদা, কালো, রঙিন
নতুন ধারায়

রেণ্‌বো প্রিন্টিং ওয়ার্কস

জাগরণ ভবন, (লক্ষ্মীনারায়ণ মন্দির সংলগ্ন), এন এল বাড়ি লেইন
প্রভুবাড়ী, বনমালীপুর, আগরতলা, ত্রিপুরা পশ্চিম - ৭৯৯০০১
মোবাইল ঃ- ৯৪৩৬১২৩৭২০
ই-মেল ঃ rainbowprintingworks@gmail.com



সেল টেক্স এবং স্বল্প সঞ্চয় বিভাগের উদ্যোগে আগরতলায় আন্তর্জাতিক নারী দিবস পালন করা হয়েছে বৃহস্পতিবার। ছবি-নিজস্ব।

# আগরতলা শহরকে বানভাসী অবস্থা থেকে রক্ষার লক্ষ্যে কালাপানিয়া ড্রেইন পরিষ্কারের কাজ খতিয়ে দেখলেন মেয়র

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ৩০ মার্চ।।** কালাপানিয়া ড্রেইন পরিদর্শনে গেলেন মেয়র দীপক মজুমদার ।আসন্ন বৃষ্টির মরসুমকে লক্ষ্য রেখে বিশেষ উদ্যোগ গ্রহণ করেছে আগরতলা পুরো নিগম। বর্ষাকালে রাজধানী আগরতলা শহরে যাতে জল জমে সমস্যার সৃষ্টি করতে না পারে সেজন্য আগরতলা পুর নিগম এবছর আগে থেকেই নানা প্রস্তুতি শুরু করেছে। জল নিষ্কাশনই ড্রেন গুলি পরিষ্কার পরিচ্ছন্ন করার উপর বিশেষ গুরুত্ব আরোপ করা হয়েছে।। দেশের অন্যান্য উন্নত শহরগুলির মতই আগরতলা শহর এলাকার জল নিষ্কাশনের ড্রেন গুলি পরিষ্কার করার জন্য উন্নতমানের মেশিন কে কাজে লাগানো হচ্ছে। বহির্জ রাজ্যের স্বনামধন্য সংস্থাগুলি এ কাজে হাত লাগিয়েছে। আগরতলা পুরো নিগম এর মেয়র দীপক মজুমদার বৃহস্পতিবার কালাপানিয়া ড্রেন পরিস্কার পরিচ্ছন্ন করার কাজ সরে জমিনে পরিদর্শন করেন ।মেয়র এর সফর সঙ্গে হিসেবে ছিলেন ডেপুটি কমিশনার সহ এলাকার কর্পোরেট সহ পদস্থ আধিকারিকরা। মেয়র দীপক মজুমদার জানান বর্তমান সরকার ক্ষমতায় আসার আগেই জনগণকে প্রতিশ্রুতি দিয়েছিল আগরতলা শহর এলাকায় যাতে বর্ষার জল জমে সমস্যার সৃষ্টি করতে না পারে সেজন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে। ইতিমধ্যেই বেশ কিছু ব্যবস্থা গ্রহণ করা হয়েছে। তারপরও কিছু কিছু জায়গায় বর্ষাকালে জল জমে থাকে।

বিষয়গুলো পরীক্ষা-নিরীক্ষা করে দ্রুত জল নিষ্কাশনের জন্য প্রয়োজনীয় উদ্যোগ হিসেবেই কালাপানিয়া এবং আখাউড়া খাল উন্নত মানের মেশিনকে কাজে লাগিয়ে দ্রুত পরিষ্কার করার উদ্যোগ গ্রহণ করা হয়েছে বলে মেয়র জানিয়েছেন। তিনি আরো জানান বাংলাদেশের দিকে এই ড্রেনগুলো পরিষ্কার-পরিচ্ছন্নতার ক্ষেত্রে কিছুটা ঘাটতে থাকায় সমস্যা দেখা দিচ্ছে।। বাংলাদেশ সরকারের তরফ থেকে যাতে ট্রেন গুলি নিয়মিত পরিষ্কার করা হয় সেজন্য রাজ্য সরকারের তরফ থেকে বাংলাদেশ সরকারের কাছে চিঠি পাঠানো হবে বলে জানিয়েছেন মেয়র।

# সোনামুড়ায় গাড়ি ও বাইকের সংঘর্ষে গুরুতর আহত দুই

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ৩০ মার্চ।।** বাইক আরোহীকে গাড়ি দিয়ে পিষে মারার চেষ্টা গাড়ি চালকের। ঘটনা সোনামুড়ায়। যান দুর্ঘটনা রাজ্যে নিত্যদিনের ঘটনা। গাড়ি ও বাইক চালকদের বেআব্রু চলাফেরা কোনো মতেই থামছে না।পাচার বাণিজ্যের করিডোর বলে পরিচিত সোনামুড়া মহকুমা। এই পাচার বাণিজ্যের অবৈধ টাকায় ভিখারি পর্যন্ত আজ বাইক ও গাড়ি নিয়ে চলাচল করে। টাকার বাহুবলীতে প্রশাসনিক আচরণ বিধিকে তারা তোয়াক্কা করে না ।এই ধরনের অসংখ্য গাড়ি ও বাইক চালকদের ড্রাইভিং লাইসেন্স থেকে শুরু করে প্রয়োজনীয় নথিপত্র কিছুই নেই বললেই চলে। পুলিশের কাছে এসব অবৈধ গাড়ি কিংবা বাইক আটকে পড়ে গেলেই স্পষ্ট বোঝা যায় কি হারে এ ধরনের যানবাহন চলাচল করছে। কিছু প্রণামী জরিমানার মাধ্যমেই গাড়িগুলি থানা থেকে ছাড়িয়ে নেয় অধিকাংশ সময় ।এমনই একটি গাড়ি ও বাইক চালকের বেআব্রু চলাচলে সোনামুড়া মহকুমা শহরের পথে মারাত্মক ভাবে যান দুর্ঘটনা ঘটে ।ঘটনার বিবরণে জানা যায়,গোলাপ মিয়ার পেট্রোল পাম্প থেকে টএকটি গ্ল্যামার বাইক পেট্রোল ভরে পাম্প থেকে বের হওয়ার সময় আচমকা একটি লাল রঙের একটি মহিন্দ্রা কোম্পানির গাড়ি বাইকটিকে সজোড়ে ধাক্কা দিয়ে পিষে মারার চেষ্টা করে। গাড়িটি বাইকটিকে ধাক্কা দেওয়ার সাথে সাথেই বাইক আরোহী সহ বাইকটি কয়েক মিটার দূরে ছিটকে পড়ে যায় ।এতে গুরুতরভাবে আহত হয় বাইক আরোহী সমীর দাস ।তার পা ভেঙ্গে রক্তাক্ত হয়ে যায় বলে। অপরদিকে গাড়িচালক এরশাদ অল্পবিস্তর আহত হয় ।জানা যায় গাড়ির মালিকের নাম মন্টু মিয়া। ঘটনা পার্শবর্তী ব্যবসায়ীর দোকানগুলির সিসি ক্যামেরায় স্পষ্ট ধরা পড়েছে। এতে বোঝা যাচ্ছে গাড়িটি উদ্দেশ্যপ্রণোদিতভাবে বাইক আরোহীকে পিষে মারার চেষ্টা করেছে ।ঘটনার খবর পেয়ে সোনামুড়া অগ্নি নির্বাপক দপ্তরের কর্মীরা যান। দুর্ঘটনায় আহত দুজনকে সোনামুড়া সামাজিক স্বাস্থ্য কেন্দ্রে নিয়ে যায় ।বর্তমানে আহত দুজনই চিকিৎসাধীন অবস্থায় সোনামুড়া স্বাস্থ্য কেন্দ্রে রয়েছেন। পুলিশ সূত্রে জানা যায় এই যান দুর্ঘটনার পেছনে কি রহস্য লুকিয়ে আছে সঠিক তদন্ত করে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

# রাম নবমীতে শ্রীনগরে কাশ্মীরি পণ্ডিতদের মিছিল

শ্রীনগর, ৩০ মার্চ (হি.স.) : চৈত্র নবরাত্রের সমাপ্তি এবং রাম নবমীর উতব কাশ্মীর উপত্যকায় কাশ্মীরি পণ্ডিতদের ধর্মীয় উতাহ এবং উল্লাসের সাথে পালিত হল। বৃহস্পতিবার রাম নবমীতে কাশ্মীরি পণ্ডিতরাও শ্রীনগরে মিছিল বের করেন। কড়া নিরাপত্তার মধ্যে শ্রীনগরের টাঙ্কিপোরা এলাকার কাঁঠালেশ্বর মন্দির থেকে ঐতিহ্যবাহী পোশাক পরিহিত শিশুদের নিয়ে একটি শোভাযাত্রা বের করা হয়। মিছিল গণপতিয়ার, বারবার শাহ, রিগাল চক, লাল চক, হরি সিং হাই স্ট্রিট, জেহাঙ্গীর হয়ে যায়। বিপুল সংখ্যক কাশ্মীরি পণ্ডিত যাত্রার সাথে ছিলেন, হরে রাম, হরে রাম স্লোগান তুলেছিলেন, যা শান্তিপূর্ণভাবে শেষ হয়েছিল। শ্রীনগর শহরের বিভিন্ন পয়েন্টে রাস্তার ধারে সংখ্যাগরিষ্ঠ সম্প্রদায়ের সদস্যদেরও শুভেচ্ছা জানাতে দেখা যায়। এদিন সতর্কতামূলক ব্যবস্থা হিসেবে বিভিন্ন জায়গায় নিরাপত্তা বাহিনী মোতায়েন করা হয়েছে।

কাশ্মীরের হিন্দু ওয়েলফেয়ার সোসাইটির সভাপতি চুন্নি লাল বলেন, শোভা যাত্রা বের করার মধ্য দিয়ে শেষ হয়েছে ভগবান রামের জন্মবার্ষিকী নয় দিনব্যাপী রাম নবমী উৎসব। এই সমস্ত দিনগুলিতে দেশ এবং জম্মু ও কাশ্মীরের শান্তি ও সমৃদ্ধির জন্য বিশেষ প্রার্থনা করা হয়েছে।

# দুর্গা বাড়িতে রামনবমীতে বাসন্তী পুজো

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ৩০ মার্চ।।** মহা নবমী তিথিতে দুর্গা বাড়িতে ধর্মীয় ভাব গম্ভীর পরিবেশে বাসন্তী পূজা অনুষ্ঠিত হয়। রাম নবমী তিথিতে দুর্গাবাড়িতে পুজো দিতে ও অঞ্জলি নিতে অসংখ্য প্রাণ মানুষের অংশগ্রহণ পরিলক্ষিত হয়েছে। বৃহস্পতিবার মহা নবমী তিথিতে দুর্গা বাড়িতে বেশ জাকজমকপূর্ণভাবে বাসন্তী পূজোর তৃতীয় দিনে পূজা অনুষ্ঠিত হয়। শুক্রবার দশমী। বৃহস্পতিবার মহানবমীর তিথিতে দুর্গা বাড়িতে ধর্মপ্রাণ মানুষের ভিড় পরিলক্ষিত হয়। পুরোহিত জানান আগামীকাল সকালে দশমী পূজা অনুষ্ঠিত হবে। সন্ধ্যা ৬ঃ৩০ টায় প্রতিমা বিসর্জনের উদ্দেশ্যে নিয়ে যাওয়া হবে। উল্লেখ্য প্রতিবছর ওই দুর্গা বাড়িতে ঐতিহ্যবাহী দুর্গাপূজা অনুষ্ঠিত হয়। সম্পূর্ণভাবে সরকারি ব্যবস্থাপনার মধ্য দিয়ে দুর্গা বাড়িতে এই ঐতিহ্যবাহী পূজা রাজ আমল থেকেই অনুষ্ঠিত হচ্ছে।

# বিরোধী ঐক্য গড়ে তুলতে ৩ এপ্রিল চেন্নাইয়ে ২০টি দলের বৈঠক

**।। অভিজিৎ রায়চৌধুরী।। নয়াদিল্লী, ৩০ মার্চ।।** বিরোধী দলগুলির মধ্যে ঐক্য গড়ে তোলার জন্য ডিএমকে প্রধান এবং তামিলনাড়ুর মুখ্যমন্ত্রী এম কে স্ট্যালিন ৩ এপ্রিল চেন্নাইতে অল ইন্ডিয়া ফেডারেশন অফ সোশ্যাল জাস্টিস মিটিংয়ে যোগ দেওয়ার জন্য ২০টি রাজনৈতিক দলকে আমন্ত্রণ পাঠিয়েছেন।

সাম্প্রতিক সময়ে কংগ্রেস, টিএমসি এবং শিবসেনার মধ্যে বিভিন্ন বিরোধী দলগুলির মধ্যে ক্রমবর্ধমান কলহের আলোকে এই বৈঠকটি রাজনৈতিক তাৎপর্যপূর্ণ ।এই বিরোধী দলগুলির মধ্যে একটি সাধারণ ভিত্তি রয়েছে যে সকলেই বিরোধী নেতাদের বিরুদ্ধে কেন্দ্রীয় সংস্থাগুলির অপব্যবহারের জন্য কেন্দ্রীয় বিজেপি সরকারকে অভিযুক্ত করেছে। লোকসভা থেকে রাহুল গান্ধীর অযোগ্যতা অনেক বিরোধী দলকে একই পৃষ্ঠায় এনেছে এবং দেশে ব্যাপক রাজনৈতিক ঝড় তুলেছে। মজার বিষয় হল, অন্ধ্র প্রদেশের মুখ্যমন্ত্রী জগনমোহন রেড্ডির বিজু জনতা দল (বিজেডি) এবং ওয়াইএসআরসিপি পার্টি থেকে প্রথমবারের মতো নেতা বৈঠকে যোগ দেবেন। চলমান সংসদ অধিবেশনের কারণে হাইব্রিড পদ্ধতিতে বৈঠক হলেও সারাদেশের অনেক শীর্ষ বিরোধীদলীয় নেতা এতে অংশ নেবেন। যে দলগুলি তাদের আরোহণ করেছে তারা হল কংগ্রেস, টিএমসি, বিজেডি, সিপিআইএম, এনসিপি, আম আদমি পার্টি, জেএমএম, আরজেডি, সমাজবাদি পার্টি, সহ মোট কুড়িটি দল।

# বিশালগড়েও যথাযোগ্য মর্যাদায় পালিত রামচন্দ্রের জন্মোৎসব

**নিজস্ব প্রতিনিধি, চড়িলাম, ৩০ মার্চ।।** বৃহস্পতিবার ছিল রাম নবমী। মর্যাদা পুরুষোত্তম ভগবান রামচন্দ্রের জন্মোৎসব ।এই দিনটি পুরো দেশের সাথে সিপাহীজলা জেলার বিশালগড় মহকুমায় ও যথাযোগ্য মর্যাদায় পালিত হয়। বৃহস্পতিবার বিকাল সাড়ে চারটায় বিশ্ব হিন্দু পরিষদ সিপাহীজলা জেলা কমিটির উদ্যোগে এক বর্ণাঢ্য ধর্মীয় শোভাযাত্রার আয়োজন করা হয়েছিল। শোভাযাত্রাটি বিশালগড় মোটর স্ট্যান্ড থেকে শুরু হয়ে বিশালগড় বাজারের বিভিন্ন পথ পরিক্রমা করে অফিস টিলা গিয়ে শেষ হয় ।উক্ত শোভাযাত্রায় অংশ গ্রহন করেন বিশালগড় বিধানসভার নবনির্বাচিত বিধায়ক সুশান্ত দেব, বিশ্ব হিন্দু পরিষদের সিপাহীজলা জেলা কমিটির সভাপতি কৃষ্ণেন্দু অধিকারী। বিশ্ব হিন্দু পরিষদের সাথে বজরঙ্গ দল,মাতৃ শক্তি, দুর্গা বাহিনী, রাষ্ট্রীয় স্বয়ং সেবক সংঘে সদস্য সদস্যরা এই ধর্মীয় শোভাযাত্রায় অংশ গ্রহন করেন ।উক্ত শোভাযাত্রা সম্পর্কে বলতে গিয়ে বিশ্ব হিন্দু পরিষদের সিপাহীজলা জেলা কমিটির সভাপতি কৃষ্ণেন্দু অধিকারী বলেন চৈত্র মাসের শুক্ল পক্ষে নবমী তিথিতে জন্মগ্রহণ করেছিলেন রঘুনন্দন মর্যাদা পুরুষোত্তম শ্রী রামচন্দ্র।

সেই রামচন্দ্র পরবর্তী সময়ে মর্যাদা পুরুষোত্তম হিসেবে সম্মানিত হয়েছিলেন। রাজা দশরথের জেষ্ঠ পুত্র রামচন্দ্র সত্য ন্যায় প্রতিষ্ঠা করেছিলেন। আজও ভারতবাসী সহ গোটা পৃথিবীর সনাতনীদের কাছে শ্রী শ্রী রামচন্দ্র আদর্শ পুরুষ। তাই ভগবান শ্রী রামচন্দ্রের জন্মতিথিতে রামনবমী উৎসব পালন করে সনাতনীরা ।সনাতনী নাগরিকেরা গেরুয়া ধ্বজ হাতে নিয়ে, মাথায় গেরুয়া পাগড়ি পড়ে শোভাযাত্রায় অংশ নেন। শোভাযাত্রার সম্মুখভাগে সুসজ্জিত ট্যাবলুতে ছিল চিন্ময়ী রাম লক্ষণ সীতা এবং রামভক্ত হনুমান। রামনবমী উপলক্ষে আয়োজিত শোভাযাত্রা উপভোগ করতে জাতীয় সড়কের দু''পাশে অসংখ্য সনাতনী ভক্ত উপস্থিত ছিলেন। ভগবান রামচন্দ্রের আদর্শ চিন্তাধারা সমাজের প্রত্যেক মানুষের কাছে পৌঁছে দিতে এই ধর্মীয় শোভাযাত্রার আয়োজন করা হয়েছে।

# প্রশিক্ষণের সময়ে দুই হেলিকপ্টারের মুখোমুখি সংঘর্ষে নিহত ৯ মার্কিন সেনা

ওয়াশিংটন, ৩০ মার্চ (হি.স.) : প্রশিক্ষণের সময়ে দুই হেলিকপ্টারের মুখোমুখি সংঘর্ষে ৯ মার্কিন সেনার মৃত্যু হয়েছে। বৃহস্পতিবার রাতে ফোর্ট ক্যাম্পবেল সেনানিবাসের মুখপাত্র লেফটেন্যান্ট কর্নেল অ্যান্টনি হোফার এ কথা জানিয়েছেন। তবে কী কারণে ওই দুর্ঘটনা ঘটল, তা এখনও পরিস্কার নয়। এ নিয়ে তদন্তও শুরু হয়েছে। দুটি হেলিকপ্টারে থাকা ব্ল্যাক বক্স উদ্ধারের চেষ্টা চলছে। মর্মান্তিক ঘটনাটি ঘটেছে কেন্টাকি প্রদেশে। কেন্টাকির গভর্নর অ্যান্ডি বেসার সংবাদমাধ্যমকে জানিয়েছেন, 'বুধবার সন্ধ্যায় ব্ল্যাক হক মডেলের দুটি হেলিকপ্টারে প্রশিক্ষণ নিচ্ছিলেন মার্কিন সেনাবাহিনীর ৯ সদস্য। প্রশিক্ষণের মধ্যেই স্থানীয় সময় রাত ১০টা নাগাদ ট্রিগ কাউন্টিতে মাঝ আকাশে দু'টি সেনা কপ্টারের মধ্যে সংঘর্ষ হয়। ওই সংঘর্ষের পরেই হেলিকপ্টার দুটি ভেঙ্গে পড়ে। ভেঙ্গে পড়া হেলিকপ্টারে থাকা সব মার্কিন সদস্যের মৃত্যুর আশঙ্কা করা হয়েছিল।'

# প্রত্যেক বিদ্যালয়ে কিচেন গার্ডেন গড়ে তোলার দাবি

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ৩০ মার্চ।।** রাজ্যের সমস্ত বিদ্যালয়ে কিচেন গার্ডেন গড়ে তোলার পরিকাঠামো উন্নয়নের দাবিতে শিক্ষা অধিকর্তার নিকট ডেপুটেশন প্রদান করে বিধান শিশু উদ্যান মেধা অন্বেষণের এক প্রতিনিধি দল। বৃহস্পতিবার প্রতিনিধি দলটি এলিমেন্টারি শিক্ষা অধিকর্তা বিম্বিসার ভট্টাচার্যের নিকট ডেপুটেশন প্রদান করে। শিক্ষা অধিকর্তা দাবিগুলির সঙ্গে সহমত পোষণ করেন ও কার্যকরী ব্যবস্থা নেবেন বলে প্রতিনিধিদের আশ্বাস দেন। রাজ্যের আটশ দুইটি বিদ্যালয়ে কিচেন গার্ডেন থাকলেও দেখাশোনার জন্য শিক্ষা দপ্তরের কোন সেল নেই। এক্ষেত্রে মেধা অন্বেষণের রাজ্য কনভেনার মনোজ রায়কে পরীক্ষামূলকভাবে শিক্ষকতার পাশাপাশি পাঁচটি বিদ্যালয়ে কিচেন গার্ডেন গড়ে তোলার জন্য দায়িত্ব দেওয়া হয়েছিল এর আগে। কিন্তু বাকি স্কুলগুলিতে কিচেন গার্ডেন করার জন্য পরিকাঠামো তৈরি ক্ষেত্রে সেল গঠনের দাবিতে এই ডেপুটেশন প্রদান বলে জানান রাজ্য কনভেনার মনোজ রায়।

# মোহরছড়া বাজার থেকে বিভিন্ন ব্র্যান্ডের বিলেতি মদ সহ গ্রেপ্তার এক

**নিজস্ব প্রতিনিধি, কল্যাণপুর, ৩০ মার্চ।।** দীর্ঘ্য দিন ধরেই অবৈধ বিলেতি মদের ব্যবসা রমরমিয়ে চালিয়ে যাচ্ছিলো এক ব্যক্তি। অবশেষে গোপন সূত্রের খবরের ভিত্তিতে মদ বিরোধী অভিযান চালিয়ে কল্যাণপুর থানার পুলিশ প্রচুর বিভিন্ন ব্র্যান্ড এর মদ সহ এক ব্যক্তিকে গ্রেপ্তার করলো। মোহরছড়া এলাকা থেকে উত্তম দাস নামের ওই ব্যক্তিকে গ্রেপ্তার করা হয়। তার বাড়িতেই সে অবৈধ ব্যবসা খুলে বসেছিল বলে জানা গেছে। অবশেষে বৃহস্পতিবার সে পুলিশ এর জালে ধরা পরলো। জানা গেছে গোপন সংবাদের ভিত্তিতে দুই পুলিশ অফিসার পুলিশ নিয়ে হানা দেয় মোহরছড়ার উত্তম দাসের বাড়িতে। বাড়িতে ঢুকে একটি ঘরে গিয়ে তো পুলিশ এর চোখ চড়ক গাছ। সেখানে বিক্রি হচ্ছিলো বিভিন্ন ব্র্যান্ডের অবৈধ মদ। পুলিশ মদ এর বোতল উদ্ধার করার পাশাপাশি গ্রেপ্তার করে মদ বিক্রেতা উত্তম দাস কে। জানা গেছে দীর্ঘ্য দিন ধরেই সে এই অবৈধ ব্যবসা চালিয়ে আসছিলো। তাকে গ্রেপ্তার করে থানায় নিয়ে আসে পুলিশ। এই পুলিশী অভিযানে যান পুলিশ অফিসার অঞ্জন দেববর্মা এবং প্রেমজিৎ রায়।


পেঁচারথলে ছয় কোটি টাকার গাঁজা উদ্ধার করেছে পুলিশ।

# অসমে চার জেলা সভাপতি এবং পদাধিকারী নিয়োগ প্রদেশ কংগ্রেসের

গুয়াহাটি, ৩০ মার্চ (হি.স.) : অসম প্রদেশ এবং রাজ্যের চার জেলা সভাপতি ও পদাধিকারী নিয়োগ করেছে এপিসিসি। প্রদেশ কংগ্রেস সভাপতি ভূপেনকুমার বরা অনুমোদিত পদাধিকারীদের নাম সংবলিত একটি তালিকা প্রকাশ করা হয়েছে। জারিকৃত তালিকা অনুযায়ী অসম প্রদেশ কংগ্রেস কমিটিতে গুণকান্ত গগৈকে সহ-সভাপতি, তমালকান্তি বণিককে সাধারণ সম্পাদক এবং দেবজিৎ বরপূজারিকে সম্পাদক করা হয়েছে।

এছাড়া জেলা কংগ্রেস কমিটি (ডিসিসি)-র সভাপতিরা যথাক্রমে করিমগঞ্জের বিদ্যমান রজত চক্রবর্তী, হাইলাকান্দির সামসউদ্দিন বড়লস্কর, শিলচরে অভিজিৎ পাল এবং গুয়াহাটি শহর কমিটির নবজ্যোতি তালুকদার।

এর আগে চলতি বছরের ২৩ জানুয়ারি সর্বভারতীয় কংগ্রেস সভাপতি কর্তৃক অনুমোদিত নামের একটি তালিকা প্রকাশ করা হয়েছিল। তাতে অসম প্রদেশ কংগ্রেস কমিটির জন্য গঠিত রাজনৈতিক বিষয়ক কমিটির পদাধিকারী হিসেবে নিয়োজিত হয়েছিলেন। দল অসমে ২৯ জন নতুন জেলা সভাপতি নিয়োগ করেছিল। কংগ্রেস আসাম ইউনিটে ১৬ জন নতুন সহ-সভাপতি এবং ৩২ জন সাধারণ সম্পাদক, ৫১ জন সাধারণ সম্পাদক এবং ১৫ জন যুগ্ম-সম্পাদক নিয়োগ করেছে।

অসম প্রদেশ কংগ্রেস কমিটির রাজনৈতিক বিষয়ক জাম্বো কমিটিতে রয়েছেন জিতেন্দ্র সিং (পর্য্যবেক্ষক), ভূপেনকুমার বরা (প্রদেশ সভাপতি), দেবব্রত শইকিয়া (বিরোধী দলনেতা), রকিবুল হুসেন (বিরোধী উপ-দলনেতা), কার্য্যনির্বাহী সভাপতি যথাক্রমে পবনসিং ঘাটোয়ার, রাণা গোস্বামী, কমলাক্ষ দে পুরকায়স্থ ও জাকির হুসেন শিকদার, গৌরব গগৈ (সংসদ), প্রদ্যুত বরদলৈ (সাংসদ), আব্দুল খালেক (সাংসদ), প্রণতী ফুকন, বলিন কুলি, নন্দিতা দাস, অরুন বরা, ববিতা শর্মা, এমজিভিকে ভানু, নাজিবউল ওমর এবং রোসলিনা তির্কি।

# গোমতী জেলা ভিত্তিক শিশু উৎসব শুরু ২ এপ্রিল

**নিজস্ব প্রতিনিধি, চড়িলাম, ৩০ মার্চ।।** শিশু মনের বিকাশের আরেকটি অন্যতম দিক গান-বাজনা ও খেলাধুলা। শিশুদের এইসব নিয়ে উৎসাহিত করতে গোমতী জেলায় আবারো শুরু হতে যাচ্ছে শিশুদের প্রানের উৎসব শিশু উৎসব-২০২৩। নাচ, গান, আর্ট, আবৃত্তি, যেমন খুশি সাজো সহ বিভিন্ন রকমের সাংস্কৃতিক প্রতিযোগিতামূলক আসর নিয়ে প্রতিবারের মতো এবারও উদয়পুর সাংস্কৃতিক মঞ্চের উদ্যোগে আগামী ২রা এপ্রিল থেকে ৮ই এপ্রিল পর্যন্ত সাত দিনব্যাপী উদয়পুর শিশু উদ্যানে শুরু হতে যাচ্ছে গোমতী জেলা ভিত্তিক শিশু উৎসব। বৃহস্পতিবার বিকাল চারটায় শিশু উদ্যান প্রাঙ্গনে এক সাংবাদিক সম্মেলনের মাধ্যমে এ কথা জানান গোমতী জেলা ভিত্তিক শিশু উৎসব কমিটির আহ্বায়ক দীপঙ্কর চক্রবর্তী। তিনি জানান, এবার পঞ্চম বর্ষ জেলা ভিত্তিক শিশু উৎসব অনুষ্ঠিত হবে উদয়পুর পুর পরিষদ কার্যালয় সংলগ্ন শিশু উদ্যানে। এখন পর্যন্ত প্রায় এক হাজার দুশত অধিক শিশু, সোনামণি এই শিশু উৎসবে অংশগ্রহণ করার জন্য আবেদন পত্র সংগ্রহ করেছে। তার পাশাপাশি এই উৎসবে মোট ৯টি বিভাগে প্রতিযোগিতা চলবে। নৃত্য, সংগীত, রূপ ও সংলাপ, আবৃত্তি, তবলা লহরা, বসে আঁকো, গিটার, ক্রাফ, যোগাসন সহ অভিভাবক অভিভাবিকাদের জন্য পিঠে পুলি প্রতিযোগিতার মতো প্রতিযোগিতামূলক আসরের ব্যবস্থা করা হয়েছে। প্রতিযোগী প্রতিযোগিনির সংখ্যা বেশি হওয়ায় অন্যান্য বারের মতো এই বারও উদয়পুর শিশু উদ্যানের পাশাপাশি উদয়পুর টাউনহলের মঞ্চেও একই সাথে এই সাত দিন বিভিন্ন বিভাগের প্রতিযোগিতা চলবে। এ সকল প্রতিযোগিতামূলক আসরে সোনামণি থেকে অষ্টম শ্রেণী পর্যন্ত পাঠরত শিশুরা বিভিন্ন বিভাগে অংশগ্রহণ করতে পারবে। সাত দিনব্যাপী শিশু উৎসবকে আরো সুন্দর করে তুলতে মেলা প্রাঙ্গণে তৈরি করা হয়েছে বিভিন্ন অস্থায়ী স্টল।

সেই সকল স্টলে বিভিন্ন স্ব-সহায়ক দলের লোকেরা তাদের পরসা সাজিয়ে বসবে। আগামী ২রা এপ্রিল বিকাল ৪ টায় রাজ্যের অর্থ, পরিকল্পনা ও সমন্বয় এবং তথ্য ও সম্প্রচার দপ্তরের মন্ত্রী প্রনজিৎ সিংহ রায়ের হাত ধরে উদয়পুর শিশু উদ্যানে সাত দিনব্যাপী গোমতী জেলা ভিত্তিক শিশু উৎসবের শুভ উদ্বোধন হবে এবং আগামী ৮ই এপ্রিল বিকাল ৫টায় শিশু উদ্যানে অনুষ্ঠিত হবে সমাপ্তী অনুষ্ঠান ও পুরস্কার বিতরণী। এই প্রতিযোগিতামূলক আসরে বিভিন্ন প্রতিযোগিতায় সবথেকে বেশি পুরস্কার প্রাপ্ত তিনজন শিশুকে শ্রেষ্ঠ শিশুর শিরোপা তুলে দেওয়া হবে বলে জানান উৎসব কমিটির আহ্বায়ক ।সাংবাদিক সম্মেলনে অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন শিশু উৎসব কমিটির সহ-আহ্বায়ক তনয় দীপ রায়, সভাপতি তাপস দাস, কোষাধক্ষ্য গৌতম নন্দী এবং মেলা কমিটির সদস্য নন্দদুলাল দেবনাথ, শম্পা সরকার ও ঝুমা চক্রবর্তী। উৎসব কমিটির চেয়ারম্যান গোমতী জেলার জনসাধারণের কাছে জেলা ভিত্তিক এই শিশু উৎসবকে সার্বিকভাবে সাফল্যমন্ডিত করতে সকলের সহযোগিতার কামনা করেছেন। শিশু উৎসবকে কেন্দ্র করে শিশু ও অভিভাবকদের মধ্যে সাজ সাজ রব উঠেছে।

# সিপিএম আমলে 'চিরকুটে' চাকরির কথা মানলেন রাজাহাটের বিধায়ক তাপস চট্টোপাধ্যায়ও

বারাসত, ৩০ মার্চ (হি.স.) : উদয়ন গুহর পর এবার চিরকুটে চাকরি নিয়ে প্রশ্ন তুললেন রাজারহাট নিউটাউনের বিধায়ক তাপস চট্টোপাধ্যায়। বৃহস্পতিবার উত্তর ২৪ পরগনার বারাসাত জেলা পার্টি অফিসে বসে তাপস বলেন, বাম আমলে অনেক ভালো নম্বর পাওয়া ছেলেমেয়েকে শূন্য দেওয়া হয়েছে। আবার অনেক শূন্য পাওয়া মানুষের চাকরি হয়েছে। যদি কখনও মুখ্যমন্ত্রী তাঁর কাছে ওই লিস্ট চায়, তাহলে সেই লিস্ট তিনি মুখ্যমন্ত্রীর হাতে তুলেও দেবেন বলে জানান। তবে তিনি দাবি করেন, তিনি নিজে কখনও এই ধরনের চিরকুট দিয়ে কারও চাকরি করিয়ে দেননি। প্রসঙ্গত, তাপস চট্টোপাধ্যায় দীর্ঘদিন ধরে সিপিএম দলের সঙ্গে যুক্ত ছিলেন। ২০১১ সালে সিপিএমের হয়ে নির্বাচনেও দাঁড়িয়েছিলেন। কিন্তু তৃণমূলের পরিবর্তনের হাওয়ায় হেরে যান। পরবর্তীতে তাপস সিপিএম দল ছেড়ে তৃণমূলে যোগদান করেন। ২০২১ সালে তৃণমূল কংগ্রেসের হয়ে জিতে তিনি এখন বর্তমানে বিধায়ক। সিপিএমের আমলের চিরকুট চাকরি নিয়ে যখন রাজ্য রাজনীতি সরগরম। তখন ফের শাসকদলের আরও এক তৃণমূলের বিধায়কের মন্তব্যে ফের একবার চর্চা শুরু হয়েছে।

স্বত্বাধিকারী পরিতোষ বিশ্বাস কর্তৃক রেন্‌বো প্রিন্টিং ওয়ার্কস আগরতলা থেকে মুদ্রিত ও জাগরণ কার্যালয় এল এন বাড়ী লেইন, আগরতলা ত্রিপুরা থেকে প্রকাশিত। সম্পাদক-পরিতোষ বিশ্বাস।